

জ্যামাইকায় অগ্নিকাণ্ডে ১ জনের মৃত্যু

বাংলা পত্রিকা রিপোর্ট: কুইন্সের জ্যামাইকা একটি বাসায় আগুন লেগে একজনের মৃত্যুর খবর পাওয়া গেছে। তবে ওই মৃত ব্যক্তির পরিচয় জানা যায়নি। এফডিএনওয়াই জানিয়েছে, রবিবার বিকেল সাড়ের

বাকি অংশ ০০ পৃষ্ঠায়

হোয়াইট হাউজের প্রেস সেক্রেটারি হচ্ছেন ক্যারোলিন



বাংলা পত্রিকা ডেস্ক: ২৭ বছরের ক্যারোলিন হচ্ছেন হোয়াইট হাউজের প্রেস সেক্রেটারি। বিবিসির এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। ২৭ বছর বয়সি ক্যারোলিন ট্রাম্পের নির্বাচনী প্রচারণার মুখপাত্র ছিলেন। তিনিই হবেন যুক্তরাষ্ট্রের ইতিহাসে হোয়াইট

বাকি অংশ ০৯ পৃষ্ঠায়

The Weekly Bangla Patrika

সফলতার ২৮ বছর পেরিয়ে ২৯ এ পদার্পণ

বাংলা পত্রিকা

www.banglapatrikausa.com

বর্ষ ২৯ ॥ সংখ্যা ০৯ ॥ সোমবার অগ্রহায়ণ ০৩, ১৪৩১ ॥ জমাদিউল আউয়াল ১৫, ১৪৪৬ ॥ Vol. 29 ॥ Issue 09 / November 18, 2024 USA. Free in NY, Other State $1

ইসরাইলপন্থিদের নিয়োগে বেকায়দায় আমেরিকান মুসলিমরা

ডোনাল্ড ট্রাম্পের মন্ত্রিপরিষদে



বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের নব নির্বাচিত প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের মন্ত্রিপরিষদে ইসরাইল-পন্থিদের বিশাল নিয়োগ, মনোনয়নে হতাশায় পড়েছেন আমেরিকান মুসলিমরা। অথচ তারা গাজা, লেবানন যুদ্ধে ইসরাইলকে সমর্থন দেয়ার কারণে ডেমোক্রেট দলের বিরুদ্ধে প্রতিবাদ বিক্ষোভ করেছেন। সমর্থন দিয়েছেন রিপাবলিকান ডোনাল্ড ট্রাম্পকে। কিন্তু নির্বাচিত হওয়ার পর ডোনাল্ড ট্রাম্প তাঁর মন্ত্রিপরিষদে ইসরাইলপন্থিদের স্থান দেয়ার কারণে ক্ষোভ প্রকাশ করেছেন মুসলিম নেতারা। তাদের দাবি নির্বাচনের আগে ট্রাম্প ইউক্রেন ও গাজা যুদ্ধ বন্ধের প্রতিশ্রুতি দেন তাঁর প্রচারণায়। এজন্য অধিকাংশ আমেরিকান মুসলিমরা তাঁকে সমর্থন দেন। নির্বাচিত হয়ে ডোনাল্ড ট্রাম্প এর মন্ত্রিপরিষদে ইসরাইলপন্থি রক্ষণশীলদের নিয়োগে যুদ্ধ বন্ধের আশায় থাকা আমেরিকান মুসলিমরা বেকায়দায় পড়েছেন। পেনসিলভ্যানিয়াতে 'অ্যাবান্ডন হ্যারিস' প্রচারণার চেয়ার এবং 'মুসলিম ফর ট্রাম্প' গ্রুপের সহ-প্রতিষ্ঠাতা ফিলাডেলফিয়ার মুসলিম নেতা রবিউল চৌধুরী অন্যতম। তিনি একজন বিনিয়োগকারী। রবিউল চৌধুরী বলেন, আমাদের কারণে জিতেছেন ট্রাম্প। তিনি পররাষ্ট্রমন্ত্রী ও অন্যপদে যাদেরকে বাছাই করেছেন তাতে আমরা সন্তুষ্ট নই। উল্লেখ্য, মিশিগানে ট্রাম্পকে জয় পেতে সহায়তা করেন মুসলিমরা। অন্য সুইং স্টেটগুলোতেও তার জয় পাওয়ার ক্ষেত্রে মুসলিম ভোটার ফ্যাক্টর হিসেবে কাজ করেছে।

বার্তা সংস্থা রয়টার্স বলছে, ট্রাম্প এরই মধ্যে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী হিসেবে বেছে নিয়েছেন সিনেটর মার্কো রুবিওকে। রুবিও ইসরাইলের একজন কঠোর সমর্থক। রুবি এ বছর শুরুর দিকে বলেন, গাজায় যুদ্ধবিরতির আহ্বান জানাবেন না। তিনি মনে করেন হামাসের প্রতিটি উপাদানকে ধ্বংস করে দেয়া উচিত ইসরাইলের।

বাকি অংশ ১৩ পৃষ্ঠায়



সংস্কার শেষে নির্বাচনের রোডম্যাপ

- সংস্কারের জন্য নির্বাচন কয়েক মাস বিলম্বিতও করা যেতে পারে।
- কয়েক দিনের মধ্যে নির্বাচন কমিশন গঠিত হবে।
- শেখ হাসিনাকে ভারত থেকে ফেরত চাইব।
- দ্রব্যমূল্য নিয়ে সরকারের কোনো লুকোছাপা নেই।

বাংলা পত্রিকা ডেস্ক: অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস বলেছেন, নির্বাচনী সংস্কারের সিদ্ধান্ত হয়ে গেলে খুব দ্রুত নির্বাচনের রোডম্যাপও (রূপরেখা) পাওয়া যাবে। প্রয়োজনীয় কিছু অত্যাবশ্যকীয় সংস্কারকাজ শেষ করেই নির্বাচনের আয়োজন করা হবে। তবে নির্বাচনের ট্রেন যাত্রা শুরু করেছে। এটা আর থামবে না। অবশ্য সংস্কারের জন্য নির্বাচন

প্রধান উপদেষ্টা ড. ইউনূস

কয়েক মাস বিলম্বিতও করা যেতে পারে। অন্তর্বর্তী সরকারের ১০০ দিন পূর্তি উপলক্ষে গতকাল রোববার জাতির উদ্দেশে দেওয়া ভাষণে এ কথাগুলো বলেন প্রধান উপদেষ্টা।

বাকি অংশ ১২ পৃষ্ঠায়

বাংলাদেশে হিন্দু নির্যাতন নিয়ে যা বলেছিলেন তুলসী গ্যাবার্ড



বাংলা পত্রিকা ডেস্ক: বাংলাদেশে ২০২১ সালে দুর্গাপূজার সময় সহিংসতার ঘটনায় মন্তব্য করেছিলেন যুক্তরাষ্ট্রের গোয়েন্দা সংস্থার নতুন পরিচালক হতে যাওয়া তুলসী গ্যাবার্ড। সে সময় তাঁর নিজের এক্সে (সাবেক টুইটার) পোস্ট করে লিখেন' বাংলাদেশের তথাকথিত ধর্মনিরপেক্ষ সরকার দেশের ধর্মীয় সংখ্যালঘুদের ঘৃণার জিহাদি শক্তির হাত থেকে রক্ষা করুক'। যুক্তরাষ্ট্রের নবনির্বাচিত প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দেশটির ন্যাশানাল সিকিউরিটি এজেন্সির ডিরেক্টর (পরিচালক) হিসেবে তুলসী গ্যাবার্ডকে বেছে নিয়েছেন। দেশটিতে হিন্দুদের বিষয়ে ধারাবাহিকভাবে সোচ্চার হতে দেখা গেছে সাবেক ডেমোক্র্যাট এবং বর্তমান রিপাবলিকান তুলসী গ্যাবার্ডকে। এ ছাড়া অতীতে বাংলাদেশে হিন্দু নির্যাতনের বিরুদ্ধেও সোচ্চার ছিলেন তিনি।

বিবিসির একটি প্রতিবেদনে বলা হয়েছে, ২০২১ সালে দুর্গাপূজার সময় বাংলাদেশে সহিংসতা দেখা যায়। শতাধিক হিন্দু পরিবারের ওপর হামলার ঘটনা ঘটে। সেই সময় বহু হিন্দু মন্দির, বাড়িঘর ও

বাকি অংশ ১৩ পৃষ্ঠায়

অপসাংবাদিকতার অভিযোগে

ভারতীয় গণমাধ্যমকে হুশিয়ারি বাংলাদেশের দুই উপদেষ্টার

বাংলা পত্রিকা রিপোর্ট: অপসাংবাদিকতা ও গুজব প্রচারের অভিযোগে ভারতীয় গণমাধ্যমকে হুশিয়ারী দিলেন অন্তবর্তী সরকারের স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অবঃ) জাহাঙ্গীর আলম চৌধুরী এবং তথ্য ও সম্প্রচার উপদেষ্টা নাহিদ ইসলাম। ভারতীয় গণমাধ্যম আমাদের সরকারকে নিয়ে ভুল সংবাদ প্রচার ও মিথ্যাচার করে যাচ্ছে অভিযোগ করে তাঁরা বলেন, এ বিষয়ে ভারতের একটা সীমা টানা উচিত।

জানা গেছে, অন্তবর্তী সরকার দায়িত্ব নেয়ার পর থেকেই চটকদার হেডলাইনের মাধ্যমে ভারতের

বাকি অংশ ০৯ পৃষ্ঠায়

বাংলাদেশ বিরোধীতায় তৎপর ভারতীয় আমেরিকানরা

বাংলা পত্রিকা রিপোর্ট: বাংলাদেশ বিরোধী জোরদার তৎপরতায় ভারত। জানুয়ারীতেই বাংলাদেশের ওপর অর্থনৈতিক নিষেধাজ্ঞা দিতে ট্রাম্প প্রশাসনকে আহ্বান করবেন ভারতীয় বংশোদ্ভূত আমেরিকনরা। এদিকে বাংলাদেশে নিষিদ্ধের আশংকা ইস্যুতে ভারত ও যুক্তরাষ্ট্রের হস্তক্ষেপ চেয়েছেন ইসকন।

জানা গেছে, যুক্তরাষ্ট্রের নির্বাচনের আগে বাংলাদেশে হিন্দু সম্প্রদায়ের ওপর হামলার নিন্দা জানিয়ে প্রেসিডেন্ট নির্বাচনের আগে একটি বিবৃতি দিয়েছিলেন ডোনাল্ড ট্রাম্প। ওই বিবৃতির পরিপ্রেক্ষিতে অর্থনৈতিক নিষেধাজ্ঞাসহ বাংলাদেশের অন্তবর্তী সরকারের বিরুদ্ধে নানা

ট্রাম্পের কাছে অর্থনৈতিক নিষেধাজ্ঞার প্রস্তাব

ব্যবস্থা নিতে যুক্তরাষ্ট্রের পরবর্তী প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রশাসনের প্রতি আহ্বান জানাবেন ভারতীয় বংশোদ্ভূত আমেরিকানরা। ভারতীয় রাষ্ট্রীয় গণমাধ্যম পিটিআইকে দেয়া এক সাক্ষাতকারে ভারতীয় বংশোদ্ভূত মার্কিন জনগোষ্ঠীর প্রভাবশালী নেতা চিকিৎসক ভরত বড়াই এ কথা জানিয়েছেন। বাংলাদেশের ওপর অর্থনৈতিক নিষেধাজ্ঞা দেওয়ার জন্য ট্রাম্প

বাকি অংশ ০৯ পৃষ্ঠায়

নিউইয়র্কে দুর্ঘটনা প্রবণ এলাকা ব্রঙ্কস!

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্কের ৫টি বোরোর মধ্যে ব্রঙ্কসকে সবচেয়ে বেশি ট্রাফিক দুর্ঘটনা প্রবণ এলাকা চিহ্নিত করা হয়েছে। এক গবেষণায় বলা হয়েছে, ব্রঙ্কসের বাসিন্দাদের ট্রাফিক দুর্ঘটনায় পড়ার সম্ভাবনা নিউইয়র্কের অন্য স্থানের চেয়ে বেশি। মূলত: পরিবহন পরিবর্তন এবং নিরাপদ রাস্তার ওপর ভিত্তি করে এ এলাকায় বসবাসরত পরিবারগুলোর সাথে কথা বলে এমন তথ্য পেয়েছে গবেষণায় থাকা দল। চলতি বছরের প্রথম নয় মাসের দুর্ঘটনার তথ্য বিশ্লেষণ করে দেখা গেছে, ব্রঙ্কসে

বাকি অংশ ০৯ পৃষ্ঠায়





















সেলিম-আলী প্যানেলের বিজয় উল্লাস

(শেষ পৃষ্ঠার পর)

'সেলিম-আলী' প্যানেলের নির্বাচন পরিচালনা কমিটির কেন্দ্রীয় আহ্বায়ক শাহ নেওয়াজের সভাপতিত্বে সোমবার (১১ নভেম্বর) সন্ধ্যায় আয়োজিত অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন, গীতা ও বাইবেল থেকে পাঠ করার বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের জাতীয় সঙ্গীত পরিবেশন করা হয়। কোরআন থেকে তেলাওয়াতের পর বিশেষ মহান আল্লাহতায়ালার দরবারে বিশেষ দোয়া পরিচালনা করেন সোসাইটির নবনির্বাচিত সমাজকল্যাণ সম্পাদক জামিল আনসারী। গীতা থেকে পাঠ করেন সানি গুপ আর বাইবেল থেকে পাঠ করেন ডা. টমাস দুলু রায়। এরপর বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ সহ দেশের সকল গণতান্ত্রিক আন্দোলনে নিহতদের স্মরণে দাঁড়িয়ে এক মিনিট নিরবতা পালন করা হয়।

১২ নভেম্বর মঙ্গলবার স্থানীয় গোল্ডেন প্যালেসে এ অনুষ্ঠানের আয়োজন করে প্যানেলটির ব্রঙ্কস বরো নির্বাচন পরিচালনা কমিটির আয়োজনে 'সেলিম-আলী' প্যানেলের নিরঙ্কুশ বিজয় উদযাপনে ব্রঙ্কসে 'বিজয় উল্লাস ও নৈশভোজ' অনুষ্ঠিত হয়েছে। এদিকে উডসাইডের তিব্বত কমিউনিটি সেন্টারে আয়োজিত অনুষ্ঠানের মাঝে বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে বিজয়ী 'সেলিম-আলী' প্যানেলের প্রার্থীদের ফুল দিয়ে শুভেচ্ছা জানানোর সময় কোন কোন সংগঠনের নেতৃবৃন্দের বিভক্তির ফলে উত্তেজনা ও বাক-বিতন্ডার সৃষ্টি হয়। উদ্ভূত পরিস্থিতে সংগঠনগুলোর পক্ষ থেকে শুভেচ্ছা গ্রহণ পর্ব স্থগিত করা হয়। পরে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন আয়োজকরা।

এসময় বাংলাদেশ সোসাইটির সভাপতি আব্দুর রব মিয়া, 'সেলিম-আলী' প্যানেলের নির্বাচিত সভাপতি আতাউর রহমান সেলিম ও সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, এই প্যানেলের নির্বাচন পরিচালনা কমিটির চেয়ারম্যান আজমল হোসেন কুনু, প্রধান উপদেষ্টা মোহাম্মদ হোসেন খান, প্রধান সমন্বয়কারী আজহারুল হক মিলন, যুগ্ম আহ্বায়ক কাজী আজম, নব নির্বাচিত সিনিয়র সহ সভাপতি মহিউদ্দিন দেওয়ান ও সহ সভাপতি কামরুজ্জামান কামরুল সহ জ্যামাইকা, ওজনপার্ক, ব্রুকলীন, উডসাউড ও ব্রঙ্কস এলাকার নির্বাচন পরিচালনা কমিটির নেতৃবৃন্দ মঞ্চে ছিলেন।

অনুষ্ঠানে কেন্দ্রীয় নির্বাচন পরিচালনা কমিটির শীর্ষ নেতৃবৃন্দ নির্বাচিত কর্মকর্তাদের হাতে ফুল দিয়ে শুভেচ্ছা জানান এবং বরণ করে নেন। এছাড়াও শুভেচ্ছা বক্তব্য পর্বে সোসাইটির সভাপতি আব্দুর রব মিয়া, আজমল হোসেন কুনু, আতাউর রহমান সেলিম, মোহাম্মদ আলী, মহিউদ্দিন দেওয়ান ও কামরুজ্জামান কামরুল সংক্ষিপ্ত বক্তব্য রাখেন। যৌথভাবে অনুষ্ঠানটি পরিচালনায় ছিলেন 'সেলিম-আলী' প্যানেলের নির্বাচন পরিচালনা কমিটির সদস্য সচিব তোফায়েল ইসলাম ও যুগ্ম আহ্বায়ক সিরাজ উদ্দিন আহমেদ সোহাগ।

আব্দুর রব মিয়া তার বক্তব্যে বলেন, সোসাইটি সভাপতি হিসেবে আমি সবার। নির্বাচনে যারা পরাজিত হয়েছেন তারাও আমার লোক, আর যারা বিজয়ী হয়েছেন তারাও আমার লোক। সবাইকে আমি শুভেচ্ছা, অভিনন্দন জানাই। তিনি বলেন, নির্বাচন শেষ সোসাইটি এখন আমাদের সবার। সোসাইটির যেকোন প্রয়োজনে তিনি সবসময় এক সাথে কাজ করার প্রতিশ্রুতি দেন।

নির্বাচিত সভাপতি আতাউর রহমান সেলিম বলেন, আমরা দুই প্যানেল থেকে নির্বাচন করেছি। নির্বাচন শেষে এখন আমরা সবাই এক প্যানেলের। এখন আর 'সেলিম-আলী' বা 'রুহুল-জাহিদ' প্যানেল নয়, সবাই বাংলাদেশ সোসাইটির প্যানেল। তিনি কমিউনিটি সেন্টার প্রতিষ্ঠাসহ তার প্যানেলের নির্বাচনী প্রতিশ্রুতি বাস্তবায়নের অঙ্গীকার করেন এবং এজন্য সকল বাংলাদেশীর সার্বিক সহযোগিতা কামনা করেন।

নির্বাচিত সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী বলেন, সোসাইটির সম্মানিত ভোটাররা ভোট নিয়ে 'সেলিম-আলী' প্যানেলের সকল প্রার্থীকে নির্বাচিত করে যে সম্মান দেখিয়েছেন তার জন্য আমরা সবার কাছেই কৃতজ্ঞ।

শাহ নেওয়াজ তার বক্তব্যে 'সেলিম-আলী' প্যানেলেকে নির্বাচিত এবং বিজয় উৎসব অনুষ্ঠানটি সফল করায় সবার প্রতি কৃতজ্ঞতা জানান।

সবশেষে ছিলো নৈশ ভোজের পাশাপাশি মনোজ্ঞ সঙ্গীতানুষ্ঠান। এতে রানো নেওয়াজ সহ প্রবাসের জনপ্রিয় শিল্পীরা সঙ্গীত পরিবেশন করেন। এই পর্ব পরিচালনায় ছিলেন সোসাইটির নব নির্বাচিত সাংস্কৃতিক সম্পাদক অনিক রাজ।

এদিকে বাংলাদেশ সোসাইটির নির্বাচনে 'সেলিম-আলী' প্যানেলের নিরঙ্কুশ বিজয় উদযাপনে ব্রঙ্কসে 'বিজয় উল্লাস ও নৈশভোজ' অনুষ্ঠিত হয়েছে। গত ১২ নভেম্বর মঙ্গলবার স্থানীয় গোল্ডেন প্যালেসে এ অনুষ্ঠানের আয়োজন করে প্যানেলটির ব্রঙ্কস বরো নির্বাচন পরিচালনা কমিটি। কমিটির আহবায়ক ও ফেঞ্চুগঞ্জ সমিতি ইউএসএ'র সভাপতি মাহবুব আলমের সভাপতিত্বে এবং সদস্য সচিব শামীম আহমেদের সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন প্যানেলের কেন্দ্রীয় নির্বাচন পরিচালনা কমিটির আহবায়ক, বিশিষ্ট ব্যবসায়ী ও সাপ্তাহিক আজকাল সম্পাদক শাহ নেওয়াজ, নির্বাচন পরিচালনা কমিটির চেয়ারম্যান আজমল হোসেন কুনু, বাংলাদেশ সোসাইটির ট্রাস্টি বোর্ডের সদস্য বোরহান উদ্দিন, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা'র সভাপতি বদরুল হোসেন খান, বিয়ানীবাজার সমিতি ইউএসএ'র উপদেষ্টা কিনু চৌধুরী প্রমুখ।

অনুষ্ঠানে নবনির্বাচিত সভাপতি আতাউর রহমান সেলিম ও সাধারণ সম্পাদক মোহাম্মদ আলীর নেতৃত্বে প্যানেলের নবনির্বাচিত কর্মকর্তাদেরকে ফুল দিয়ে বরণ করা হয়।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন জুনেদ আহমেদ চৌধুরী, আব্দুল হাসিম হাসনু, এ ইসলাম মামুন, সোহান আহমেদ টুটুল, ফয়সল আহমেদ, রেজা আব্দুল্লাহ, সামাদ মিয়া জাকের, মোতাহার রুবেল, ইমরান আলী টিপু, খন্দকার মো: আব্দুল বাকী, রেজাউল হক রুহেল, লিয়াকত আলী, সরওয়ার চৌধুরী, শাহ কামাল, বুরহান উদ্দিন, সাব্বির হোসেন, দীপঙ্কর দেব, কাজী রবিউজ্জামান, শাহ বদরুজ্জামান রুহেল, হুমায়ুন কবির সোহেল, আবুল কালাম আজাদ টিপু, সাদিকুর রহমান, সোহেল আহমেদ, শেখ অলি আহাদ, সাইদুর রহমান সেলিম, মাসুম আহমেদসহ ব্রঙ্কস কমিটির নেতৃবৃন্দ। অনুষ্ঠানে বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে ছিলো সঙ্গীতানুষ্ঠান। এতে প্রবাসের জনপ্রিয় কণ্ঠ শিল্পী রানো নেওয়াজ, নবনির্বাচিত সাংস্কৃতিক সম্পাদক অনিক রাজ এবং শিল্পী রেশমি মির্জা পরিবেশন করেন। নৈশ ভোজের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

নির্বাচন নিয়ে প্রধান উপদেষ্টার স্পষ্ট ঘোষণা নেই, হতাশ রাজনৈতিক দলগুলো

বাংলা পত্রিকা ডেস্ক: জাতির উদ্দেশে দেওয়া প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের দেওয়া ভাষণে নির্বাচন নিয়ে স্পষ্ট ঘোষণা না থাকায় হতাশা প্রকাশ করেছে রাজনৈতিক দলগুলো।


রোববার অন্তর্বর্তী সরকারের ১০০ দিন পূর্তি উপলক্ষে জাতির উদ্দেশে ভাষণ দেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। ভাষণে নির্বাচন নিয়ে তিনি বলেন, 'নির্বাচনের ট্রেন যাত্রা শুরু করেছে। এটা আর থামবে না। কিন্তু যেতে যেতে আমাদের অনেকগুলো কাজ সেরে ফেলতে হবে। এই ট্রেন শেষ স্টেশনে কখন পৌঁছাবে, সেটা নির্ভর করবে কত তাড়াতাড়ি আমরা তার জন্য রেললাইনগুলো বসিয়ে দিতে পারি। আর তা হবে রাজনৈতিক দলসমূহের ঐকমত্যের মাধ্যমে।'

নির্বাচন নিয়ে প্রধান উপদেষ্টার এই বক্তব্য প্রসঙ্গে বিএনপির ভাইস চেয়ারম্যান শামসুজ্জামান দুদু বলেন, 'কোন দিনে, কোন মাসে নির্বাচন অনুষ্ঠিত হবে সেটা দেশবাসী স্পষ্ট করে জানতে চায়। দিন-মাস-সময় ব্যতিরেকে তিনি (প্রধান উপদেষ্টা) অন্য সব কথাই বলেছেন। যেটা প্রয়োজনীয়, সেই কথাটাই জানা হলো না।'

বিএনপির এই নেতা আরও বলেন, 'তিনি (প্রধান উপদেষ্টা) নির্বাচনের কথা বলেছেন। কিন্তু কবে হবে, সেই বিষয়টা খোলাসা করেননি। সেটা খোলাসা করলে ভালো হতো। সংস্কার আর নির্বাচন পাশাপাশি চলে। নির্বাচনের জন্য যতটুকু সংস্কার দরকার, তা করলে আমরা খুশি হই, দেশবাসী খুশি হয়। কিন্তু সেটা যদি স্পষ্ট না হয়, তাহলে জটিলতা বাড়ার সম্ভাবনা আছে।'

যদিও সরকারের ওপর আস্থা রাখার কথা জানিয়ে বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেন, 'একটা শক্তিশালী গণতন্ত্র প্রতিষ্ঠা করতে যে কাজ করা দরকার। সে ক্ষেত্রে উনি (ড. ইউনূস) সেটা করবেন বলে আমি বিশ্বাস করি। স্বৈরাচার বিদায় হওয়ার পরে জাতি যে দায়িত্ব দিয়েছে, সেখান থেকে জাতির আশা-আকাঙ্ক্ষার সঙ্গে মিল রেখেই তিনি কাজ করবেন। যেখানে গণতন্ত্রকে আরও বেশি শক্তিশালী করা যায়। এই পথেই উনি থাকবেন এটা আমার বিশ্বাস।'

এদিকে সরকারপ্রধানের বক্তব্য আরও স্পষ্ট করার তাগিদ এসেছে জামায়াতে ইসলামীর পক্ষ থেকে। দলটির নায়েবে আমির সৈয়দ আবদুল্লাহ মোহাম্মদ তাহের বলেন, 'আমাদের কথা হচ্ছে সুস্পষ্টভাবে সংস্কার ও নির্বাচনের রোডম্যাপ যত দ্রুত সম্ভব জনগণের কাছে পরিষ্কার করা দরকার। আমরা মনে করি, সবকিছু সংস্কার করা তো অন্তর্বর্তীকালীন সরকারের পক্ষে সম্ভব নয়। জরুরি সংস্কার, যেমন নির্বাচন কমিশন সংস্কার, বিচার বিভাগের সংস্কার, সংবিধানের কিছু বিষয়ে সংস্কার করেই নির্বাচন অনুষ্ঠানে তাঁদের বেশি মনোযোগী হওয়া উচিত। সরকারপ্রধানের বক্তব্যে আমরা আশাহত নই। তবে তাঁর বক্তব্যকে আরও স্পষ্ট করার জন্য অনুরোধ করব।'



> 'কোন দিনে, কোন মাসে নির্বাচন অনুষ্ঠিত হবে সেটা দেশবাসী স্পষ্ট করে জানতে চায়। দিন-মাস-সময় ব্যতিরেকে তিনি (প্রধান উপদেষ্টা) অন্য সব কথাই বলেছেন। যেটা প্রয়োজনীয়, সেই কথাটাই জানা হলো না।'
>
> বিএনপির ভাইস চেয়ারম্যান শামসুজ্জামান দুদু

> 'একটা শক্তিশালী গণতন্ত্র প্রতিষ্ঠা করতে যে কাজ করা দরকার। সে ক্ষেত্রে উনি সেটা করবেন বলে বিশ্বাস করি। স্বৈরাচার বিদায় হওয়ার পরে জাতি যে দায়িত্ব দিয়েছে, জাতির আশা-আকাঙ্ক্ষার সঙ্গে মিল রেখেই তিনি কাজ
>
> বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী

> 'আমাদের কথা হচ্ছে সুস্পষ্টভাবে সংস্কার ও নির্বাচনের রোডম্যাপ যত দ্রুত সম্ভব জনগণের কাছে পরিষ্কার করা দরকার। আমরা মনে করি, সবকিছু সংস্কার করা তো অন্তর্বর্তীকালীন সরকারের পক্ষে সম্ভব নয়।'
>
> জামায়াতে ইসলামীর নায়েবে আমির সৈয়দ আবদুল্লাহ মোহাম্মদ তাহের

বিএনপির সঙ্গে যুগপৎ আন্দোলন করা সমমনা জোট গণতন্ত্র মঞ্চের নেতা ও বিপ্লবী ওয়ার্কার্স পার্টির সাধারণ সম্পাদক সাইফুল হক বলেন, 'তিনি (প্রধান উপদেষ্টা) বলেছেন নির্বাচনী ট্রেন যাত্রা শুরু করেছে। এই ট্রেনের শেষ স্টেশন সম্পর্কে জনগণ ও রাজনীতিবিদদের ধারণা দিতে পারলে নির্বাচন নিয়ে যে অনিশ্চয়তা আছে, তা অনেকখানি কেটে যেত। নির্বাচন অনুষ্ঠানের নির্দিষ্ট কোনো সময় উল্লেখ করেননি। অস্পষ্টতার জায়গাটা রয়েই গেল। এটা নিয়ে জনগণ এবং রাজনৈতিক মহলে বিভ্রান্তি সৃষ্টির সুযোগ থেকে যাচ্ছে।'

তিনি বলেন, 'আগামী বছরের মধ্যে নির্বাচন হবে, এ রকম একটা কিছু বললেও দেশবাসী, ভোটার বা রাজনৈতিক দলগুলো এ বিষয়ে স্বস্তি পেত। তখন বোঝা যেত আমাদের আরও তিন মাস বেশি লাগবে না কি, তিন মাস কম সময় লাগবে।'

'ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যালামনাই এসোসিয়েশন'র নতুন কমিটি ঘোষণা





বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রস্থ 'ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যালামনাই এসোসিয়েশন' (ঢাবিএ) এর ২০২৫-২০২৬ মেয়াদের নয়া কমিটি ঘোষণা করা হয়েছে। প্রাচ্যের অক্সফোর্ড খ্যাত 'ঢাকা বিশ্ববিদ্যালয়'র ইতিহাস-ঐতিহ্যের পরিপূরক কর্মকাণ্ড সুদূর প্রবাসেও অব্যাহত রাখার সংকল্পে নিউইয়র্কে জ্যামাইকায় একটি পার্টি হলে ১৪ নভেম্বর অনাড়ম্বর এক অনুষ্ঠানে এ কমিটি ঘোষণা করা হয়।

ঢাবিএ'র নির্বাচন কমিশনের চেয়ারম্যান আব্দুল আওয়াল সিদ্দিকী বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত কমিটির তালিকা ঘোষণা করেন। এ সময় উপস্থিত ছিলেন নির্বাচন কমিশনের ডেপুটি চেয়ারম্যান খোরশেদ চৌধুরী এবং ড. মোহাম্মদ আরিফ।

২৮ বছরের পুরনো এই সংগঠনের অনৈক্য কাটিয়ে উঠতে নিরন্তর প্রয়াসের ফসল হিসেবে নয়া কমিটির সভাপতি হয়েছেন এম এস আলম এবং সাধারণ সম্পাদক হয়েছেন মো. রুহুল আমিন সরকার। অপর কর্মকর্তারা হলেন সিনিয়র ভাইস প্রেসিডেন্ট-মো. গোলাম মোস্তফা, ভাইস প্রেসিডেন্ট-দেওয়ান মহিউদ্দিন এবং আব্দুল মতিন, সহকারি সাধারণ সম্পাদক-মো. ইউসুফ আলী, কোষাধ্যক্ষ-মো. হানিফ মজুমদার, সাংগঠনিক সম্পাদক-ইকবাল মোর্শেদ, সাংস্কৃতিক সম্পাদক-শামসুন্নাহার নুপুর, দফতর সম্পাদক-মো. লিয়াকত আলী, প্রচার ও গবেষণা সম্পাদক-মো. আলমগীর শরিফ, তথ্য-প্রযুক্তি এবং সামাজিক মিডিয়া সম্পাদক-ইশতিয়াক ফিরোজ। নির্বাহী সদস্যরা হলেন মো. শামসুদ্দিন গাজী, মো. আজহার আলী খান, সাইফুল ইসলাম ভূঁইয়া, সুশীল সিনহা এবং বেলাল মাহমুদ।

একইসাথে সভাপতিমণ্ডলীর নাম ঘোষণা করা হয়। তাঁরা হলেন সাঈদা আকতার লিলি, মোহাম্মদ হোসেন খান, স্বপন কে বড়ুয়া, আবুল আজাদ তালুকদার, মোহাম্মদ তাজুল ইসলাম এবং মোল্লা মনিরুজ্জামান।

এ সময় বিদায়ী কমিটির কর্মকর্তারা নয়া কমিটিকে শুভেচ্ছা জানিয়ে বলেন, সম্মুখে এগিয়ে চলতে সকল সহযোগিতা অব্যাহত থাকবে।

উপস্থিত সকলের প্রতি গভীর কৃতজ্ঞতা জানিয়ে নব নির্বাচিত সভাপতি এম এস আলম এবং সেক্রেটারি রুহুল আমিন সরকার বলেন, যুক্তরাষ্ট্রে বসবাসরত ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক সকল শিক্ষার্থীকে এই সংগঠনে জড়ো করা হবে এবং সকল কর্মকাণ্ডকে আরো গতিশীল করতে আমরা সরব থাকবো।

নিউইয়র্কে 'দরদ' সিনেমার প্রিমিয়ার শো



বাংলা পত্রিকা রিপোর্ট: বায়োস্কোপ ফিল্মস এর আয়োজনে ৪৮তম সিনেমা 'দরদ' প্রিমিয়ার শো অনুষ্ঠিত হয়েছে নিউইয়র্কে। ১৫ নভেম্বর শুক্রবার সন্ধ্যায় নিউইয়র্কের দুই মুভি থিয়েটার কুইন্সের কিউ গার্ডেন সিনেমাস এবং লং আইল্যান্ডের শো কেস সিনেমাস ডি লাক্স ব্রডওয়ে তে 'দরদ' শুভমুক্তি পেয়েছে। পরের এক সপ্তাহ জুড়ে প্রতিদিন ৩/৪ টি শো নিয়ে চলবে সিনেমাটি।

'দরদ' ভারত-বাংলাদেশ যৌথ প্রযোজনায় নির্মিত মনস্তাত্ত্বিক থ্রিলার চলচ্চিত্র। এটি রচনা ও পরিচালনা করেছেন অনন্য মামুন। বাংলাদেশের অ্যাকশন কাট এন্টারটেইনমেন্ট, কিবরিয়া ফিল্মস, কলকাতার এসকে মুভিজ ও মুম্বাইয়ের ওয়ান ওয়ার্ল্ড মুভিজের ব্যানারে সহ-প্রযোজনা করেছেন সরদার সানিয়াত হোসেন, কামাল মোহাম্মদ কিবরিয়া লিপু এবং হিমাংশু ধানুকা। ছবিটিতে প্রধান চরিত্রে অভিনয় করেছেন শাকিব খান ও ভারতের সোনাল চৌহান। এটি ভারত-বাংলাদেশ যৌথ প্রযোজনার প্রথম সর্ব ভারতীয় চলচ্চিত্র। দরদ সিনেমায় মিউজিক ডিরেক্টর ও হিন্দি ভার্সনের কথা লিখেছেন আরাফাত মেহমুদ এবং বাংলা ভার্সনের কথা লিখেছেন জাহিদ আকবর, সোমেশ্বর অলি এবং সুদীপ কুমার দীপ। সারেগামাপা খ্যাত মাইনুল আহসান নোবেল দরদ সিনেমার গানে কণ্ঠ দিয়েছেন।

ছাত্রজনতার অভ্যুত্থানের পর বড় পরিসরের সিনেমা 'দরদ' মুক্তি পেয়েছে। শাকিব খানের এই সিনেমা নিয়ে ভক্তদের উচ্ছ্বাস ও উন্মাদনার কমতি ছিল না। দেশের সত্তরটি সিনেমা হলে মুক্তি পেয়েছে "দরদ"। উত্তর আমেরিকার নিউ ইয়র্ক, লস এনেজলেস, সান ফ্রানসিসকো, বোস্টন, হার্টফোর্ড, কানেকটিকাট সহ পর্যায় ক্রমে বেশ কয়েকটি শহরে চলবে "দরদ"। গত শুক্রবার সন্ধ্যায় কিউ গার্ডেনস এই প্রিমিয়ার শোতে উপস্থিত ছিলেন আজকাল সম্পাদক ও গোল্ডেন এজ গ্রুপ এর কর্ণধার শাহনেওয়াজ, বর্ষীয়ান অভিনেতা আহমেদ শরীফ, দর্শক নন্দিত চিত্র নায়িকা মন্দিরা চক্রবর্তী, ভোয়েস অফ আমেরিকার প্রাক্তন সাংবাদিক আকবর হায়দার কিরন সহ আরো অনেকে। অন্যান্যের মধ্যে উপস্তিত ছিলেন প্রথম আলো উত্তর আমেরিকা'র সম্পাদক ইব্রাহীম চৌধুরী খোকন, মোহাম্মদ সাইদ, মনোয়ারুল ইসলাম, মনজুরুল হক, রাশেদ আহমেদ, গ্যালাক্সী মিডিয়ার বদরুদ্দোজা সাগর, শো টাইম মিউজিক এর আলমগির আলম, আবীর আলমগীর, আহসান হাবিব, অনিক রাজ, বেলাল আহমেদ, তোফাজ্জল লিটন,মোহাম্মদ রশিদ, আবুল কাশেমসহ সাংবাদিক বৃন্দ।

সবাইকে স্বাগত জানিয়ে বায়োস্কোপ ফিল্মস এর কর্ণধার রাজ হামিদ বলেন , "আজ আমাদের ৪৮ তম পরিবেশনায় আপনাদের কাছে পেয়ে, আমাদের এতো বন্ধুদের কাছে পেয়ে আমরা আনন্দিত। মেগা স্টার শাকিব খান এর আরো একটি উল্লেখ যোগ্য কাজ আমরা আজকে দেখবো। আমার দৃঢ় বিশ্বাস , দরদ আমেরিকা প্রবাসী বাংলা ছবির দর্শকদের মন ছুয়ে যাবে।"

সাপ্তাহিক আজকাল সম্পাদক শাহ নেওয়াজ ও ব্যবস্থাপনা সম্পাদক ছবিটির ব্যবসায়িক সাফল্য কামনা করেন।

The Weekly Bangla Patrika
Editor: Abu Taher
Tel: 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

অন্তর্বর্তী সরকারের ১০০ দিন

সর্বত্র জনপ্রত্যাশা প্রতিফলিত হোক

> বিশ্বব্যাংকের নতুন প্রকাশিত বাংলাদেশ ডেভেলপমেন্ট আপডেটে দেশের অর্থনীতির জন্য চারটি চ্যালেঞ্জের কথা বলা হয়েছে। যার মধ্যে রয়েছে মূল্যস্ফীতি, বহিস্থ খাতের চাপ, আর্থিক খাতের দুর্বলতা এবং রাজনৈতিক অনিশ্চয়তা। সরকারকে অর্থনীতির এসব চ্যালেঞ্জ সামলাতে হবে।

দেখতে দেখতে ১০০ দিন পার করল অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকার। ফ্যাসিবাদের জাঁতাকলে পিষ্ট হয়ে সাড়ে ১৫ বছর ধরে দেশের মানুষ মুক্ত-স্বাধীনভাবে নিঃশ্বাস নিতে পারছিলেন না। শেখ হাসিনার ফ্যাসিবাদী দুঃশাসন এতটা জেঁকে বসেছিল যে, সরকারবিরোধী রাজনৈতিক দলগুলো সে দুঃশাসনের অবসানে রীতিমতো হিমশিম খাচ্ছিল। অবশেষে রক্তপিচ্ছিল পথ মাড়িয়ে ছাত্র-জনতার সম্মিলিত আন্দোলনে ৫ আগস্ট গণ-অভ্যুত্থানের মাধ্যমে ফ্যাসিবাদের অবসান হয়েছে। ৮ আগস্ট গঠিত হয়েছে অন্তর্বর্তী সরকার।

গণ-অভ্যুত্থান পরবর্তী গঠিত সরকারের প্রধান কাজ ছিল দেশে আইনশৃঙ্খলা পরিস্থিতি ফিরিয়ে আনা। সরকার ওই জায়গায় মনোযোগ দিলেও পুরোপুরি সফলতা আসেনি। সন্দেহ নেই, এটির অন্যতম কারণ বিপ্লব-উত্তর পুলিশ বাহিনীর পলায়ন। শেখ হাসিনা পুলিশ বাহিনীকে এমনভাবে দলীয়করণের মাধ্যমে ধ্বংস করেছে, এ থেকে বেরিয়ে আসতে অনেক সময়ের প্রয়োজন। যদিও আইনশৃঙ্খলা স্থিতিশীল রাখতে সেনাবাহিনীকে মাঠে নামানো হয়েছে; তাতেও স্বস্তি মিলছে না। সরকারকে আইনশৃঙ্খলা পরিস্থিতি স্থিতিশীল রাখতে আরো কঠোর ভূমিকা পালন করতে হবে।

গণহত্যার দায়ে বিভিন্ন জনের নামে বাছবিচারহীন মামলা দেয়ার খবর গণমাধ্যমে এসেছে। মামলার ক্ষেত্রে কোনো নিরীহ মানুষ যেন হয়রানির শিকার না হন তা সরকারকে নিশ্চিত করতে হবে। এসব মামলা করে সরকারকে কেউ বিব্রত করতে চাচ্ছে কি না তা খতিয়ে দেখা দরকার।

বাংলাদেশের অর্থনীতি ফোকলা করে দিয়ে পালিয়েছেন শেখ হাসিনা। পতিত স্বৈরাচারের আমলে সীমাহীন লুটপাটে অর্থনীতির অবস্থা ছিল করুণ। অন্তর্বর্তী সরকার ক্ষমতায় এসে অর্থনীতির সে অবস্থার অবসানে সঙ্কল্পবদ্ধ বলে মনে হচ্ছে। ইতোমধ্যে অস্থির ডলার বাজারে স্থিতিশীলতা ফিরেছে। গতি এসেছে প্রবাসী আয়ে। রফতানি ছন্দ ফিরে পাচ্ছে। এ ছাড়া পাচার হওয়া অর্থ ফেরত আনতে সরকারের কর্মকাণ্ড বেশ ইতিবাচক। কিন্তু আমদানি, বৈদেশিক মুদ্রার রিজার্ভ, বিনিয়োগ, কর্মসংস্থান ও আয়বৈষম্যের বিষয়গুলো ইতিবাচক ধারায় ফিরিয়ে আনাই এখন অন্তর্বর্তী সরকারের অন্যতম চ্যালেঞ্জ।

বিশ্বব্যাংকের নতুন প্রকাশিত বাংলাদেশ ডেভেলপমেন্ট আপডেটে দেশের অর্থনীতির জন্য চারটি চ্যালেঞ্জের কথা বলা হয়েছে। যার মধ্যে রয়েছে মূল্যস্ফীতি, বহিস্থ খাতের চাপ, আর্থিক খাতের দুর্বলতা এবং রাজনৈতিক অনিশ্চয়তা। সরকারকে অর্থনীতির এসব চ্যালেঞ্জ সামলাতে হবে।

ছাত্র-জনতার অকাতরে জীবন বিলিয়ে দিয়ে ফ্যাসিবাদ পতনের মূল লক্ষ্য ছিল ভবিষ্যতে এমন একটি বাংলাদেশ বিনির্মাণের যেখানে আর কখনো স্বৈরাচার জেঁকে বসবে না। রাষ্ট্রকাঠামোর আমূল পরিবর্তন চেয়েছেন মুক্তিকামী ছাত্র-জনতা। অন্তর্বর্তী সরকার ছাত্র-জনতার সেই চাওয়াকে গুরুত্ব দিয়ে সংবিধান সংস্কারসহ রাষ্ট্রর সংস্কারে গঠন করেছে কয়েকটি সংস্কার কমিশন। আশা করা যায়, এসব কমিশনের মাধ্যমে রাষ্ট্র সংস্কারে জনপ্রত্যাশার প্রতিফলন ঘটবে।

ব্রাসেলসভিত্তিক সংস্থা ইন্টারন্যাশনাল ক্রাইসিস গ্রুপ এ সরকারের ১০০ দিন উপলক্ষে প্রকাশিত এক প্রতিবেদনে বলেছে, অন্তর্বর্তী সরকার হোঁচট খেলে বাংলাদেশ ফের স্বৈরাচারী অবস্থায় ফিরে যেতে পারে। অথবা সামরিক শাসনের দিকে যেতে পারে।

আমাদের চাওয়া, ছাত্র-জনতার সীমাহীন ত্যাগ-তিতিক্ষার ফসল বর্তমান অন্তর্বর্তী সরকারের ব্যর্থ কিংবা হোঁচট খাওয়ার কোনো সুযোগ নেই। সরকারকে সর্বক্ষেত্রে জনপ্রত্যাশার গুরুত্ব দিতে হবে। জনপ্রত্যাশা পাশ কাটিয়ে ব্যক্তি কিংবা অঞ্চলকেন্দ্রিক কোনো সিদ্ধান্ত গ্রহণ হবে আত্মঘাতী। সে ক্ষেত্রে জনঅসন্তোষ বাড়বে। অন্তর্বর্তী সরকার লক্ষ্যপানে পৌঁছে দেশকে একটি প্রকৃত গণতান্ত্রিক শাসনব্যবস্থা ফিরিরে দেবে- এমনটি সবার চাওয়া।

আগস্ট গণঅভ্যুত্থান এবং নির্বাচনী রোডম্যাপের গুরুত



এম. এ. হালিম

৫ আগস্ট গণঅভ্যুত্থান-পরবর্তী বিভিন্ন লেখা ও আলোচনায় এ অর্জনকে অনেকে দ্বিতীয় স্বাধীনতা হিসেবে অভিহিত করছেন। অথচ ব্যতিক্রম বাদে একটি দেশ একবারই স্বাধীন হয় বিদেশি দখলদারদের হটিয়ে। পাকিস্তানি দখলদারদের হটিয়ে বাংলাদেশ স্বাধীন হয়েছে ১৬ ডিসেম্বর ১৯৭১। অবশ্য স্বাধীনতার অর্থ যদি হয় স্বাধীন মত প্রকাশ, অর্থনৈতিক মুক্তি, বৈষম্যমুক্ত সামাজিক ব্যবস্থা, স্বাধীন ভোটাধিকার ইত্যাদি, তাহলে এ অর্জনকে 'স্বাধীনতা' বলে বিবেচনা করাই যায়। এটাও সত্য, মুক্তিযুদ্ধের পর থেকে আজ পর্যন্ত দেশে যেসব আন্দোলনের মাধ্যমে ক্ষমতার পরিবর্তন হয়েছে, সেসবের ঊর্ধ্বে ৫ আগস্টের বিজয়। এ আন্দোলনের সূচনা হয়েছিল ছাত্রদের একটি নিজস্ব দাবিকে কেন্দ্র করে, যার শিরোনামও ছিল ব্যতিক্রমী'বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন'। একসময় সে আন্দোলনই এক দফা তথা সরকার পরিবর্তনের দাবিতে রূপ নেয়, যার সঙ্গে যোগ দেয় আপামর জনতা। এ আন্দোলনের আরেকটি বিশেষত্ব ছিল, জনরোষের ভয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেশত্যাগ, যা '৯০-এর গণআন্দোলনে পদত্যাগকারী রাষ্ট্রপতি জেনারেল এরশাদের বেলায়ও ঘটেনি।

> পাকিস্তানি দখলদারদের হটিয়ে বাংলাদেশ স্বাধীন হয়েছে ১৬ ডিসেম্বর ১৯৭১। অবশ্য স্বাধীনতার অর্থ যদি হয় স্বাধীন মত প্রকাশ, অর্থনৈতিক মুক্তি, বৈষম্যমুক্ত সামাজিক ব্যবস্থা, স্বাধীন ভোটাধিকার ইত্যাদি, তাহলে এ অর্জনকে 'স্বাধীনতা' বলে বিবেচনা করাই যায়। এটাও সত্য, মুক্তিযুদ্ধের পর থেকে আজ পর্যন্ত দেশে যেসব আন্দোলনের মাধ্যমে ক্ষমতার পরিবর্তন হয়েছে, সেসবের ঊর্ধ্বে ৫ আগস্টের বিজয়।



১৯৯০-এর গণআন্দোলনের বিজয় এবং ৬ ডিসেম্বর জেনারেল এরশাদের পদত্যাগের ঘটনায় আমরা দ্বিতীয় স্বাধীনতারই স্বাদ পেয়েছিলাম। মনে আছে, সেদিনও সকাল থেকে সেনা-পুলিশ সদস্য ও সর্বসাধারণের একে অন্যের সঙ্গে অভিনন্দন বিনিময় ও দেশজুড়ে বিজয়ের মেলা বসেছিল। উল্লেখ্য, তখন বর্তমান সময়ের মতো ত্বরিত যোগাযোগ সুবিধা (মোবাইল, সোশ্যাল মিডিয়া ইত্যাদি) ছিল না। আর বিটিভি বা বেতার তখনও ছিল সরকারি গুণকীর্তনের মাধ্যম। তাই ল্যান্ড ফোন এবং বিবিসি ও ভয়েজ অব আমেরিকার বাংলা সার্ভিসই ছিল যোগাযোগ ও গণজাগরণের মাধ্যম। নয়তো অপেক্ষা করতে হতো পরদিন সকাল পর্যন্ত সংবাদপত্রের জন্য। হরতালসহ আন্দোলনের কর্মসূচি প্রচারের মাধ্যম ছিল সংবাদপত্রে বিজ্ঞাপন অথবা পোস্টার-লিফলেট। একই দৃশ্যপট না হলেও '৯৬-এর আন্দোলনও ছিল আরেক অর্জন। কারণ তৎকালীন বিএনপি সরকার নির্দলীয়-নিরপেক্ষ তত্ত্বাবধায়ক সরকারের দাবি অস্বীকার করে ১৫ ফেব্রুয়ারি একদলীয় ষষ্ঠ সংসদ নির্বাচনে জয়লাভ করে সরকার গঠন করে; তীব্র গণআন্দোলনের মুখে যা হোক, ৮ আগস্ট গঠিত হয় অন্তবর্তী সরকার। দায়িত্ব গ্রহণের শুরুতে বিএনপিসহ বিভিন্ন দলকে বলতে শুনতাম, এ সরকারকে নির্বাচন আয়োজনের জন্য যৌক্তিক সময় দেওয়া উচিত। কিন্তু সময় যতই গড়াচ্ছে নির্বাচনী রোডম্যাপ ঘোষণার দাবি ততই জোরালো হচ্ছে। ১৬ বছরে রাজনৈতিক দলগুলোর ব্যর্থতার কারণে স্বৈরশাসন দীর্ঘায়িত হলেও এখন যেন আর কারও তর সইছে না। অন্যদিকে অন্তর্বর্তী সরকার প্রশাসনেও চলছে হযবরল অবস্থা। তার প্রমাণ, বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে নিয়োগ ও পদায়নে অদক্ষতা। সকালে নিয়োগ দিয়ে বিকেলে তা বাতিল করতে হচ্ছে। অনেকেরই ধারণা, প্রশাসনে স্বৈরসরকারের প্রভাব এখনও বিরাজমান থাকায় পরিবর্তন বিদ্যমান জনবলের মধ্য থেকেই হচ্ছে।

তাই অনেকেই বলছেন, নির্বাচনকেন্দ্রিক সংস্কারকে প্রাধান্য দেওয়াই হবে এ মুহূর্তে সরকারের অগ্রাধিকার। না-হয় পতিত সরকারের দোসররা সুযোগ বুঝে মাথাচাড়া দিতে পারে। নির্বাচন বিলম্ব হলে, অবাক হবো না, যদি পতিত সরকারের দোসরদের সঙ্গে আন্দোলনে অংশ নেওয়া কোনো দলকে একাত্ম হতে দেখি।

অনেকের অভিমত, সংস্কারের দায়িত্ব নির্বাচিত সরকারের। গণতান্ত্রিক ব্যবস্থায় এটিই আদর্শ হলেও আমাদের অতীত অভিজ্ঞতা তিক্ত। এক নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার বিষয়েই আমরা দেখেছি প্রধান দুটি দলের ভাবনা সরকারে থাকলে একরকম আর সরকারের বাইরে থাকলে অন্যরকম। সুতরাং রাজনৈতিক সরকার কতটা সংস্কার করবে, সে প্রশ্ন থেকেই যায়।

তবে তা সত্ত্বেও অবিলম্বে একটি নির্বাচনী রোডম্যাপ ঘোষণা শুধু রাজনৈতিক দলগুলোর নয়, দেশের সাধারণ মানুষেরও দাবি। নির্বাচন বিষয়ে বর্তমান অন্তর্বর্তী সরকারের একেক সদস্য একেক সময়সীমার কথা বলছেন। সরকারের মধ্যে এমন ভিন্নমত জনমনে শুধু দ্বিধাই সৃষ্টি করছে, আর রাজনৈতিক দলগুলোর মধ্যে জন্ম হচ্ছে অবিশ্বাস। একই সঙ্গে অন্তর্বর্তী সরকার অনির্দিষ্টকাল থাকলে পতিত সরকারের সুযোগসন্ধানী অথবা সুবিধাভোগীদের ষড়যন্ত্রের আশঙ্কাও থেকে যায়। একটি নির্বাচনী রোডম্যাপ এ মুহূর্তে জরুরি শুধু সবারই প্রত্যাশা বলে নয়, তা সরকারের জন্যও তাদের পরিকল্পনা বাস্তবায়নের গাইডলাইন হিসেবে কাজ করবে।

অনেকেরই মনে থাকবে, '৯০-এর স্বৈরাচার-বিরোধী আন্দোলনে অংশগ্রহণকারী তিন জোটের অঙ্গীকার ছিল, নির্বাচনের পর কেউই জাতীয় পার্টিকে পুনর্বাসন করবে না। কিন্তু '৯১-এর নির্বাচনে বিএনপি জামায়াতের সমর্থনে সরকার গঠন করতে পারলেও একাদশ সংশোধনীর জন্য জাতীয় পার্টির সমর্থন নিতে দ্বিধাবোধ করেনি। গত ১৬ বছরে জাতীয় পার্টিকে কখনও সরকারের অংশ করে আবার কখনও তথাকথিত বিরোধী দলের মর্যাদা দিয়ে নিজের স্বার্থসিদ্ধি করেছে শেখ হাসিনা সরকার।

অনেকের অভিমত, ৫ আগস্টের আগে সরকার পতনের এক দফা আন্দোলন ছিল অনেকটা পরিকল্পনাহীন। সরকার পতনের পর কীভাবে সরকার গঠন হবে, কতদিন স্থায়ী হবে এসব বিষয়ে কোনো রূপরেখা ছিল না। মনে আছে, '৯০-এর আন্দোলনের আগে আন্দোলনরত জোটগুলো অন্তর্বর্তী সরকারের রূপরেখা দেয়। সে অনুসারে, সংবিধানের মধ্য থেকেই তৎকালীন উপরাষ্ট্রপতি মওদুদ আহমদ পদত্যাগ করলে রাষ্ট্রপতি এরশাদ সেই পদে বিচারপতি সাহাবুদ্দীন আহমদকে নিয়োগ দিয়ে তাঁর কাছে রাষ্ট্রপতির দায়িত্ব বুঝিয়ে দিয়ে বিদায় নেন। অস্থায়ী রাষ্ট্রপতি হিসেবে অন্তর্বর্তী সরকারের নেতৃত্ব দিয়ে সাহাবুদ্দীন ১৯৯১ সালের ২৭ ফেব্রুয়ারি সুষ্ঠুভাবে পঞ্চম জাতীয় সংসদ নির্বাচন করেন।

প্রধান রাজনৈতিক দলসহ

সফলতার ২৮ বছরে বাংলা পত্রিকা
যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক থেকে প্রকাশিত ও বহুল প্রচারিত প্রবাসী বাঙালি কমিউনিটির মুখপাত্র সাপ্তাহিক বাংলা পত্রিকা পড়ুন, লেখুন ও আপনার ব্যবসার প্রসারে বিজ্ঞাপন দিন
এ ছাড়াও দেশ ও প্রবাসে সর্বশেষ বস্তুনিষ্ঠ সংবাদ পেতে চোখ রাখুন আমাদের অনলাইন এবং ফেসবুক পেইজে
www.banglapatrikausa.com
Gmail banglapatrikausa@gmail.com

টাওয়ার হ্যামলেটের সাবেক ডেপুটি মেয়র শাহীদ আলীকে নিউইয়র্কে সংবর্ধনা





নিউইয়র্ক: নিউইয়র্কে লন্ডনের টাওয়ার হ্যামলেট কাউন্সিলের সাবেক ডেপুটি মেয়র মুহাম্মদ শাহীদ আলীকে সংবর্ধনা প্রদান করেছে ছাতক সমিতি ইউএসএ ইনক। গত ১০ নভেম্বর ব্রঙ্কসের একটি পার্টি সেন্টারে এক আনন্দঘন পরিবেশে এ সংবর্ধনা সভা অনুষ্ঠিত হয়। ছাতক সমিতির সভাপতি মানিক আহমদের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক মো. তুয়েল আহমেদ এমাদ ও সহ সাধারণ সম্পাদক জিয়াউল আহমেদ জামিল ও সদস্য আব্দুল বারী চপলের পরিচালনায় এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ডেমোক্রেটিক পার্টির ডিস্ট্রিক্ট এট লার্জ এটর্নি মঈন চৌধুরী।

গেষ্ট অব অনার ছিলেন বাংলাদেশ সোসাইটির নবনির্বাচিত সভাপতি আতাউর রহমান সেলিম। বিশেষ অতিথি ছিলেন জালালাবাদ এসোসাসিয়েশন অব আমেরিকার সভাপতি বদরুল খান, সাবেক ট্রাস্টি তোফায়েল চৌধুরী, ইকবাল আহমেদ মাহবুব, আব্দুস সহিদ, প্রবীণ কমিউনিটি লিডার আব্দুর রব ধলা মিয়া, ছাতক সমিতির উপদেষ্টা মাওলানা আবুল কাশেম ইয়াহিয়া. কাজী আবু বকর, জালালাবাদ এসোসিয়েশনের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক রোকন হাকিম, বাংলাদেশ সোসাইটির নব নির্বাচিত কোষাধ্যক্ষ মফিজুল ইসলাম ভুইয়া রুমি, সাহিত্য বিষয়ক সম্পাদক ফয়সল আহমেদ, সমাজকল্যাণ বিষয়ক সম্পাদক জামিল আনসারি, কমিউনিটি অ্যাক্টিভিস্ট আমিনুল হক চুন্নু, সুনামগঞ্জ সমিতির সাধারণ সম্পাদক মোতাহের হুসেন রুবেল, সহ সভাপতি আব্দুল আজিজ, কাজী আবুল খয়ের, কাজী মুমিনুল ইসলাম. তাজ উদ্দিন, মঈদুল ইসলাম ও এডভোকেট মঈন উদ্দিন।

অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন থেকে তিলাওয়াত করেন মোহাম্মদ আদিল উদ্দিন এবং মোনাজাত পরিচালনা করেন সহ সভাপতি মাওলানা আতিকুজ্জামান আতিক। স্বাগত বক্তব্য রাখেন সংগঠনের সহ সভাপতি রইছ আলী। অনুষ্ঠানে ছাতক সমিতির পক্ষ থেকে সংবর্ধিত অতিথি টাওয়ার হ্যামলেট কাউন্সিলের সাবেক ডেপুটি মেয়র এবং সমিতির প্রতিষ্ঠাকালীন সাংগঠনিক সম্পাদক মুহাম্মদ শাহীদ আলীকে ফুলেল শুভেচ্ছা সহ ক্রেষ্ট দিয়ে সম্মাননা প্রদান করা হয়। এছাড়াও সমিতির জন্য গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য সমিতির প্রতিষ্ঠাকালীন সদস্য ইকবাল আহমেদ মাহবুব, এস এম জলিল, আপ্তাব আলী এবং সদ্য বিদায়ী সভাপতি এম এ খালেক-কে ক্রেষ্ট দিয়ে বিশেষ সম্মাননা প্রদান করা হয়।

অনুষ্ঠানে উল্লেখযোগ্য ব্যক্তিবর্গের মধ্যে জালালাবাদ এসোসিয়েশনের সহ সভাপতি লোকমান হোসেন লুকু, শামীম আহমেদ, শফি উদ্দিন তালুকদার, মোহাম্মদ জাবেদ উদ্দিন, কোষাধ্যক্ষ আলিম উদ্দিন, সদস্য হোমায়ুন কবির সোহেল, কাজীরুল ইসলাম শিপন, মোহাম্মদ আবু ফজর, আল আমিন চৌধুরী জনি, দেলোয়ার হুসেন, আরজ মিয়া, ছাতক সমিতির কোষাধ্যক্ষ শামীম উদ্দিন, শুকুর আলী, আব্দুল হালিম, দিনারুল ইসলাম, নবিজ আলী, সৌরভ কর, তাজ উদ্দিন লিটন, মাহিন আহমেদ, মোস্তাক আহমেদ, মোয়াজ্জেম হুসেন, আব্দুল কাইয়ুম, ফয়সল আহমদ প্রমুখ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে ছাতকবাসী ছাড়াও বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে সংবর্ধিত অতিথি মুহাম্মদ শাহীদ আলী বলেন, তিনি সদ্য সমাপ্ত যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টশিয়াল নির্বাচন পর্যবেক্ষনের জন্য নিউইয়র্কে আসেন। তিনি ছাতক সমিতি ইউএসএ'র প্রতিষ্ঠার সংক্ষিপ্ত বিবরণ তুলে ধরে বলেন, দেশে-প্রবাসে ছাতকবাসীর সেবায় সংগঠনটি অসামান্য অবদান রেখে চলেছে। তিনি সবাইকে ঐক্যবদ্ধ হয়ে দেশের উন্নয়নে আরো ভূমিকা রাখার আহ্বান জানান।

এটর্নি মঈন চৌধুরী বলেন, এবারের প্রেসিডেন্ট নির্বাচনে একটা বড় ইস্যু ছিল অভিবাসন। রিপাবলিকান প্রার্থী ডোনাল্ড ট্রাম্পকে বারবার হুঁশিয়ারি দিয়ে বলতে দেখা গেছে, নথিবিহীন অবৈধ অভিবাসীদেরকে ফেরত পাঠানো হবে। তিনি নথিবিহীন অবৈধ অভিবাসী সংক্রান্ত বিষয় নিয়েও বক্তব্য রাখেন। -প্রেস বিজ্ঞপ্তি।

ফিলাডেলফিয়াতে বাংলাদেশ দূতাবাসের উদ্যোগে

'অর্থনৈতিক উন্নয়নে প্রবাসী বাংলাদেশীদের সম্পৃক্ততা বাড়ানো' শীর্ষক সেমিনার







বিশেষ প্রতিনিধি: বৃহত্তর ফিলাডেলফিয়াতে বাংলাদেশ দূতাবাসের পক্ষ থেকে, 'বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে যুক্তরাষ্ট্রের প্রবাসী বাংলাদেশীদের সম্পৃক্ততা বাড়ানো এবং করণীয়' শীর্ষক এক সেমিনার, আপার ডার্বির মসজিদ আল-মদিনায় অনুষ্ঠিত হয়। ওয়াশিংটন ডিসিস্থ বাংলাদেশ দূতাবাসের ভারপ্রাপ্ত রাষ্ট্রদূত ডি এম সালাহউদ্দিন মাহমুদ এতে সভাপতিত্ব ও সেমিনার সঞ্চালনায় করেন। উল্লেখ্য, সেমিনারের পাশাপাশি বিগত দুই বছরের মতো এবারও দু'দিন ব্যাপী বাংলাদেশ দূতাবাসের ভ্রাম্যমাণ সেবা কার্যক্রম ছিল। এবার অনুষ্ঠিত হলো তৃতীয় বারের মতো ভ্রাম্যমান সেবা।

সেমিনারে বাংলাদেশ দূতাবাসের ইকোনমিক মিনিস্টার ড. মো. ফজলে রাব্বী বলেন, প্রবাসী বাংলাদেশীরা হুন্ডির মাধ্যমে টাকা না পাঠিয়ে তা বৈধ ভাবে টাকা পাঠানোর অনুরোধ জানান, যাতে ২.৫০% বেশী পাওয়া যায়। তিনি প্রবাসীদের বাংলাদেশে বিনিয়োগের উপর উৎসাহিত করেন। বিশেষ করে রপ্তানি প্রক্রিয়াকরণ, বিভিন্ন বন্ড, পেনশন প্রকল্প, অফশোর ব্যাংকিং এবং প্রযুক্তিগত সহযোগিতা নিয়ে মূল বিষয়ের উপর আলোচনা করেন এবং তা প্রজেক্টরের মাধ্যমে উপস্থাপন করেন।

দূতাবাসের বাণিজ্যিক কাউন্সিলর ড. মোহাম্মদ মাঈন উদ্দিন, জি আই পণ্য প্রচার সম্পর্কিত বিভিন্ন তথ্য তুলে ধরেন। এছাড়াও সমসাময়িক কনস্যুলার বিভাগের সেবা প্রদান ইস্যুতে আলোচনা করেন, কনস্যুলার মুহাম্মদ আবদুল হাই মিল্টন এবং কনস্যুলার মিসেস শামীমা ইয়াসমিন স্মৃতি।

সেমিনারের শেষ পর্বে ছিল মুক্ত আলোচনা ও প্রশ্নোত্তর পর্ব। এ পর্বে বাংলাদেশ দূতাবাসের বিভিন্ন অনিয়ম ও অশোভন আচরণের প্রতিবাদ জানিয়ে প্রশ্ন করেন শেখ সিদ্দিক, নুরে আলম চৌধুরী বিপু, মাছুম সিদ্দিকী প্রমুখ।

ফিলাডেলফিয়ার বাংলা নিউজ সম্পাদক শেখ খোরশানের এক প্রশ্নে ফিলাডেলফিয়াতে সোনালী ব্যাংকের শাখা করার দাবীর উত্তরে চার্জ দ্য অ্যাফেয়ার্স ডি এম সালাহউদ্দিন মাহমুদ জানান, তিনি এ বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করবেন এবং ব্যবস্থা নেবেন। তিনি সকলের প্রশ্নের উত্তর দেন এবং সৌহার্দ্য পূর্ণ পরিবেশ নৈশ ভোজের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

অনুশোচনা নেই আওয়ামী লীগে, অপেক্ষা অন্তবর্তী সরকার ব্যর্থ হওয়ার

পর্যালোচনা

বিবিসি বাংলার প্রতিবেদন : বাংলাদেশে গণআন্দোলনের মুখে ক্ষমতা হারানোর তিন মাস পরেও নিজেদের কৃতকর্মের বিষয়ে আওয়ামী লীগে কোনো অনুশোচনা লক্ষ্য করা যাচ্ছে না। বরং পুরো বিষয়টিকে এখনো 'ষড়যন্ত্র' হিসেবেই মনে করে দলটি। প্রতিবেদন বিবিসি বাংলার

বিশেষ করে, গত জুলাই-অগাস্টের ছাত্র আন্দোলন দমনে যেভাবে শক্তি প্রয়োগ করা হয়েছে এবং তাতে যত প্রাণহানি হয়েছে, সেটির দায় স্বীকার করে এখনও আনুষ্ঠানিকভাবে দুঃখ প্রকাশ করতে দেখা যায়নি দলটিকে।

দলটির শীর্ষ নেতারা এখনও বিশ্বাস করেন করেন যে, গণঅভ্যুত্থানের নামে "পরিকল্পিত ষড়যন্ত্রের" মাধ্যমে শেখ হাসিনাকে উৎখাত করে দেশত্যাগে বাধ্য করা হয়েছে।

একই পরিকল্পনার অংশ হিসেবে দলটির সভাপতি শেখ হাসিনাসহ বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীদের নামে মামলা দিয়ে বিচারের কাঠগড়ায় দাঁড় করানো এবং আওয়ামী লীগের রাজনীতি নিষিদ্ধের দাবি তোলা হচ্ছে বলেও অভিযোগ করেছেন নেতারা।

তবে এসবের মধ্যেই অগাস্ট পরবর্তী সাংগঠনিক বিপর্যয় কাটিয়ে দলটি আবারও ঘুরে দাঁড়ানোর চেষ্টা করছে।

দেশে-বিদেশে আত্মগোপনে থাকা নেতাকর্মীদের মধ্যে ইতোমধ্যেই যোগাযোগের একটি নেটওয়ার্ক তৈরি হয়েছে বলেও জানিয়েছেন নেতারা। তৃণমূলে কেউ কেউ এলাকায়ও ফিরতে শুরু করেছেন।

কর্মী-সমর্থকদের মনোবল চাঙ্গা করতে গণঅভ্যুত্থানের তিন মাস পর সম্প্রতি আনুষ্ঠানিকভাবে প্রথম কর্মসূচি দিতে দেখা গেছে আওয়ামী লীগকে।

তবে এখনই সরকারবিরোধী আন্দোলনে নামার পরিকল্পনা নেই বলে শীর্ষ নেতাদের সঙ্গে কথা বলে জানা যাচ্ছে।

বরং দ্রব্যমূল্য, আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণসহ বিভিন্ন ইস্যুতে সাধারণ মানুষের মধ্যে এখনও যে হতাশা ও অসন্তোষ দেখা যাচ্ছে, সেটি সামনে আরও বেড়ে অন্তর্বর্তী সরকার কতদিনে জনসমর্থন হারায়, আপাতত সেটিই দেখার অপেক্ষা করছেন তারা।

তবে বিদেশে 'আত্মগোপনে' থেকে শীর্ষ নেতাদের বাংলাদেশে কর্মসূচি ঘোষণা করা নিয়ে দলটির তৃণমূলের নেতা-কর্মীদের অনেকের ক্ষোভ দেখা গেছে। তারা বলছেন, এর মাধ্যমে তারা দেশে নেতা-কর্মীদের আরও বিপদের মুখে ফেলছেন।

যদিও বিশ্লেষকরা বলছেন, সরকার ব্যর্থ হলেও নিজেদের কৃতকর্মের জন্য জনগণের কাছে ক্ষমা না চাইলে মাঠের রাজনীতিতে ফেরা আওয়ামী লীগের জন্য কঠিন হবে।

'পরিকল্পিত ষড়যন্ত্র' তত্ত্ব

বাংলাদেশের সাম্প্রতিক গণঅভ্যুত্থানকে শুরু থেকেই 'পরিকল্পিত ষড়যন্ত্র" হিসেবে চিহ্নিত করে আসছে আওয়ামী লীগ। গত জুলাইয়ে কোটা সংস্কারের দাবিতে আন্দোলন চলাকালে দেশে সহিংস পরিস্থিতি তৈরি হওয়ার পর তৎকালীন প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনাই প্রথম ষড়যন্ত্রের কথা উল্লেখ করেন।

"এটা যে একটা বিরাট চক্রান্ত, সেটা বোঝাই যাচ্ছিল," গত ২৪শে জুলাই সাংবাদিকদের বলেন শেখ হাসিনা।

ক্ষমতা হারানোর তিন মাস পরেও আওয়ামী লীগ একই কথা বলছে।

"এটা (গণঅভ্যুত্থান) যে একটা পরিকল্পিত ষড়যন্ত্র ছিল, ইউনূস সরকারের কথাবার্তা ও কাজ-কর্মেই সেটি ক্রমেই পরিষ্কার হয়ে যাচ্ছে," বিবিসি বাংলাকে বলছিলেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আ ফ ম বাহাউদ্দিন নাছিম।

তিনি আরও বলেন, "সরকারের প্রধান উপদেষ্টা নিজেও সে কথা স্বীকার করেছেন।"

উল্লেখ্য যে, গত সেপ্টেম্বরে নিউইয়র্কে 'ক্লিনটন গ্লোবাল ইনিশিয়েটিভে'র একটি অনুষ্ঠানে বক্তৃতা দেন অন্তবর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। সেখানে তিনি বলেন, "এ (বৈষম্যবিরোধী ছাত্রদের) আন্দোলন খুব পরিকল্পিতভাবে চালিয়ে নেওয়া হয়েছে। কিছুই হঠাৎ হয়নি।"

আওয়ামী লীগ বিশ্বাস করে যে, শিক্ষার্থীদের আন্দোলনকে সরকাবিরোধিতায় রূপ নেওয়ার ক্ষেত্রে বিএনপি-জামায়াতের পাশাপাশি বিদেশি শক্তিরও ভূমিকা রয়েছে।

"স্বাধীনতাযুদ্ধের সময় যারা বাংলাদেশের বিরোধিতা করেছে, তারাই এই ষড়যন্ত্রের সঙ্গে যুক্ত। বাংলাদেশকে তারা ব্যর্থ রাষ্ট্র প্রমাণ করতে চায়," বলছিলেন সাবেক নৌপ্রতিমন্ত্রী ও আওয়ামী লীগ সরকারের সাবেক সাংগঠনিক সম্পাদক খালিদ মাহমুদ চৌধুরী।

গত পাঁচই অগাস্টের পর ভারতীয় বার্তা সংস্থা এএনআইকে দেওয়া সাক্ষাৎকারেও একই কথা জানিয়েছিলেন শেখ হাসিনার ছেলে সজীব ওয়াজেদ জয়।

"আমি এখন দৃঢ়ভাবে বিশ্বাস করি যে, (আন্দোলনকারী) ছোট গোষ্ঠীটি বিদেশি একটি গোয়েন্দা সংস্থার মাধ্যমে প্ররোচিত হয়েছিল। আমি (পাকিস্তানি গোয়েন্দা সংস্থা) আইএসআইকে প্রবলভাবে সন্দেহ করি।"

যদিও এর আগেও বিভিন্ন সময় আওয়ামী লীগের পক্ষ থেকে এমন ষড়যন্ত্রের কথা বহু বার বলা হয়েছে। কিন্তু টানা দেড় দশক ক্ষমতায় থাকার পরও আওয়ামী লীগ কেন কথিত সেই ষড়যন্ত্র রুখতে ব্যর্থ হলো?

"ষড়যন্ত্র হচ্ছে সেটা আমরা জানতাম। কিন্তু কোটা ইস্যু ধরে সেটি যে এতদূর গড়াতে পারে, ওইটা আমরা কেউই ভাবতে পারিনি। এক্ষেত্রে রাষ্ট্রীয় গোয়েন্দা বাহিনীগুলোও পুরোপুরি ব্যর্থ হয়েছে," বিবিসি বাংলাকে বলেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক নাছিম।

দায় নিতে চায় না আওয়ামী লীগ

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন দমনে গত জুলাই-অগাস্টে শেখ হাসিনার সরকার যেভাবে বলপ্রয়োগ করেছে এবং



তাতে যত মানুষ হতাহত হয়েছে, স্বাধীন বাংলাদেশে ইতিহাসে সেটি নজিরবিহীন।

অন্তবর্তী সরকারের প্রাথমিক তালিকা অনুযায়ী, আন্দোলন চলাকালে তিন সপ্তাহে সাড়ে আটশ'র বেশি মানুষ নিহত হয়েছেন, যাদের বেশিরভাগই মারা গেছেন গুলিতে।

এছাড়া আহত হয়েছেন ২০ হাজারেরও বেশি। তাদের মধ্যে অনেকেই হাত, পা এবং চোখ হারিয়েছেন; পঙ্গুত্বও বরণ করেছেন কেউ কেউ।

কিন্তু হতাহতের এসব ঘটনার পুরো দায় নিতে চায় না আওয়ামী লীগ।

"শুরু থেকেই আমরা বলে আসছিলাম যে, এই আন্দোলনে একটা তৃতীয়পক্ষ রয়েছে, যাদের গুলিতে সাধারণ মানুষ নিহত হয়েছে," বিবিসি বাংলাকে বলেন মি. নাছিম।

পরিকল্পিত যেই 'ষড়যন্ত্রে'র কথা আওয়ামী লীগ বলছে, সেটির অংশ হিসেবেই এটি কথা হয়েছে বলে মনে করেন দলটির নেতারা।

"সরকারের একজন উপদেষ্টাও তো এই কথা স্বীকার করেছেন যে, সেভেন পয়েন্ট সিক্স টু রাইফেল বাংলাদেশের পুলিশ ব্যবহার করে না, অথচ সেই অস্ত্র দিয়ে সাধারণ মানুষের ওপর গুলি চালানো হয়েছে," বলেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মি. নাছিম।

উল্লেখ্য যে, অন্তবর্তীকালীন সরকার দায়িত্ব গ্রহণের পর গত ১২ই অগাস্ট তৎকালীন স্বরাষ্ট্র উপদেষ্টা অবসরপ্রাপ্ত ব্রিগেডিয়ার জেনারেল এম সাখাওয়াত হোসেন ঢাকা সিএমএইচ হাসপাতালে আহত আনসার সদস্যদের দেখতে গিয়ে সাংবাদিকদের বলেন, "আহত আনসার সদস্যদের বক্তব্য শুনে আমার কাছে আশ্চর্য লাগছে। পুলিশের ফায়ার (গুলি) কম লাগছে তাদের। সিভিলিয়ান পোশাকে ৭.৬২ রাইফেলের গুলি লেগেছে। ম্যাসিভ ইনভেস্টিগেশন দরকার। এরা কারা? কাদের হাতে সেভেন পয়েন্ট সিক্স টু রাইফেল গেলো?"

যদিও পরে মি. হোসেন দাবি করেন যে, গণমাধ্যমে তাকে ভুলভাবে উদ্ধৃত করা হয়েছে।

"আমি বলেছিলাম, পুলিশের কাছে সেভেন পয়েন্ট সিক্স টু রাইফেল কারা দিয়েছে, এটা প্রথম আমি তদন্ত করবো...এমনকি আমি এ কথাও বলেছিলাম, সিভিলিয়ানদের হাতে আমি এই রাইফেল দেখেছি। দে আর নট পার্ট অব পুলিশ। আমি সেটাও তদন্তের কথা বলেছিলাম," গত ১৪ই সেপ্টেম্বর ঢাকায় একটি অনুষ্ঠানে বলেন মি. হোসেন।

তবে জুলাইয়ের শেষ সপ্তাহ থেকেই 'তৃতীয়পক্ষের গুলি' চালানোর বিষয়ে কথা বলে আসছিলো আওয়ামী লীগ। তাহলে তখন কেন তাদের দাবি অনুযায়ী ওই 'পক্ষটি'কে শনাক্ত করা সম্ভব হলো না।

"সেটার কথা অবশ্যই মাথায় ছিল। কিন্তু তখন দেশে যে অস্থির পরিস্থিতি তৈরি করা হয়েছিল, সেটি সামাল দেওয়াকেই সরকার বেশি প্রাধান্য দিয়েছিল," বলেন মি. নাছিম।

আওয়ামী লীগ এসব কথা বললেও পুলিশ, বিজিবি ও দলটির বন্দুকধারী নেতাকর্মীরা যে আন্দোলনকারীদের ওপর গুলি চালিয়েছে, সেটার অসংখ্য ছবি ও ভিডিও তখনই সামনে এসেছে। এমনকি "পুলিশের পোশাক পরে সন্ত্রাসীরা গুলি চালিয়েছে" এমন বক্তব্যও তখন এসেছে আওয়ামী লীগের মন্ত্রীদের মুখ থেকে।

"এরকম ঘটনা যে একেবারেই ঘটেনি, সেটা তো আমরা অস্বীকার করছি না। ঘটনাগুলোর তদন্তও তো আমরা শুরু করেছিলাম। সেগুলোর তদন্ত শেষ করলেই কার কতটুকু দায়, সেটা পরিষ্কার হয়ে যাবে," বিবিসি বাংলাকে বলেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মি. নাছিম।

'কিছু ভুল-ত্রুটি তো ছিলই'

গণঅভ্যুত্থানকে 'পরিকল্পিত ষড়যন্ত্র' বললেও টানা দেড় দশক ক্ষমতায় থাকাকালে আওয়ামী লীগ যে কিছু ভুল করেছে, সেটি অবশ্য স্বীকার করছেন দলটির শীর্ষ নেতারা।

"আওয়ামী লীগ তো আসমান থেকে আসা কোনো দল না। আমরা সবাই মানুষ। কাজেই দেশ পরিচালনার সময় কিছু ভুল হওয়া স্বাভাবিক। কিছু ভুল-ত্রুটি তো ছিলই," বলছিলেন বাহাউদ্দিন নাছিম।

আওয়ামী লীগের গত ১৫ বছরের শাসনামলে বড় একটি অভিযোগ ছিল মানবাধিকার লঙ্ঘনের বিষয়ে। বেসরকারি মানবাধিকার সংস্থা আইন ও সালিশ কেন্দ্রের (আসক) হিসেবে, ওই সময় 'বন্দুকযুদ্ধ' বা 'ক্রসফায়ারের' নামে অন্তত এক হাজার ৯২৬ জন মানুষ বিচারবহির্ভূত হত্যার শিকার হয়েছেন।

এর বাইরে, অসংখ্য মানুষ গুমের শিকার হয়েছেন, যাদের কেউ কেউ শেখ হাসিনার পতনের পর এখন ফিরেও আসছেন। যদিও গুম হওয়া ব্যক্তিদের একটি বড় অংশের এখনও কোনো সন্ধান পায়নি পরিবার।

এর বাইরে, অনিয়ম-দুর্নীতি, জমি দখল, বিদেশে বিপুল অর্থপাচারসহ আরও অনেক অভিযোগ সামনে এসেছে।

আওয়ামী লীগের গত তিন মেয়াদের শাসনামলে বাংলাদেশ থেকে প্রতিবছরে গড়ে ১২ থেকে ১৫ বিলিয়ন ডলার সমপরিমাণ অর্থ বিদেশে পাচার হয়েছে বলে গণমাধ্যমকে জানিয়েছেন ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের নির্বাহী পরিচালক ইফতেখারুজ্জামান।

অর্থপাচার করে আওয়ামী লীগের সাবেক মন্ত্রী-এমপিদের অনেকে বিদেশে বিপুল সম্পত্তির মালিকও হয়েছেন।

"আমরা এখন আত্ম-সমালোচনা করছি। যেসব ভুল আমরা করেছি, সেগুলো থেকে শিক্ষা নিয়ে এখন সামনে এগুতে চাই," বলছিলেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মি. নাছিম।

এক্ষেত্রে অনিয়ম-দুর্নীতি, জমি দখল, অর্থপাচারসহ অন্যান্য অপরাধের সঙ্গে যুক্ত নেতাদের বিরুদ্ধে কি কোনো ব্যবস্থা নেওয়া হবে?

"আওয়ামী লীগ সবসময়ই এগুলো বিরুদ্ধে কঠোর অবস্থানে ছিল, থাকবে। কী ব্যবস্থা নেওয়া হবে, সেটা দলের নীতি নির্ধারণী পর্যায়ে আলোচনা করে সিদ্ধান্ত নেওয়া হবে," বলেন মি. নাছিম।

'আত্মগোপনে যেতে বাধ্য করা হয়েছে'

গত পাঁচই অগাস্ট ক্ষমতা ছেড়ে শেখ হাসিনা আকস্মিকভাবে ভারতে চলে যাওয়ার পর আওয়ামী লীগের নেতাকর্মীরা রীতিমত দিশেহারা হয়ে পড়েন।

এর মধ্যেই বিভিন্ন স্থানে দলটির কার্যালয়, নেতাকর্মীদের বাড়ি-ঘর ও ব্যবসা প্রতিষ্ঠানে হামলার ঘটনা ঘটতে থাকে।

ফলে জীবন 'বাঁচাতে' আত্মগোপনে যাওয়া ছাড়া উপায় ছিল না বলে জানাচ্ছেন আওয়ামী লীগ নেতারা।

"আমাদেরকে আত্মগোপনে যেতে বাধ্য করা হয়েছে। যেভাবে হামলা ও হত্যা করা শুরু হয়েছিল, তাতে আত্মগোপনে যাওয়া ছাড়া উপায় ছিল না," বলছিলেন মি. নাছিম।

গত তিন মাসে 'আত্মগোপনে' থাকা আওয়ামী লীগের শীর্ষ নেতাদের মধ্যে অনেকেই গ্রেফতার হয়েছেন। কেউ কেউ দেশও ছেড়েছেন।

এদিকে, আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনার বিরুদ্ধে ইতোমধ্যে দুই শতাধিক মামলা হয়েছে, যেগুলোর বেশিরভাগই হত্যা মামলা।

একইভাবে, দলটির অন্যান্য নেতাকর্মীদেরকেও অসংখ্য মামলায় আসামি করা হয়েছে এবং এখনও হচ্ছে।

"আমাদের নেত্রীসহ বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীদের বিরুদ্ধে বানোয়াট ও ভিত্তিহীন মামলা দেওয়া হয়েছে," বিবিসি বাংলাকে বলেন আওয়ামী লীগ সরকারের সাবেক নৌ প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী।

জুলাই থেকে গত চার মাসে হামলায় দলটির কয়েকশ নেতাকর্মী নিহত হয়েছে বলে দাবি করেছে আওয়ামী লীগ।

"ইতোমধ্যেই আহত-নিহতদের তথ্য সংগ্রহ আমরা শুরু করেছি," বলেন মি. চৌধুরী।

সন্ত্রাসী সংগঠন ঘোষণা দিয়ে সম্প্রতি আওয়ামী লীগের ভ্রাতৃপ্রতিম সংগঠন বাংলাদেশ ছাত্রলীগকে নিষিদ্ধ ঘোষণা করেছে অন্তর্বর্তী সরকার। বাতিল করা হয়েছে ১৫ই অগাস্টের শোক দিবস, সংবিধান দিবসসহ জাতীয় আটটি দিবস।

এখন 'গণহত্যার' অভিযোগে আওয়ামী লীগ সভাপতিসহ অন্য নেতাদের বিচার করার উদ্যোগ দেখা যাচ্ছে। এমনকি দল হিসেবে আওয়ামীকে নিষিদ্ধও করারও দাবি করছেন অনেকে।

"এগুলোর সবই ষড়যন্ত্রের অংশ," বলছিলেন মি. চৌধুরী।

আওয়ামী লীগকে নিশ্চিহ্ন করার উদ্দেশ্যেইএসব করা হচ্ছে বলে অভিযোগ করেছেন তিনি।

"অতীতেও এমন চেষ্টা হয়েছে। কিন্তু কেউ আওয়ামী লীগকে দাবাতে পারেনি, এরাও পারবেন না," বলেন মি. চৌধুরী।

বিপর্যয় কাটানোর চেষ্টা

পাঁচই অগাস্টের পর নেতারা 'আত্মগোপনে' চলে যাওয়ায় নেতৃত্বশূন্যতায় চরম বিপর্যয়ের মুখে পড়েছিল আওয়ামী লীগ। তিন মাস পর সেই বিপর্যয় কাটিয়ে ওঠার চেষ্টা করছে দলটি।

দেশে-বিদেশে 'আত্মগোপনে' থাকা নেতাদের মধ্যে যোগাযোগের একটি নেটওয়ার্ক তৈরি হয়েছে বলে জানা যাচ্ছে।

"নিয়মিতভাবেই এখন আমাদের নেতাকর্মীদের মধ্যে যোগাযোগ হচ্ছে, আলাপ-আলোচনা হচ্ছে," বিবিসি বাংলাকে বলেন আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক খালিদ মাহমুদ চৌধুরী।

এমনকি তৃণমূলের নেতাদের সঙ্গে আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার একাধিক ফোনালাপও সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়তে দেখা গেছে। যদিও ফোনালাপগুলোর আসল কি না, বিবিসির পক্ষে স্বাধীনভাবে সেটি যাচাই করা সম্ভব হয়নি।

তবে দলীয় সভাপতির সঙ্গে যে যোগাযোগ হচ্ছে, সেটি অবশ্য স্বীকার করছেন নেতারা।

"শুধু নেতাদের সঙ্গেই না, সাধারণ কর্মী ও মানুষের সঙ্গেও আমাদের নেত্রীর যোগাযোগ রয়েছে। বিভিন্ন বিষয় নিয়ে তিনি আলাপ-আলোচনা করছেন এবং নির্দেশনা দিচ্ছেন," বলেন মি. চৌধুরী।

মূলত দলের 'দিশেহারা' নেতাকর্মীদের মনোবল চাঙ্গা করে 'বিপর্যস্ত' আওয়ামী লীগকে ফের সংগঠিত করার উদ্দেশ্যেই শেখ হাসিনা সরাসরি কথা বলছেন বলে জানাচ্ছেন তার দলের নেতারা।

একইসঙ্গে, দলের ভেরিফায়েড ফেসবুক পেজ ও এক্স (সাবেক টুইটার) হ্যান্ডেলেও এখন আওয়ামী লীগকে বেশ সক্রিয় ভূমিকায় দেখা যাচ্ছে।

সামনের পরিকল্পনা কী?

দলকে সংগঠিত করাই এখন আওয়ামী লীগের মূল লক্ষ্য। সে লক্ষ্যেই দশই নভেম্বর ঢাকার গুলিস্তানে বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ে নূর হোসেন দিবস পালনের ডাক দেয় আওয়ামী লীগ।

যদিও দলটির কর্মী-সমর্থকদের সেভাবে মাঠে নামতে দেখা যায়নি। এরপরও অল্প যে কয়েকজন সেখানে গিয়েছিলেন, তারা হামলা ও মারধরের শিকার হয়েছেন।

"এই সরকার আওয়ামী লীগকে ফ্যাসিস্ট বলে। অথচ তারা নিজেরাই যে সবচেয়ে বড় ফ্যাসিস্ট, মানুষ সেটি দেখেছে। দেখেছে, কীভাবে আমাদের কর্মীদের উপর হামলা হয়েছে," বলছিলেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মি. নাছিম।

সাম্প্রতিক এই কর্মসূচির মাধ্যমে দলকে সংগঠিত করার পাশাপাশি অন্তবর্তী সরকার, সাধারণ মানুষ ও রাজনৈতিক দল কী প্রতিক্রিয়া দেখায়, সেটিও বুঝতে চেয়েছে আওয়ামী লীগ। এবার যে অভিজ্ঞতা তাদের হয়েছে, সেটির প্রেক্ষিতেই দলটি আগামীর কর্মসূচি গ্রহণ করবে। তবে আপাতত সরকারবিরোধী বড় কোনো কর্মসূচিতে যাওয়ার পরিকল্পনা দলটির নেই বলে ইঙ্গিত দিয়েছেন নেতারা।

"আত্মগোপনে থাকার পরও আমাদের নেতাকর্মীদের মধ্যে যোগাযোগ স্থাপিত হয়েছে। পরিস্থিতি বিবেচনায় গণমানুষের জন্য যে ধরনের কর্মসূচি গ্রহণ করা প্রয়োজন, সেটাই আমরা গ্রহণ করবো," বলছিলেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মি. নাছিম।

কিন্তু নেতারা যেখানে 'আত্মগোপনে', সেখানে কর্মীদের দিয়ে কি কর্মসূচি সফল করা যাবে?

"আওয়ামী লীগ কর্মী নির্ভর রাজনৈতিক দল। ফলে কে নেতা বা তারা কোথায়, সেটা বড় কথা না," বিবিসি বাংলাকে বলেন মি. চৌধুরী।

কর্মসূচি দেওয়ার ক্ষেত্রে 'ধীরে চলো নীতি'তে সামনে এগোতে চায় আওয়ামী লীগ।

"আওয়ামী লীগ কখনো ফুরিয়ে যায়নি, আওয়ামী লীগ ফুরিয়ে যাবেও না। আওয়ামী লীগ সচেতনভাবেই এখন চুপ আছে," সম্প্রতি যুক্তরাজ্যভিত্তিক বাংলা গণমাধ্যম চ্যানেল এসকে দেওয়া সাক্ষাৎকারে বলেছেন সাবেক পররাষ্ট্রমন্ত্রী ও আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক হাছান মাহমুদ।

তিনি আরও বলেন, "এখন যদি আমরা রাজনৈতিক কর্মসূচি দিয়ে (মাঠে) নামতাম, তাহলে সরকারের পক্ষ থেকে আবার অনেকে বলতো যে, আমাদের কারণে তারা রাষ্ট্র পরিচালনা করতে পারছে না...আমরা একটু নিশ্চুপ আছি, যাতে আমাদের ওপর দোষ না আসে।"

অন্তবর্তী সরকার কখন ব্যর্থ প্রমাণিত হয়, দলটি এখন সেই অপেক্ষায় রয়েছে।

"দেশের ক্ষতি করার জন্য এরা যে মিথ্যা বলে ও ষড়যন্ত্র করে ক্ষমতা দখল করেছে, সেটা জনগণ বুঝে গেছে। খুব শিগগিরই এদের পতন ঘটবে," বিবিসি বাংলাকে বলেন আওয়ামী লীগ নেতা খালিদ মাহমুদ চৌধুরী।

তৃণমূলের নেতাকর্মীরা কী বলছেন?

গণঅভ্যুত্থানে আওয়ামী লীগ সরকারের পর হামলার ভয়ে দেশের বেশিরভাগ এলাকায় দলটির নেতাকর্মীরা গা ঢাকা দিয়েছিলেন। গত তিন মাসে পরিস্থিতি অনেকটাই শান্ত হয়ে আসায় তাদের কেউ কেউ নিজ এলাকায় ফিরতে শুরু করেছিলেন।

কিন্তু সম্প্রতি আওয়ামী লীগের পক্ষ থেকে আনুষ্ঠানিক কর্মসূচি ঘোষণার পর আবারও ঘর ছাড়তে হয়েছে বলে জানাচ্ছেন তৃণমূলের নেতাকর্মীরা।

"নিজেরা নিরাপদে থেকে বিদেশে বসে বসে নেতারা যে কর্মসূচি ঘোষণা করছেন, তারা কি আমাদের কথা ভাবেন? ভেবে থাকলে এমন কর্মসূচি তারা এখন কীভাবে ঘোষণা করেন?," বিবিসি বাংলাকে বলছিলেন আওয়ামী লীগের উপজেলা পর্যায়ের একজন নেতা।

একই সুরে কথা বলেছেন তৃণমূলের অন্য নেতারাও। পরিস্থিতি পুরোপুরি স্বাভাবিক না হওয়া পর্যন্ত তারা দলীয় কোনো কর্মসূচিতেই অংশ নিবেন না বলে জানিয়েছেন।

"দলের জন্য যথেষ্ঠ ত্যাগ স্বীকার করেছি। তাতে লাভ কী হয়েছে? মার খাই আমরা, রক্ত দিই আমরা, আর হাইব্রিড নেতারা এসে অর্থ-সম্পদের মালিক হয়," বলছিলেন দক্ষিণবঙ্গের একটি জেলার ইউনিয়ন পর্যায়ের এক নেতা।

তিনি অবশ্য এখনও এলাকাতেই অবস্থান করছেন।

"এলাকাতেই আছি। কিন্তু বাড়ির বাইরে খুব একটা বের হই না," বিবিসি বাংলাকে বলছিলেন তিনি।

তারা দু'জনই মনে করেন যে, জুলাই-অগাস্টের ছাত্র আন্দোলন দমনে সরকার ও দলের বিতর্কিত ভূমিকার জন্য আওয়ামী লীগের দুঃখপ্রকাশ করা উচিৎ।

"ভুল যে হয়েছে, সেটা তো অস্বীকার করার উপায় নাই। এখন টপ লিডারদের ভুলের খেসারত দিতে হচ্ছে আমাদের," বলছিলেন দক্ষিণবঙ্গের তৃণমূল নেতা।

"কিন্তু এভাবে কতদিন?

তৃণমূলের নেতাকর্মীদের কথা বিবেচনা করে হলেও দলের উচিৎ দুঃখপ্রকাশ করা," বলেন তিনি। -তৃণমূলের নেতারা কেউই তাদের নাম প্রকাশ করতে চাননি।

বিশ্লেষক যা বলছেন

ভুল স্বীকার করে ক্ষমা না চাইলে রাজনীতির মাঠে ফেরা আওয়ামী লীগের জন্য কঠিন হবে বলে জানাচ্ছেন বিশ্লেষকরা।

"রাজনীতিতে ফিরে আসতে হলে আওয়ামী লীগকে জনগণের ম্যান্ডেট নিয়েই ফিরে আসতে হবে। আর সেজন্য কর্তৃত্ববাদী শাসনের চালানোর জন্য ভুক্তভোগী সাধারণ জনগণের কাছে আওয়ামী লীগের ক্ষমা চাওয়া উচিৎ," বিবিসি বাংলাকে বলছিলেন রাজনৈতিক বিশ্লেষক ড. জোবাইদা নাসরিন।

একই অভিমত দিয়েছেন আরেক রাজনৈতিক বিশ্লেষক ও লেখক মহিউদ্দিন আহমদ।

মহিউদ্দিন আহমদ বিবিসি বাংলাকে বলেন "ক্ষমা চাইলে তো এদেশের মানুষ ক্ষমা করে দেয়। কিন্তু বাস্তবতা হচ্ছে, আওয়ামী লীগ এখনও ক্ষমা চায়নি এবং চাইবে বলেও মনে হচ্ছে না। কারণ ক্ষমা চাইলে তাদের রাজনীতিটা আর থাকে না,"।

দেওয়া-নেওয়ার নীতিতে বিশ্বাসী ডোনাল্ড ট্রাম্প



মাসুদা হক প্রিয়াংকা

আমেরিকার ১৩২ বছরের পুরোনো রেকর্ড ভেঙে একবার হেরে যাওয়ার পর দ্বিতীয়বার প্রেসিডেন্ট হিসেবে নির্বাচিত হয়েছেন ডোনাল্ড ট্রাম্প। প্রথম মেয়াদে ২০১৭ থেকে ২০২১ সাল পর্যন্ত যুক্তরাষ্ট্রের ৪৫তম প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালন করেছেন ট্রাম্প। যুক্তরাষ্ট্রের ৪৭তম প্রেসিডেন্ট হিসেবে ডোনাল্ড ট্রাম্পের প্রত্যাবর্তন শুধু মার্কিন যুক্তরাষ্ট্র নয়, বরং সামগ্রিকভাবে বৈশ্বিক রাজনীতিতেও কিছু পরিবর্তন বয়ে আনবে বলে মনে করা হচ্ছে। ট্রাম্পের এবারের ভূমিধস জয়ের প্রধান কারণ হিসেবে দেখা হচ্ছে তাঁর 'আমেরিকা ফার্স্ট' নীতিকে। প্রেসিডেন্ট হিসেবে ট্রাম্পকে পুনর্বহাল করতে আমেরিকান ভোটারদের সিদ্ধান্তটি এসেছে ব্যাপক অর্থনৈতিক অনিশ্চয়তার মধ্যে। মূল্যস্ফীতি বাড়াবাড়ি মাত্রায় বেশি। চাকরি নিয়ে অনিশ্চয়তা ক্রমেই বাড়ছে। বিদেশি শ্রমের ওপর নির্ভরতা কমাতে ট্রাম্পের সুরক্ষাবাদী অ্যাজেন্ডা ভোটারদের উদ্বুদ্ধ করেছে।

এ ছাড়া বৈশ্বিক শান্তি স্থাপনে ট্রাম্পের প্রতিশ্রুতি তাঁকে হোয়াইট হাউসে প্রত্যাবর্তনের সুযোগ করে দিয়েছে। ট্রাম্প বারবার রাশিয়া-ইউক্রেন যুদ্ধের জন্য বাইডেনকে দায়ী করেছেন। তাই তাঁর বিজয়ে রাশিয়া-ইউক্রেন যুদ্ধের সমাধান নিয়ে বিশ্ববাসী আশাবাদী। এবার তিনি ক্ষমতা গ্রহণের পর রাশিয়ার সঙ্গে আলোচনায় বসতে ইউক্রেন বাধ্য হবে বলেই বিশ্লেষকেরা মনে করছেন। অপরদিকে আমেরিকা ফার্স্ট নীতির ফলে ন্যাটোর একতা অগ্নিপরীক্ষার সম্মুখীন। দায়িত্ব নেওয়ার আগেই ট্রাম্প ন্যাটোতে যুক্তরাষ্ট্রের অংশগ্রহণ ও ইউরোপ নিয়ে সমালোচনামূলক মন্তব্য করেছেন, যা ইউরোপীয় মিত্রদের জন্য হতাশাব্যঞ্জক।

ট্রাম্প নিজেদের প্রতিরক্ষা খাত ও অর্থনৈতিক খাতকে শক্তিশালী করাকে প্রাধান্য দেবেন। ট্রাম্প তাঁর প্রথম মেয়াদে আমেরিকান শিল্প সংরক্ষণের নীতি গ্রহণ করেছিলেন। তিনি চীন, ভারতসহ একাধিক দেশ থেকে আমদানির ওপরে চড়া শুল্ক আরোপ করেছিলেন। এবার চীন ও ভারতের অর্থনীতির ওপর এর প্রভাব খুব মারাত্মকভাবেই পড়বে বলে আশঙ্কা করা হচ্ছে। চীনের ওপর বিভিন্ন বাণিজ্যিক নিষেধাজ্ঞা আরোপিত হতে পারে, যার ফলে চীনের অর্থনীতি চাপের মুখে পড়বে। চীন বিশ্লেষক বিল বিশপ মনে করেন, 'তিনি যখন শুল্ক সম্পর্কে কথা বলেন, তখন বোঝা যায় যে তিনি মনে করেন চীন তার বাণিজ্যিক চুক্তি ভঙ্গ করেছে এবং চীন ও কোভিড তাঁকে ২০২০ সালের নির্বাচনে হারতে বাধ্য করেছে।' প্রথম দফায় ডোনাল্ড ট্রাম্প মার্কিন প্রেসিডেন্ট নির্বাচিত হওয়ার পর চীনের ওপর অতিরিক্ত শুল্ক আরোপ করায় চীন বড়সড় ধাক্কা খেয়েছিল। এবার চীনের অর্থনীতিতে এমনিতেই টানাপোড়েন চলছে, এর মধ্যে শুল্ক আরোপ তাতে আরও বড় ধাক্কা দেবে।

ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে ট্রাম্পের বন্ধুত্বের কথা সবারই জানা। তাঁরা একে অপরকে বন্ধু বলেই সম্বোধন করে থাকেন। কিন্তু আমেরিকার ফার্স্ট নীতির কবল থেকে ভারতও রেহাই পাবে বলে মনে হয় না। আন্তর্জাতিক বিষয়াবলি পর্যবেক্ষণকারী সাংবাদিক শশাঙ্ক মট্টু সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে (সাবেক টুইটার) লিখেছেন, 'ট্রাম্পের চোখে ভারত বাণিজ্যসংক্রান্ত নিয়ম খুব বেশি লঙ্ঘন করে। তিনি চান না যে মার্কিন পণ্যের ওপর ভারত খুব বেশি পরিমাণ শুল্ক আরোপ করুক। ট্রাম্প চান তাঁর দেশ থেকে আমদানি করা পণ্যের ওপর ২০ শতাংশ পর্যন্ত শুল্ক আরোপ করা হোক।'

> *ট্রাম্পের এবারের ভূমিধস জয়ের প্রধান কারণ হিসেবে দেখা হচ্ছে তাঁর 'আমেরিকা ফার্স্ট' নীতিকে। প্রেসিডেন্ট হিসেবে ট্রাম্পকে পুনর্বহাল করতে আমেরিকান ভোটারদের সিদ্ধান্তটি এসেছে ব্যাপক অর্থনৈতিক অনিশ্চয়তার মধ্যে। মূল্যস্ফীতি বাড়াবাড়ি মাত্রায় বেশি। চাকরি নিয়ে অনিশ্চয়তা ক্রমেই বাড়ছে। বিদেশি শ্রমের ওপর নির্ভরতা কমাতে ট্রাম্পের সুরক্ষাবাদী অ্যাজেন্ডা ভোটারদের উদ্বুদ্ধ করেছে।*
>
> *এ ছাড়া বৈশ্বিক শান্তি স্থাপনে ট্রাম্পের প্রতিশ্রুতি তাঁকে হোয়াইট হাউসে প্রত্যাবর্তনের সুযোগ করে দিয়েছে। ট্রাম্প বারবার রাশিয়া-ইউক্রেন যুদ্ধের জন্য বাইডেনকে দায়ী করেছেন। তাই তাঁর বিজয়ে রাশিয়া-ইউক্রেন যুদ্ধের সমাধান নিয়ে বিশ্ববাসী আশাবাদী। এবার তিনি ক্ষমতা গ্রহণের পর রাশিয়ার সঙ্গে আলোচনায় বসতে ইউক্রেন বাধ্য হবে বলেই বিশ্লেষকেরা মনে করছেন। অপরদিকে আমেরিকা ফার্স্ট নীতির ফলে ন্যাটোর একতা অগ্নিপরীক্ষার সম্মুখীন। দায়িত্ব নেওয়ার আগেই ট্রাম্প ন্যাটোতে যুক্তরাষ্ট্রের অংশগ্রহণ ও ইউরোপ নিয়ে সমালোচনামূলক মন্তব্য করেছেন, যা ইউরোপীয় মিত্রদের জন্য হতাশাব্যঞ্জক।*

দক্ষিণ এশিয়ায় ট্রাম্পের নীতি বিগত প্রশাসনের থেকে খুব বেশি পরিবর্তন না হলেও বাংলাদেশ নিয়ে ভিন্ন মনোভাব প্রকাশিত হওয়ার আলোচনা আছে। ট্রাম্পের সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে টুইট করার মাধ্যমে বাংলাদেশ আলাদাভাবে আলোচনায় এসেছে। বাংলাদেশে ট্রাম্প যে বাইডেন প্রশাসনের নীতি বহাল রাখবেন না, তা বিভিন্ন ঘটনার মধ্য দিয়ে অনেকের কাছেই স্পষ্ট হচ্ছে।

অধ্যাপক আলী রীয়াজ অবশ্য মনে করেন বাংলাদেশের সঙ্গে যুক্তরাষ্ট্রের সম্পর্কে হঠাৎ 'নাটকীয় পরিবর্তন' ঘটে যাবে না। কারণ, এটিকে বৃহত্তর আন্তর্জাতিক সম্পর্কের কোণ থেকে বিবেচনা করতে হবে যে মার্কিন নীতিতে কোনো পরিবর্তন হচ্ছে কি না। তবে তিনি এ-ও বলেছেন, 'বাংলাদেশের সঙ্গে সম্পর্কে একটা বড় ধরনের প্রভাব পড়বেই, এতটা ঘনিষ্ঠতা থাকবে না। উষ্ণতা থাকবে না।'

মধ্যপ্রাচ্যে শান্তি প্রতিষ্ঠায় প্রতিশ্রুতিবদ্ধ ট্রাম্প। কিন্তু ইসরায়েল ও মধ্যপ্রাচ্যের অন্যান্য দেশের সঙ্গে তাঁর সুসম্পর্ক বিদ্যমান থাকায় সেখানে তিনি কীভাবে শান্তি স্থাপন করবেন, তা এখনো স্পষ্ট নয়। অন্যদিকে, আরব এবং পশ্চিমা কর্মকর্তারা গণমাধ্যমকে জানিয়েছেন, ট্রাম্প ইরানের তেলশিল্পের ওপর 'উচ্চতর নিষেধাজ্ঞার' মাধ্যমে তাঁর 'সর্বোচ্চ চাপ নীতি' পুনরায় প্রয়োগ করতে পারেন। এ ছাড়া ট্রাম্প ইসরায়েলকে ইরানের পারমাণবিক স্থাপনায় হামলা চালানো এবং হত্যাকাণ্ড পরিচালনা করার ক্ষমতা দিতে পারেন বলেও কারও কারও মনে আশঙ্কা আছে।

শেষ করছি অধ্যাপক আলী রীয়াজকে উদ্ধৃত করেই। তিনি বলেছেন, 'ডোনাল্ড ট্রাম্প খুব "ট্রাঞ্জেকশনাল" (দেওয়া-নেওয়ায় বিশ্বাসী) মানুষ। তিনি গিভ অ্যান্ড টেকে বিশ্বাস করেন। তুমি এটা দিলে, আমি এটা দেব। আমি এটা দিলে তোমারও ওটা দিতে হবে। এই ট্রাঞ্জেকশনাল পলিটিকস খুবই ডেঞ্জারাস গেম।'

লেখক: সমাজকর্মী ও শিক্ষার্থী



নিউইয়র্কে সংস্কৃতিকর্মীদের প্রতিবাদ সমাবেশ

নিউইয়র্ক: সম্প্রতি ঢাকায় শিল্পকলা একাডেমিতে দেশ নাটকের 'নিত্য পুরান' নাটকের শো চলাকালে সেটি বন্ধ করে দেয় একদল লোক। এদিকে এর প্রতিবাদে বাংলাদেশের ঢাকায় নাট্যকর্মীরা এক প্রতিবাদের আয়োজন করে মৌলবাদিরা সেটিও পন্ড করে দেয়। এর প্রতিবাদে 'নাটক মোদের অধিকার, রুখবে নাটক সাধ্যকার শীর্ষক' এক সমাবেশে নিউইয়র্কে বসবাসরত বাংলাদেশের নাট্যকর্মীরা অংশ নেন। মঞ্চনাটক ও সাংস্কৃতিক চর্চার পথকে রুদ্ধ করার পরিকল্পিতি দূরভিসন্ধির বিরুদ্ধে নাট্য ও সাংস্কৃতিক কর্মীদের এই প্রতিবাদ ও গণসমাবেশ। বাংলাদেশের জঙ্গি সংগঠন ও মৌলবাদীরা এই কাজ করেছে বলে আয়োজকদের দাবী।

গত ১০ নভেম্বর সন্ধ্যা ৬টায় জ্যাকসন হাইটের ডাইভার্সিটি প্লাজায় আয়োজিত উক্ত সামাবেশে নাট্যাভিনেত্রী লুৎফুন নাহার লতা, খাইরুল ইসলাম পাখি সহ অন্যান্য নাট্যকর্মীগন উপস্থিত ছিলেন। সমাবেশে প্রতিবাদ বক্তব্য শেষে নাট্য কর্মীরা পথনাটক আবৃত্তি পরিবেশন ও বাংলাদেশের জাতীয় সংগীত পরিবেশন করা হয়। -প্রেস বিজ্ঞপ্তি।

নথিভুক্ত অভিবাসীদের সুরক্ষার ব্যবস্থা

(শেষ পৃষ্ঠার পর)

অভিভাসীদের মধ্যে বিরাজ করছে আতংক। ট্রাম্পের প্রস্তাবনায় শুক্রবার একটি বেসরকারী টেলিভিশনে দেয়া সাক্ষাতকারে বলেছেন নিউইয়র্কবাসী ফ্যাসিবাদি কিংবা হিটলারিজম নিয়ে চিন্তিত নয়। তারা অর্থ ও আবাসন ব্যবস্থা নিয়ে সব সময় সোচ্চার। গণ ডিপোর্টেশনে উদ্ভূত পরিস্থিতির জন্য নিউইয়র্ক চাপ সামলাতে প্রস্তুত বলে জানান তিনি। তবে নথিভুক্ত অভিবাসীদের সুরক্ষায় আইনী কাঠামোসহ সব ধরনের ব্যবস্থা করা হবে বলে জানিয়েছেন মেয়র এরিক এডামস।

মঙ্গলবার সংবাদ সম্মেলনে তিনি বলেন, নিউইয়র্ক সিটির প্রোপজিশন ১৮৭ চার্টার অনুযায়ী, এনওয়াইসিটির পুলিশ ইমিগ্রেশন স্টাটাস জিজ্ঞাসা করতে পারবে না। কিন্তু যদি ট্রাম্প প্রশাসন অনুরোধ করে, তাহলে পুলিশ তা ব্যবহার করতে পারে বলে শংকা করেন মেয়র এডামস। এ সময় এডামস ইমিগ্রেশন ব্যবস্থা সঠিক করার উপর তাগিদ দিয়ে বলেন তিনি গণ-ডিপোর্টেশনের সমর্থক নন। ভগ্ন অভিবাসন ব্যবস্থা ঠিক করা প্রয়োজন এবং সীমান্ত নিরাপদের দিকেও প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হোক।

সিটি মেয়র বলেছেন, ট্রাম্পের বিজয়ের মাধ্যমে মানুষের চাওয়ার প্রতিফলন উচ্চস্বরে প্রতিফলিত হয়েছে। প্রয়োজনে এ ইস্যুতে ট্রাম্প প্রশাসনের সাথে বসার আগ্রহ তিনি প্রকাশ করেন।



ইলহাম একাডেমি'র উদ্যোগে আলোচনা

নিউইয়র্ক: ইলহাম একাডেমী'র উদ্যোগে যুক্তরাষ্ট্র নির্বাচন বিষয়ে সেভ দ্যা পিউপলস 'সিভিক এনগেজমেন্ট প্রোগ্রাম' শীর্ষক এক আলোচনা সভা অনষ্ঠিত হয়। গত ৯ নভেম্বর শনিবার ইলহাম একাডেমির স্কুল সভাকক্ষে আলোচনা সভায় সঞ্চালকের দায়িত্ব পালন করেন মাহিন ভূঁইয়া। আলোচনা সভায় অংশ নেন ১৫ থেকে ১৮ বছরের তরুণ-তরুণীরা। তারা গত সদ্য অনুষ্ঠিত যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচন নিয়ে তাদের মতামত তুলে ধরেন।

নির্বাচনে প্রচারণায় কমালা হারিসের গর্ভপাতের আইন ঘোষণা ও ট্রাম্পের পররাষ্ট্র নীতি ও আভিবাসন নিয়ে পক্ষে-বিপক্ষে যুক্তি তুলে ধরেন আলোচনায় অংশ নেয় তরুণ শিক্ষার্থীরা। রিপাবলিকান ও ডেমোক্রেট দলের পক্ষে-বিপক্ষেও নিজেদের মতামত এবং যুক্তি তুলে ধরেন তারা।

তরুণ সমাজে রাজনৈতিক সচেতন করার লক্ষেই তরুণদের এই অয়োজন।

অনুষ্ঠানে আয়ান চৌধুরী, রাইসা সালেহ, নুজিমা সারা, নাবিল মোহাম্মদ, আশিক ইসলাম উপস্থিত ছিলেন। আগামী নির্বাচনে তরুণ ভোটারদের মনোভাবই বেশি প্রাধান্য পাবে বলে এই তরুণদের বিশ্বাস। -প্রেস বিজ্ঞপ্তি।

যে প্রক্রিয়ায় বাড়ী বিক্রেতা

০০ পৃষ্ঠার পর

বিক্রির বাজারদর সম্পর্কে অজ্ঞ প্রভৃতি আচার-আচরণ করে থাকে। তাই বাড়ী ক্রয়ের সময় একজন ভালো, বিশ্বস্ত রিয়েল এস্টেট এজেন্টের স্মরণাপন্ন হওয়াই শ্রেয়।

নিউইয়র্কে বাড়ী ক্রয়-বিক্রয় বা মর্টগেজ সংক্রান্ত যে কোন সমস্যায় আমরা সঠিক পরামর্শ দিয়ে থাকি। ফ্রি কনসাটেন্সীর জন্য যোগাযোগ করুন: ৭১৮-৫০৭-লোন (৫৬২৬)।

পরিণত করতে পারে না। এই ধরনের রিয়েল এস্টেট এজেন্ট সাধারণত সাধারণত যোগাযোগ কম, আশ্বাস প্রদান, বাড়ি বিক্রির বাজারদর সম্পর্কে অজ্ঞ প্রভৃতি আচার-আচরণ করে থাকে। তাই বাড়ী ক্রয়ের সময় একজন ভালো, বিশ্বস্ত রিয়েল এস্টেট এজেন্টের স্মরণাপন্ন হওয়াই শ্রেয়।

নিউইয়র্কে বাড়ী ক্রয়-বিক্রয় বা মর্টগেজ সংক্রান্ত যে কোন সমস্যায় আমরা সঠিক পরামর্শ দিয়ে থাকি। ফ্রি কনসাটেন্সীর জন্য যোগাযোগ করুন: ৭১৮-৫০৭-লোন (৫৬২৬)।

ব্রুকলিনে বাসায় বাবা-মেয়েকে হত্যায় সন্দেহভাজন গ্রেপ্তার

(শেষ পৃষ্ঠার পর)

মেয়ে জ্যাকুলিনকে কিচেনের রান্নাঘরের মেঝেতে গলা কাটা অবস্থায় পড়ে থাকতে দেখে পুলিশ। পরে ইমার্জেন্সী মেডিকেল টিম সেখানেই মৃত ঘোষণা করে তাদের। পরদিন সোমবার একই ঠিকানার বাসিন্দা কেরিকে আটক করে পুলিশ।

পুলিশ জানিয়েছে, কেরি এবং নিহতরা একই ঠিকানায় থাকতেন। প্রাথমিক তদন্তে সাথে পরিচিত সিমন্স এবং ডেলিয়ন্সকে বাবা এবং মেয়ে হিসাবে চিহ্নিত করেছে। কেরির সঙ্গে ভিকটিমদের সম্পর্ক নিশ্চিত হওয়া যায়নি। কি কারণে এই হত্যাকাণ্ড সেটিও নিশ্চিত করে বলতে পারেনি পুলিশ। ঘটনাটি তদন্তনাধীন রয়েছে।

এক স্লিপ

(শেষ পৃষ্ঠার পর)

সহ-সভাপতি, যুগ্ম সাধারণ সম্পাদক, সাংগঠনিক সম্পাদক, সহ সাংগঠনিক সম্পাদক, অর্থ সম্পাদক, যুগ্ম অর্থ সম্পাদক, প্রচার সম্পাদক, যুগ্ম প্রচার সম্পাদক, সাংস্কৃতিক সম্পাদক, সহ-সাংস্কৃতিক সম্পাদক, আইন বিষয়ক সম্পাদক, ক্রীড়া সম্পাদক, যুগ্ম ক্রীড়া সম্পাদক, মহিলা বিষয়ক সম্পাদক, যুগ্ম মহিলা বিষয়ক সম্পাদক, তথ্য ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক, দপ্তর সম্পাদক, সহ দপ্তর সম্পাদক, সমাজকল্যাণ সম্পাদক, সহ সমাজ কল্যাণ সম্পাদক, ইসলাম ধর্ম বিষয়ক সম্পাদক, আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক, সনাতন ধর্ম বিষয়ক সম্পাদক, আপ্যায়ন সম্পাদক, যুগ্ম আপ্যায়ন সম্পাদক, প্রবাসীকল্যাণ বিষয়ক সম্পাদক, বিজ্ঞান ও প্রযুক্তিবিষয়ক সম্পাদক, গবেষণা সম্পাদক, শিক্ষা বিষয়ক সম্পাদক, সাহিত্য সম্পাদক, উন্নয়ন সম্পাদক, ত্রাণ ও দুর্যোগ সম্পাদক, প্রধান সমন্বয়কারী, সমন্বয়কারী এবং সদস্য পদ দেখে একজন সহকর্মী বললেন- এত্তো পদ, এত্তো দায়িত্ব?

১৭ নভেম্বর ২০২৪

বাসা-বাড়ি ভাড়ার ব্রোকার

(শেষ পৃষ্ঠার পর)

কারণে, অনেক নিউ ইয়র্কবাসী এই অতিরিক্ত ব্যয়ে চাপে পড়েছেন যা তাদের চলাফেরার খরচের সাথে যুক্ত হয়েছে।

সিটি কাউন্সিলের, 'ফেয়ারনেস ইন অ্যাপার্টমেন্ট রেন্টাল এক্সপেনসেস অ্যাক্ট' নামে একটি বিলের ওপর ভোটের সিদ্ধান্ত চলছে। যা কাউন্সিল সদস্য চি অসে এরই মধ্যে প্রস্তাব করেছেন যিনি বেডফোর্ড-স্টুইভেসান্ট এবং নর্থ ক্রাউন হাইটসকে প্রতিনিধিত্ব করেন।

এই আইন বাস্তবায়ন হলে ব্রোকার ফি ওই ব্যক্তিকেই পরিশোধ করতে হবে, যিনি ব্রোকার ভাড়া করছেন। নিউইয়র্ক সিটিতে এই ব্রোকার সাধারণত বাড়ির মালিক ভাড়া করেন নতুন ভাড়াটিয়া নয়। এটি ফি ব্যবস্থা সংস্কারের জন্য অসে'র দ্বিতীয় প্রচেষ্টা।

স্ট্রিটইজি পরিচালিত একটি জরিপে দেখা গেছে যে, ৮১ শতাংশ ভাড়াটিয়া মনে করেন, বাড়ির মালিকরা নয়, ভাড়াটিয়ারা এই ফি প্রদান করা উচিত। ৭৮ শতাংশ মনে করেন তারা আবাসন পেতে বাধ্য হয়ে ব্রোকার ফি দিয়েছেন। প্রায় ৭৬ শতাংশের অভিমত ব্রোকার ফি একটি বাধা হিসাবে কাজ করে আবাসন পেতে, এবং ৬০ শতাংশ বলছেন, যে এই ফি তাদের প্রয়োজন অনুযায়ী স্থানান্তরিত হতে বাধা দেয়।

গত মঙ্গলবার রাতে পর্যন্ত ফেএআরই অ্যাক্টে ৩৩টি সমর্থন রয়েছে, যা ৫১ সদস্যবিশিষ্ট সিটি কাউন্সিলে ভেটো-প্রুফ সংখ্যাগরিষ্ঠতার জন্য একটি কম। বুধবারের কমিটির শুনানিতে ভাড়াটিয়া, এজেন্ট, এবং ব্রোকাররা এই বিল তাদের ওপর কিভাবে প্রভাব ফেলতে পারে তা নিয়ে তাদের মতামত শেয়ার করতে পারবেন।

রিয়েল এস্টেট এজেন্টরা জানান, যদিও এই ফি ভাড়াটিয়াদের জন্য বোঝা, এটি তাদের ব্যবসার জন্য গুরুত্বপূর্ণ। স্ট্রিটইজির মতে, ৮৫ শতাংশ ভাড়া এজেন্ট বলেছেন নিউ ইয়র্কের আবাসন সংকট তাদের ব্যবসায় ক্ষতি করেছে, এবং ৫৬ শতাংশ একক একটি তালিকার জন্য ১০ ঘন্টার বেশি সময় ব্যয় করেন। তাদের শীর্ষ সমস্যা হিসেবে তালিকা বিপণনে সময় ৬৬ শতাংশ এবং আর্থিক খরচ ৬০ শতাংশ উল্লেখ করেন, যেখানে অর্থপ্রাপ্তির গ্যারান্টি থাকে না।

এদিকে মেয়র এরিক অ্যাডামস এরই মধ্যে সতর্ক করেছেন যে এই অ্যাক্ট পাস হলে বাড়ির মালিকরা ব্রোকার ফি মাসিক ভাড়ায় স্থানান্তর করতে পারেন, যা মূল ভাড়া বাড়ানোর দিকে পরিচালিত করতে পারে। এই উদ্বেগ রিয়েল এস্টেট এজেন্টদের মধ্যে ছড়িয়ে পড়েছে এরই মধ্যে। তারা শঙ্কা করছেন বাড়িওয়ালা তাদের খরচের ভার স্থানান্তর করতে পথ খুঁজে নেবেন।

“৭৫’ এর সাতই নভেম্বরের পথ ধরেই জিয়া বিএনপি





(শেষ পৃষ্ঠার পর)

পচাত্তরের সাতই নভেম্বরের ঘটনা তুলে ধরে বলেছেন, ঐদিনের পথ ধরেই শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান রাষ্ট্র ক্ষতায় আসেন এবং পরবর্তীতে বিএনপি প্রতিষ্ঠা করেন। দেশের স্বাধীন যুদ্ধ ঘোষণা থেকে শুরু করে আমৃত্যু রাষ্ট্র পরিচালনায় জিয়া প্রকৃত দেশ প্রেমিক হিসেবে দায়িত্ব পালন করেন। স্বাধীনতার ঘোষক জিয়া ছিলেন সৎ ও সফল রাষ্ট্র নায়ক। মেজর হাফিজ বলেন, পচাত্তরে ‘সিপাহী-জনতা’র সংহতির মধ্য দিয়ে জিয়া সেনাবাহিনীর বন্দিদশা থেকে মুক্ত হন এবং সেসময় দেশে যে ঐক্যের সৃষ্টি হয়েছিলো, সেই ঐক্য আর সংহতি আমাদের জাতীয় জীবনে অনুপ্রেরণা হয়ে রয়েছে। তিনি বলেন, দেশকে সুসংগঠিত করতে ঐক্যের কোন বিকল্প নেই।

কমিটি বিহীন যুক্তরাষ্ট্র বিএনপি’র সমন্বয়ক কমিটির আয়োজনে এবং যুক্তরাষ্ট্র বিএনপি’র ব্যানারে ঐতিহাসিক সাতই নভেম্বর ‘জাতীয় বিপ্লব ও সংহতি দিবস’ পালন সভায় ভার্চুয়ালী প্রধান অতিথির বক্তব্যে মেজর (অবঃ) হাফিজ উপরোক্ত কথা বলেন। মঙ্গলবার (১২ নভেম্বর) সন্ধ্যায় নিউইয়র্ক সিটির জ্যাকসন হাইটসের একটি পার্টি হলে এই সভার আয়োজন করা হয়।

অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত ও বিশেষ দোয়া মুনাজাত পরিচালণা করেন জাতীয়তাবাদী ফোরাম যুক্তরাষ্ট্রের সাবেক সভাপতি মওলানা ওমর ফারুক। এরপর ৫২’র ভাষা আন্দোলন ও একাত্তরের মহান মুক্তিযুদ্ধ সহ দেশের সকল গণতান্ত্রিক আন্দোলনে শহীদের স্মরণে দাঁড়িয়ে এক মিনিট নিরবতা পালন করা হয়।

যুক্তরাষ্ট্র বিএনপি’র প্রতিষ্ঠাতা সভাপতি ডা. মজিবুর রহমান মজুমদারের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ বক্তা ছিলেন রাজশাহী মেডিক্যাল কলেজের সাবেক ছাত্রদল নেতা ড. জাহিদ দেওয়ান শামীম। বিশেষ অতিথি ছিলেন যুক্তরাষ্ট্র বিএনপি’র প্রতিষ্ঠাতা যুগ্ম সম্পাদক গিয়াস উদ্দিন, সাবেক ছাত্র নেতা আব্দুস সবুর, যুক্তরাষ্ট্র যুবদলের সাবেক নেতা শাহ আলম ও নিউইয়র্ক ষ্টেট বিএনপি’র সাবেক যুগ্ম আহ্বায়ক নাসিম আহমেদ।

যুক্তরাষ্ট্র বিএনপি’র প্রতিষ্ঠাতা সদস্য মোশাররফ হোসেন সবুজ ও কেন্দ্রীয় স্বেচ্ছাসেবক দলের আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক মাকসুদুল হক চৌধুরীর যৌথ পরিচালনায় সভায় বিশিষ্ট লেখক ও সাংবাদিক সাঈদ তারেক, বীর মুক্তিযোদ্ধা মশিউর রহমান ও সুরুজ্জামান, ঝালকাঠি জেলা বিএনপি’র সহ সভাপতি আলহাজ শহীদুল ইসলাম শিকদার, মহিলাদল নেত্রী সৈয়দা মাহামুদা শিরিন মঞ্চে উপবিষ্ট ছিলেন।

সভায় স্বাগত বক্তব্য রাখেন জাতীয়তাবাদী ফোরাম যুক্তরাষ্ট্রের সাবেক সাধারণ সম্পাদক মোতাহার হোসেন। সভায় অন্যান্যের মধ্যে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন ইউএসএ’র সভাপতি জুনায়েদ আল জাফরি, সহ-সভাপতি আজিজুল বারী তিতাস, জাতীয় চলচ্চিত্র পুরস্কারপ্রাপ্ত মেকাপম্যান মুধা মোঃ জসিম উদ্দিন, সাবেক ছাত্রনেতা জীবন শফিক, মাসুদ হোসেন ও হুমায়ূন কবির, বাংলাদেশ জাতীয়তাবাদী গণদলের কেন্দ্রীয় সভাপতি ও জাসাস নেতা নাজমুল হুসাইন মুন্সী, স্বেচ্ছাসেবক দলের সাবেক সাংগঠনিক সম্পাদক রাশেদ রহমান, বরিশাল জাতীয়তাবাদী ফোরাম ইউএসএ’র সাধারণ সম্পাদক মাযহারুল ইসলাম মিরন, স্বেচ্ছাসেবক দলের সাবেক কেন্দ্রীয় সদস্য নূর আলম, হাবিবুর রহমান হাবিব, যুক্তরাষ্ট্র শ্রমিক দলের সাবেক সাংগঠনিক সম্পাদক আবুল কালাম, স্বেচ্ছাসেবক দল নেতা মাহমুদুল হক, বিএনপি নেতা ফারুক আহমেদ, মোঃ তালেব মাতবর, যুবনেতা বাচ্চু মিয়া, আল মামুন, ফরহাদ মৃধা, আদনান, আরমান প্রমুখ বক্তব্য রাখেন বলে আয়োজকরা জানান।

সভায় ডা. মজিবুর রহমান মজুমদার বলেন, বাংলাদেশের স্বাধীনতা, পচাত্তরের সাতই নভেম্বর, জাতীয় সংহতি, বিএনপি’র প্রতিষ্ঠা আর জুলাই-আগষ্ট বিপ্লব একই সূত্রে গাঁথা। তিনি বলেন, দেশের চলমান পরিস্থিতির প্রেক্ষপটে পচাত্তরের সাতই নভেম্বরের ঘটনা গভীরভাবে পর্যালোচনা দাবী রাখে। তাই ইতিহাস থেকে আমাদের সত্য ঘটনা জেনে আগামীর বাংলাদেশ গড়তে হবে। বিএনপি চেয়ারপার্সন খালেদা জিয়া আর ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নেতৃত্বে বিএনপিকে শক্তিশালী করতে হবে।



হোয়াইট হাউজের প্রেস সেক্রেটারি

প্রথম পৃষ্ঠার পর)

হাউজের সর্বকনিষ্ঠ প্রেস সেক্রেটারি। শুক্রবার এক বিবৃতিতে ট্রাম্প বলেন, 'ক্যারোলিন দক্ষ ও দৃঢ়চেতা একজন মানুষ। যোগাযোগের ক্ষেত্রে নিজের পারদর্শিতা তিনি দুর্দান্তভাবে প্রমাণ করেছেন। আমি অত্যন্ত আত্মবিশ্বাসী যে তিনি ভালোভাবে দায়িত্ব পালন করবেন ও আমেরিকান জনগণের কাছে আমাদের বার্তা পৌঁছে দিতে সহায়তা করবেন।'

২০২৪ সালের জানুয়ারিতে ক্যারোলিন ট্রাম্পের প্রচারাভিযানের যোগ দেন। এর আগে সর্বকনিষ্ঠ প্রেস সেক্রেটারির রেকর্ডধারী ছিলেন রন জিগলার। ১৯৬৯ সালে ২৯ বছর বয়সে তিনি এ পদে নিযুক্ত হন।

ক্যারোলিন কারিন জ্যঁ-পিয়েরের স্থলাভিষিক্ত হচ্ছেন। ২০২২ সালের ১৩ মে দায়িত্ব নিয়েছিলেন কারিন। হোয়াইট হাউজে যোগ দেয়ার আগে ২০২০ সালে বাইডেনের পক্ষে নির্বাচনী প্রচারে অংশ নিয়েছিলেন কারিন। বাইডেন যখন ওবামা প্রশাসনের ভাইস প্রেসিডেন্ট ছিলেন, তখনও তার অধীন কারিন কাজ করেন।

নিউইয়র্কে দুর্ঘটনা

প্রথম পৃষ্ঠার পর)

দূর্ঘটনায় গুরুতর আঘাতের হার শহরের গড়ের চেয়ে ২০ শতাংশ বেশি। গত বছরের তুলনায়, ব্রঙ্কসে ট্রাফিক সংঘর্ষে গুরুতর আঘাত ১০ শতাংশ বেড়েছে। এই নয় মাসে, নিউইয়র্ক সিটিতে ট্রাফিক দুর্ঘটনায় ১৯৩ জনের মৃত্যু হয়েছে এবং ২,৩৩৮ জন গুরুতরভাবে আহত হয়েছে। ৩০ সেপ্টেম্বর পর্যন্ত ২০২৪ সালের মৃত্যুর সংখ্যা গত ১০ বছরের মধ্যে ৮ বার এই সময়কালে ছাড়িয়ে গেছে। যেখানে ব্রঙ্কসে গুরুতর আঘাত এবং মৃত্যুর হার বিশেষভাবে বাড়ছে সেখানে এটি শহরের সব পাঁচটি বোরোতে নিউইয়র্কবাসীদের প্রভাবিত করেছে।

সংস্থাটি আরও জানিয়েছে যে, যদিও শহরের ৩০ মাইল প্রতি ঘণ্টার উপরে গতিসীমাসহ রাস্তা বিরল, তবুও এই বছর ২৮ শতাংশ মৃত্যুর ঘটনা ঘটে উচ্চ গতিসীমার রাস্তায়।

সংস্থা নিম্ন গতিসীমা এবং নিরাপত্তা ব্যবস্থার জন্য প্রস্তাব করে, যেমন দিনের আলো যা আন্তঃসংযোগের কাছে পার্কিং স্পেসগুলি অপসারণ করে দৃশ্যমানতা উন্নত করে। নিউইয়র্ক সিটি অনেক আন্তঃসংযোগে গাড়িগুলোকে ক্রসওয়াকের কাছে পার্ক করতে দেয়, যা পরিবহন পরিবর্তনের মতে, মানুষকে বিপদের মুখে ফেলে। তাদের বিশ্লেষণ দেখিয়েছে যে, ৮৮ শতাংশ পথচারী মৃত্যুর ঘটনা ঘটে এমন আন্তঃসংযোগগুলিতে দিনের আলো না থাকার কারনে।

ভারতীয় গণমাধ্যমকে হুশিয়ারি বাংলাদেশের

প্রথম পৃষ্ঠার পর)

বিভিন্ন গণমাধ্যম একের পর এক অপপ্রচার চালিয়েছে। এ নিয়ে একাধিকবার বিভিন্ন মহল প্রতিবাদ জানিয়েছে। এবার ভারতীয় গণমাধ্যমের অপসাংবাদিকতার তীব্র প্রতিবাদ জানিয়েছেন তথ্য উপদেষ্টা নাহিদ ইসলাম। বিবিসি হিন্দিকে দেয়া এক সাক্ষাতকারে নাহিদ ইসলাম বলেছেন, ভারতীয় গণমাধ্যম তার সরকারকে নিয়ে ভুল সংবাদ প্রচার করে যাচ্ছে। ভারতের উচিত এ বিষয়ে একটা সীমা টানা।

সংখ্যালঘুদের নিরাপত্তা প্রশ্নে তথ্য উপদেষ্টা বলেন, সংখ্যালঘুদের নিরাপত্তা দেয়া অন্তবর্তী সরকারের দায়িত্ব, এখানে ভারতের কিছু বলার দরকার নেই। যেটা নিয়ে ভারতের বলা প্রয়োজন সেটা হলো গত জুলাই-আগস্টে সংঘটিত গণহত্যা।

এদিকে আলাদা একটি অনুষ্ঠানে স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অবঃ) জাহাঙ্গীর আলম চৌধুরী অভিযোগ করে বলেন, ভারতীয় গণমাধ্যম প্রতিদিন বাংলাদেশের বিরুদ্ধে অপপ্রচার চালাচ্ছে। ভারতীয় মিডিয়ায় মিথ্যা রিপোর্ট দিতে দিতে তাদের সত্য রিপোর্টও এখন মিথ্যা হয়ে যাচ্ছে।'

বাংলাদেশের বিরুদ্ধে ভারতে প্রচার করা মিথ্যা তথ্যের বিরুদ্ধে গণমাধ্যমকর্মীদের জোরালো ভূমিকা রাখার আহ্বান জানান স্বরাষ্ট্র উপদেষ্টা।

বাংলাদেশ বিরোধীতায় তৎপর ভারতীয় আমেরিকানরা

প্রথম পৃষ্ঠার পর)

প্রশাসন ও মার্কিন কংগ্রেসকে রাজি করাতে ভারতীয় বংশোদ্ভূত মার্কিনরা যোগাযোগের চেষ্টা চালিয়ে যাচ্ছেন বলে উল্লেখ করেন ভারতীয় বংশোদ্ভূত আমেরিকান জনগোষ্ঠীর প্রভাবশালী নেতা চিকিৎসক ভরত বড়াই । তিনি বলেন, 'বাংলাদেশে ব্যবসার ৮০ শতাংশই তৈরি পোশাক রপ্তানি। এই রপ্তানি যদি বন্ধ করে দেওয়া যায়, তাহলে বাংলাদেশের মানুষ কী খাবে?' এছাড়াও বাংলাদেশে হিন্দুদের ওপর দমন পীড়নের দিকে ভারত সরকারের নজর দেওয়া এবং দমনপীড়ন চলতে থাকলে নিষেধাজ্ঞা দেওয়ার আহ্বানও জানিয়েছেন ভারত বড়াই।

এদিকে বাংলাদেশে নিষিদ্ধের আশংকা ইস্যুতে ভারত ও যুক্তরাষ্ট্রের হস্তক্ষেপ চেয়েছেন ইসকন। ইসকনকে নিষিদ্ধ করার দাবি তুলে ড. ইউনূস সরকারকে হুঁশিয়ারি দিচ্ছে মুসলিমরা। বিষয়টি উল্লেখ করে বৃহস্পতিবার সোশাল মিডিয়ায় পোস্ট করেন ইসকনের পূর্বাঞ্চলীয় মুখপাত্র রাধারমণ দাস। ভারত ও আমেরিকার হস্তক্ষেপ দাবি করে এক্স হ্যান্ডেলে রাধারমণ দাস কিছু পোস্ট ও ভিডিও সংযুক্ত করে তা ট্যাগ করেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও আমেরিকার রিপাবলিকান নেত্রী ও যুক্তরাষ্ট্রের জাতীয় গোয়েন্দা পরিচালক হতে যাওয়া তুলসী গ্যাবার্ডকে ট্যাগ করেন।

অনেকেই মানসিক ভারসাম্য হারিয়েছেন

(শেষ পৃষ্ঠার পর)

মানুষ দেখলেই ধরে নিয়ে যাওয়ার ভয় পান তিনি। আচমকা কিছু কানে এলেই ভাবেন গুলির শব্দ। এ অবস্থায় তাকে নেয়া হয় মানিকগঞ্জের বেসরকারি একটি মানসিক স্বাস্থ্য কেন্দ্রে। কিন্তু অবস্থার উন্নতি না হওয়ায় গত ২৫ অক্টোবর অনিককে ভর্তি করা হয় জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউটে।

অনিকের বাবা সেলিম খান অটোরিকশা চালান। তার একার আয়ে চলে ছয় সদস্যের পরিবার। ছেলের চিকিৎসা ব্যয় মেটাতে গিয়ে এরই মধ্যে তিনি নিঃস্ব হয়ে পড়েছেন। সরকারের পক্ষ থেকে কোনো অনুদানও পাননি।

সেলিম খান বলেন, 'হাসপাতাল থেকে ২১ দিনের জন্য রিলিজ দিয়েছে। এখনো ওষুধপত্র নিজের টাকাতেই কিনতে হচ্ছে। যেখানে সংসার চালানোই কঠিন, সেখানে ছেলের চিকিৎসার খরচ মেটাতে আরো বেশি হিমশিম খাচ্ছি। সরকার থেকে কোনো সহযোগিতা পাইনি।'

শুধু অনিক খান নয়, ছাত্র-জনতার অভ্যুত্থানের ভয়াবহতা পর্যবেক্ষণ করে মানসিক ট্রমার শিকার হয়ে জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউটে চিকিৎসা নিয়েছেন ২৬ জন। বিশেষায়িত হাসপাতালটি ঘুরে দেখা যায়, সেখানে এখনো চারজন রোগী চিকিৎসাধীন।

হাসপাতালের রেজিস্ট্রার ডা. মো. তৈয়বুর রহমান জানান, জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউটের একটি টিম অন্যান্য হাসপাতালে চিকিৎসাধীন রোগীদের কাউন্সেলিং করছে। গত সপ্তাহ থেকে জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠানে গিয়ে একটি টিম রোগীদের কাউন্সেলিং শুরু করেছে। আগামী সপ্তাহ থেকে জাতীয় চক্ষুবিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতালে গিয়ে রোগীদের মানসিক স্বাস্থ্যসেবা দেবে আরেকটি টিম।

মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউটের পাশাপাশি বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল ও পাবনা মানসিক হাসপাতালসহ জেলা পর্যায়ের চিকিৎসা কেন্দ্রগুলোয় বেশকিছু রোগী রয়েছেন, যারা অভ্যুত্থানে মানসিক ভারসাম্য হারিয়েছেন।

ডা. মো. তৈয়বুর রহমানের ধারণা, আন্দোলনে অংশ নিয়ে মানসিক ভারসাম্য হারানো রোগীর সংখ্যা সারা দেশে কয়েক হাজার হবে। বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সাইকিয়াট্রিস্ট সঠিক সংখ্যা জানতে জরিপ চালানোর উদ্যোগ নিয়েছে।

চিকিৎসাসেবার বিষয়ে তৈয়বুর রহমান বলেন, 'রোগীদের অবস্থা ভেদে আমরা ব্যবস্থা নিই। প্রাথমিকভাবে বহির্বিভাগে চিকিৎসা ও কাউন্সেলিং দেয়া হয়। সেজন্য হাসপাতালের ২৪২ নম্বর কক্ষে বিশেষ বহির্বিভাগ সেবা চালু রয়েছে সকাল ১০টা থেকে বেলা ১টা পর্যন্ত। এছাড়া গুরুতর রোগীদের ভর্তি রেখে চিকিৎসা দেয়া হয়। হাসপাতালে ভর্তীকৃত ও বহির্বিভাগে চিকিৎসা নেয়া ব্যক্তিদের টিকিট, পরীক্ষা-নিরীক্ষা ও ওষুধ দেয়া হয় বিনামূল্যে।'

এদিকে মানসিক আঘাতপ্রাপ্ত ব্যক্তিদের চিকিৎসা ব্যয় নির্বাহে অনেক পরিবারকে হিমশিম খেতে হচ্ছে। জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট থেকে রিলিজ পাওয়ার পর অনেক রোগীকে নিজ খরচে ওষুধপত্র কিনতে হচ্ছে। এতে আর্থিক সংকটে পড়েছেন স্বজনরা।

এ বিষয়ে মানসিক ভারসাম্য হারানো জাহিদুল ইসলামের পরিবার জানায়, হাসপাতাল থেকে সব বিনামূল্যে দেয়া হয়। কিন্তু মাঝে মাঝে কিছু জিনিস কিনতে হয়। এছাড়া ছেলের পেছনে তিনজন মানুষ তিন মাস ধরে সময় দিচ্ছে। সঞ্চিত অর্থ শেষ, এখন আত্মীয়-স্বজনের থেকে ধার করে চলতে হচ্ছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, আহতদের দেখভাল ও আর্থিক অনুদানের টাকা তুলে দিতে স্বাস্থ্য মন্ত্রণালয় ও জুলাই স্মৃতি ফাউন্ডেশনের পক্ষ থেকে প্রতিটি হাসপাতালে একজন করে ছাত্র প্রতিনিধি নিয়োগ দেয়া হয়। জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউটের দায়িত্বে আছেন আফজালুর রহমান সায়েম। তার ভাষ্য, এখন পর্যন্ত তাকে দায়িত্ব বুঝিয়ে দেয়া হয়নি। মানসিক ভারসাম্যহীন রোগীদের আর্থিক সহযোগিতার বিষয়ে তিনি বণিক বার্তাকে বলেন, 'আমি দায়িত্ব পাওয়ার সঙ্গে সঙ্গে জুলাই স্মৃতি ফাউন্ডেশনে যোগাযোগ করে সহযোগিতার বিষয়টি নিশ্চিত করব।'

জ্যামাইকায় অগ্নিকাণ্ডে ১ জনের মৃত্যু

প্রথম পৃষ্ঠার পর)

৩টার দিকে জ্যামাইকার ১১০তম এভিনিউয়ের অ্যাটিকে স্প্রংফিল্ড বুলেভার্ড এবং ২২১ স্ট্রিটের মাঝখানে অবস্থিত একটি বাসাতে আগুন লাগে। খবর পেয়ে এফডিএনওয়াই কর্মীরা ঘটনাস্থলে পৌঁছে এক ঘন্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে। এ ঘটনায় ওই ঘরের এক বাসিন্দা মারা গেছেন। তবে আগুন লাগার কারণ ও নিহতের নাম পরিচয় তাৎক্ষণিক জানাতে পারেননি এফডিএনওয়াই কর্মকর্তারা। এ বিষয়টি তদন্তনাধীন রয়েছে।

হুজুরের মৃত্যু-রহস্য!

(শেষ পৃষ্ঠার পর)

জানান, হুজুরের অবস্থা ভাল না! দেখ তে চাই লে যেন এখনই চ লে আ সি।

ক'দিন যাবত তিনি ঢাকা মেডিকেলে ভর্তী ছিলেন। বেশ কিছুদিন শরীরটা ভাল যাচ্ছিলো না। নিয়মিত খোঁজখবর রাখতাম। সেদিন অবস্থা গুরুতর শুনে খটকা লাগে! সেগুন বাগিচা থেকে মেডিকেল, রিকশায় আট থেকে দশ মিনিটেই পৌঁছি। দোতালায় যে কেবিনে হুজুর ছিলেন আগেও গেছি দুইএকবার। গিয়ে দেখি বাইরের লোক কেউ নাই। তখনও কেউ এসে পৌঁছায় নাই। হুজুর সোজা চিৎ হয়ে শুয়ে বেডে। চোখদু'টো বোজা। একপাশে স্ত্রী আলেমা ভাসানী থ' হয়ে বসে, অপলক তাকিয়ে হুজুরের মুখের দিকে। পায়ের দিকটায় দু'টো নার্স হতভম্বের মত দাঁড়িয়ে। যেন কিছু বুঝে উঠতে পারছে না।



রুমে ঢুকে হুজরের মুখের দিকে তাকিয়ে মনে হলো ঘুমিয়ে আছেন। রুমের পরিবেশটাও এমন মনে হলোনা যে উনি মারা গেছেন। একবার ভ্রম হয় কেউ কি আমাকে বোকা বানালো! নার্সদের জিজ্ঞেস করি কি হয়েছে। ওরা আমতা আমতা করতে থাকে। হুজুরের স্ত্রীকে শুধাই খালাম্মা কি হয়েছে। তিনি কান্নাজড়িতে কণ্ঠে বলেন, উনি তো ভালাই আছাল। একটু আগে উইঠা নামাজ পড় লো, বইসা খাইলো। নার্সরা কি জানি অষুধ খাওয়াইলো, তারপর ছটফট করতে করতে শুইয়া পড়লো। এখন তো চোখ খুলে না। বলে 'ও বাবুর বাপ' বলে হুজুরকে ডাকতে থাকেন। ভাল করে তাকাই হুজুরের মুখের দিকে। বুকটা স্থির। ওঠানামা করছে না। এবার একটু কড়াভাবে নার্সদের কাছে জানতে চাই কি হয়েছে ওনার। একজন বলে কি হয়েছে তারাও বুঝতে পারছে না। ধমক দিয়ে শুধাই উনি কি মারা গেছেন? ওরা বলে আমরা বুঝতে পারতেছি না। স্যারদের খবর দেওয়া হয়েছে। উনারা এসে বলতে পারবেন। এর মধ্যে নিশ্চিত হয়ে যাই হুজুর আর নাই। মনে মনে ইন্নালিল্লাহ পড়ি। মাথার একপাশে বসে খালাম্মা ফুপিয়ে ফুপিয়ে কান্না করে চলেন। মাঝেমাঝে নার্সদেরকে বকা দেন। এবার বেশ জোরে ধমক দিয়ে শুধাই, কি অষুধ দিছিলেন? ওরা খানিকটা কম্পিতকণ্ঠে বলে, রোজ যা দেই। ভুল অষুধ দিছিলেন? ওরা একইভাবে আমতা আমতা করতে থাকে।

নার্সদেরকে জেরা এবং হুজুরের স্ত্রীর সাথে কথা বলে যা জানা গেল- সকাল থেকে হুজুর বেশ ভাল ছিলেন। সবার সাথে স্বাভাবিকভাবে কথা বলেছেন। যোহরের নামাজ পড়েছেন। দুপুরের খাবারও খেয়েছেন। এরপর নার্সদের কেউ অসাবধানতাবশত: তাকে অন্য কোন অষুধ খাইয়েছে। রিএ্যাকশন হয়ে হুজুরের হার্টবিট বা প্যালপিটিশন বেড়ে যায়। যেটা তিনি সহ্য করতে পারেন নাই, হার্ট এ্যাটাক হয়ে গেছে। এর মধ্যে দু'জন ডাক্তার ছুটে আসেন। সিনিয়রজন হুজুরের পালস পরীক্ষা করেন। স্টেথিস্কোপ দিয়ে হার্টবিট খোঁজার চেষ্টা করেন। তারপর নার্সদের কাছে জানতে চান কি হয়েছিল। ওরা একইভাবে আমতা আমতা করে কিছু বলে। এক ডাক্তার হুজুরের ফাইলটা নিয়ে দেখেন, অষুধগুলো দেখেন। তারপর অন্য ডাক্তারের কানেকানে কিছু বলেন। ইতিমধ্যে খালাম্মা বেশ জোরে কান্না শুরু করেছেন। নার্সদেরকে বকাঝকা করে চলেছেন। বলেন ওরাই তাকে মেরে ফেলেছে। আমি ডাক্তারদেরকে বলি হুজুর তো ভালই ছিলেন। নার্সরা তাকে ভুল অষুধ খাইয়েছে। এক ডাক্তার আমার পরিচয় জানতে চায়। সাংবাদিক জেনে একটু সংযতকণ্ঠে বলে, দেখেন এটা আমাদের চিকিৎসার ব্যপার। আমরা দেখছি। আপনি এখন যান এখান থেকে। আমি তর্ক জুড়ে দেই। বারবার বলতে থাকি ভুল অষুধ খাইয়ে হুজুরকে মেরে ফেলা হয়েছে। এর মধ্যে আরও কয়েকজন এসে যান। বাবু ভাই (হুজুরের বড় ছেলে নাসের খান ভাসানী) চলে আসেন। বড় ডাক্তার। একে একে দলের নেতা কর্মীরা আসতে থাকে। পুলিশ আসে। ভীড় বেড়ে চলে। আমার কথাটা মানুষের কলরবে চাপা পড়ে যায়। ভীড় ঠেলে চলে আসি সেখান থেকে।

ভুল অষুধে যে হুজুরের মৃত্যু হয়েছে এ কথাটা আমি পরদিন আমার দৈনিকে লিখেছিলাম। লীড হেডিংয়ে। এ নিয়ে সম্ভবত: কিছুদিন হৈ চৈও চলেছিল। একটা তদন্ত কমিটিও হয়েছিল। ওই পর্যন্তই। রাষ্ট্রক্ষমতায় তখন জিয়াউর রহমান। ভরা মার্শাল ল'র যুগ। হয়তো সরকার চেয়েছিল এ নিয়ে যেন আর ঘাঁটাঘাটি না হয়। হুজুরের দল ন্যাপের নেতারা তখন জিয়াউর রহমানের সাথে যোগ দিয়ে মন্ত্রী এমপি হবার ছক কষছেন। তারাও হয়তো সরকারকে এ নিয়ে বিব্রত করতে চান নাই। ফলে হুজুরের মৃত্যুরহস্য উদ্ঘাটনের তদন্ত কমিটি ওভাবেই পড়ে থাকলো। মওলানা ভাসানীর মৃত্যু- রহস্যাবৃতই রয়ে রইলো!

ছবি পরিচিতি: আওয়ামী দু:শাষনের প্রতিবাদ এবং বিভিন্ন দাবী দাওয়া আদায়ের লক্ষ্যে মাওলানা ভাসানী ১৯৭৩ সালের ১৫ই মে থেকে আমরন অনশনে যান। বয়স তখন তার ৯০। বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দের অনুরোধে আট দিন পর ২২শে মে তিনি অনশন ভঙ্গ করেন। অনশনস্থল ছিল মতিঝিল ন্যাপ কার্যালয়। এই সময়কালেই শুয়ে থাকা অবস্থায় হুজুরের এই ছবিটি তোলা।

প্রধান উপদেষ্টার ভাষণ; কি বলছে দেশের দৈনিক পত্রিকাগুলো?

বাংলা পত্রিকা ডেস্কঃ বাংলাদেশ অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা জাতির উদ্দেশে ভাষণ দেন রোববার। তাঁর ভাষণের উপর ভিত্তি করে দেশের বেশিরভাগ সংবাদপত্র পর্যালোচনা ও রাজনৈতিক দলগুলোর মনোভাব এবং নির্বাচন কবে হবে সে বিষয়টি তুলে ধরে প্রধান শিরোনাম করেছে। তবে কিছু গণমাধ্যম দেশের অর্থনৈতিক বিনিয়োগ ও ব্যাংকখাতকে তুলে ধরে প্রধান শিরোনাম করেছে। বিস্তারিত তুলে ধরা হলো বাংলা পত্রিকার পাঠকদের জন্য।

প্রথম আলো

অন্তর্বর্তী সরকারের ১০০ দিন পূর্তি উপলক্ষে দৈনিক প্রথম আলোর প্রথম পাতার খবর 'মানুষের আস্থা ফেরেনি, প্রত্যাশা অনেক'। প্রতিবেদনে বলা হয়, ছাত্রজনতার অভ্যুত্থানে শেখ হাসিনা সরকারের পতনের পর গঠিত অন্তবর্ত্তী সরকারের ১০০ দিন পার হলেও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এখনো পুরোপুরি গুছিয়ে উঠতে পারেনি। একেবারে বিপর্যস্ত অবস্থা থেকে তিন মাসের মাথায় দৃশ্যমান উন্নতি হলেও পুলিশের ওপর মানুষের আস্থা এখনো ফেরেনি। উপরন্তু মানুষের প্রত্যাশ্য বেড়েছে।

সংশিষ্ট সূত্রগুলো বলছে, পুলিশের একটা অংশ এখনো অনিশ্চয়তার মধ্যে রয়েছে। ফলে পুলিশি কার্যক্রমে গতি কিছুটা বাড়লেও বাহিনীর সদস্যদের মনোবল ফেরানো এখনো বড় চ্যালেঞ্জ হয়ে রয়েছে। এর প্রভাব পড়েছে সামগ্রিক আইনশৃঙ্খলা পরিস্থিতিতেও। ঢাকাসহ দেশের বিভিন্ন এলাকায় অপরাধ বৃদ্ধির প্রবণতা দেখা গেছে।

অক্টোবর-নভেম্বর থেকে পরিস্থিতির কিছুটা উন্নতি হয়েছে বলে পুলিশের পক্ষ থেকে বলা হলেও বাহিনীর বিভিন্ন পর্যায়ে কথা বলে জানা গেছে, পুলিশ সদস্যদের অনেকে এখনো মামলার ভয়ে আছেন। আবার বিভিন্ন স্থানে নতুন পদায়ন হওয়া মাঠপর্যায়ের কর্মকর্তা বা সদস্যদের অনেকে পরিস্থিতির সঙ্গে খাপ খাইয়ে নিতে পারছেন না। যেমন ঢাকা মহানগর পুলিশে (ডিএমপি) অর্ধেকের বেশি নতুন মুখ। আভিযানিক দায়িত্বে থাকা কর্মকর্তা ও কনস্টেবলদের অনেকে আছেন, যাঁরা ঢাকার এলাকাগুলো এখনো ভালোভাবে চেনেন না।

স্বরাষ্ট্র উপদেষ্টা মো. জাহাঙ্গীর আলম চৌধুরীও বিষয়টি স্বীকার করে ৪ নভেম্বর এক অনুষ্ঠানে বলেছেন, 'ঢাকার প্রায় সব পুলিশকে আমরা পরিবর্তন করছি। তাদের কিন্তু অলিগলি চিনতেও সময় লাগবে। তাদের ইন্টেলিজেন্স নেটওয়ার্ক করতে সময় লাগবে।'

পুলিশি কার্যক্রমে গতি ফেরাতে পুলিশের ওপর মানুষের আস্থার সংকটকে একটা বড় প্রতিবন্ধকতা হিসেবে দেখছে সংশি ষ্ট সূত্রগুলো। তাঁরা বলছেন, ১৫ বছর ধরে পুলিশকে দলীয় পেটোয়া বাহিনীর মতো ব্যবহার করেছে শেখ হাসিনা সরকার। সর্বশেষ জুলাইআগস্ট আন্দোলনে পুলিশকে জনগণের মুখোমুখি দাঁড় করিয়ে ব্যাপক হত্যাকাণ্ড ঘটিয়েছে। শেখ হাসিনা দেশ ছেড়ে পালিয়ে যাওয়ার পর ১০০ দিন পার হলেও মানুষের মনে পুলিশ সম্পর্কে এখনো নেতিবাচক ধারণা রয়ে গেছে। অনেকে এটাকে সুযোগ হিসেবে কাজে লাগিয়ে পুলিশের ওপর প্রভাব বিস্তারেরও চেষ্টা করছেন। কারও কারও মধ্যে পুলিশের বৈধ নির্দেশনা না মানার প্রবণতা তৈরি হয়েছে। বিশেষ করে সড়কে ট্রাফিক পুলিশের নির্দেশনা লঙ্ঘনের প্রবণতা বেশি দৃশ্যমান। মামলাজরিমানা করেও যানবাহনকে শৃঙ্খলায় আনা যাচ্ছে না।

আবার বিভিন্ন মহানগর, জেলা ও রেঞ্জের গুরুত্বপূর্ণ পদে যেসব কর্মকর্তাকে দেওয়া হয়েছে, তাঁদের বড় অংশ বিগত সরকারের আমলে পদবঞ্চিত। তাঁদের দীর্ঘদিন 'অপারেশনাল' কার্যক্রমের বাইরে রেখেছিল সাবেক সরকার। তাঁদের অনেকেই এলাকাভিত্তিক অপরাধ ও অপরাধীদের ধরন এবং কার্যপরিধি ও এর বাস্তবায়নের প্রক্রিয়া সম্পর্কে এখনো পুরোপুরি বুঝে উঠতে পারেননি।

SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable.



বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন
রবিবার জ্যামাইকা ও জ্যাকসন হাইট্স ব্যতীত অন্যান্য শাখা বন্ধ

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে
আপনার মোবাইল থেকে
Sonali Exchange App.
ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্ক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DF&I NJ, DIFS MI, DB&F GA, OCFR MD AND FLOFR FL
NMLS NO. 1098789

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-829-3875	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক
Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432
Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 166 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C.
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462
FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist
আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন।
আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।
*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।
শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)
আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা
আমরা আমেরিকার যে কোন স্টেট ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।
স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্ধতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।
Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

GLOBAL MULTI SERVICES, INC



তারেক হাসান খান, সিইও
অভিজ্ঞ ট্যাক্স প্রিপারেটরের মাধ্যমে
ট্যাক্স এনালাইসিস ও ফাইলিং করা হয়
- INCOME TAX
- IMMIGRATION
- ACCOUNTING
- TAX AUDIT
- BUSINESS SETUP
- TRAVELS



37-18, 74th Street, Suite#202, Jackson Heights, NY 11372
Ph: (718) 205-2360, Fax: (718) 799-5864, Email: globalmsinc@yahoo.com

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে

প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়



আমরা বাংলায় কথা বলি



নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।

❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং

PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ **(347) 851-2688**

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনাদের সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

SEEMA GULIANI, ESQ / ATTORNY AT LAW

LAW OFFICE OF SEEMA GULIANI

BY APPOINTMENT ONLY

212-691-4343

seemagulianiesq@gmail.com

198-42 FOOTHILL AVE. HOLLIS NY. 11423

WE SPECIALIZE IN

- VAWA
- ASYLUM
- NVC PROCESS
- NATURALIZATION
- TOURIST VISAS (B1/B2)
- RELIGIOUS WORKER
- UNCONTESTED DIVORCES
- FAMILY BASED PETITIONS
- FIANCE/MARRAIGE VISAS
- LEGAL PERMANENT RESIDENCY
- EMPLOYMENT BASED VISAS

(H-1B. PERM, I-140. EB1, EB2, EB3

সংস্কার শেষে

প্রথম পৃষ্ঠার পর)

এছাড়াও শেখ হাসিনাকেও ভারত থেকে ফেরত চাওয়ার কথা ভাষণে বলেন প্রধান উপদেষ্টা।

ছাত্র-জনতার অভ্যুত্থানে গত ৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের পতন হয়। এরপর ৮ আগস্ট ড. মুহাম্মদ ইউনূসকে প্রধান উপদেষ্টা করে অন্তর্বর্তী সরকার গঠিত হয়। বর্তমানে অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা পরিষদের সদস্যসংখ্যা ২৪।

নির্বাচনের ট্রেন যাত্রা শুরু করেছে উল্লেখ করে প্রধান উপদেষ্টা বলেন, 'এটা আর থামবে না। কিন্তু যেতে যেতে আমাদের অনেকগুলো কাজ সেরে ফেলতে হবে। এই ট্রেন শেষ স্টেশনে কখন পৌঁছাবে, সেটা নির্ভর করবে, কত তাড়াতাড়ি আমরা তার জন্য রেললাইনগুলো বসিয়ে দিতে পারি, আর তা হবে রাজনৈতিক দলগুলোর ঐকমত্যের মাধ্যমে।'

ভাষণের শুরুতে মুক্তিযুদ্ধের লাখ লাখ শহীদ এবং গত জুলাই-আগস্ট মাসে ফ্যাসিবাদের বিরুদ্ধে ছাত্র, শ্রমিক, জনতার অভ্যুত্থানে নিহত সব শহীদকে সশ্রদ্ধ সালাম ও গভীর শ্রদ্ধা জানান প্রধান উপদেষ্টা। একই সঙ্গে স্মরণ করেন ফ্যাসিবাদী শক্তির বিরুদ্ধে লড়াই করে যাঁরা আহত হয়েছেন, পঙ্গুত্ব বরণ করেছেন, চোখের দৃষ্টি হারিয়েছেন এবং যাঁরা ৯ দফা ও ১ দফা নিয়ে দাঁড়িয়েছেন, যাঁরা দেশকে এক হিংস্র স্বৈরাচারের হাত থেকে বাঁচিয়েছেন।

প্রথম ১০০ দিন অতিক্রম করার কথা উল্লেখ করে ড. ইউনূস বলেন, এক কঠিন পরিস্থিতিতে দায়িত্ব গ্রহণ করতে হয়েছে। ছাত্র-শ্রমিক-জনতার অভূতপূর্ব অভ্যুত্থানের পর ফ্যাসিস্ট সরকারপ্রধান পালিয়ে গেলে দেশ সরকারশূন্য হয় সাময়িকভাবে। পুলিশ প্রশাসনও এ সময় সম্পূর্ণ নিষ্ক্রিয় হয়ে পড়লে উদ্বেগজনক এক পরিস্থিতির সৃষ্টি হয়। স্বৈরশাসনে বিপর্যস্ত এই দেশকে সবাইকে মিলে পুনর্গঠন করতে হচ্ছে।

শেখ হাসিনাকে ভারত থেকে ফেরত চাইব

ড. মুহাম্মদ ইউনূস বলেন, জুলাই-আগস্টে বিপ্লব চলাকালে প্রায় দেড় হাজার ছাত্র-শ্রমিক-জনতার শহীদি মৃত্যু হয়। এই বিপ্লবে আহত হয়েছেন ১৯ হাজার ৯৩১ জন। আহত ব্যক্তিদের জন্য ঢাকার ১৩টি হাসপাতালসহ বিভিন্ন বিশেষায়িত হাসপাতালে চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে। প্রতিদিনই তালিকায় আরও নতুন নতুন শহীদের তথ্য যোগ হচ্ছে, যাঁরা স্বৈরাচারের আক্রোশের শিকার হয়ে পৃথিবী ছেড়ে চলে গেছেন। তিনি বলেন, 'প্রতিটি হত্যার বিচার আমরা করবই। জুলাই-আগস্ট হত্যাকাণ্ডের বিচারের যে উদ্যোগ আমরা নিয়েছি, তার কাজও বেশ ভালোভাবে এগিয়ে যাচ্ছে। পতিত স্বৈরাচার শেখ হাসিনাকেও আমরা ভারত থেকে ফেরত চাইব।'

শুধু জুলাই-আগস্ট হত্যাকাণ্ডই নয়, গত ১৫ বছরে সব অপকর্মের বিচার করা হবে উল্লেখ করে ড. ইউনূস বলেন, অসংখ্য মানুষ গুম হয়েছে, খুন হয়েছে এই সময়ে। গুমের তদন্তে একটি কমিশন গঠন করা হয়েছে। কমিশনপ্রধান তাঁকে জানিয়েছেন, অক্টোবর পর্যন্ত তাঁরা ১ হাজার ৬০০ গুমের তথ্য পেয়েছেন। তাঁদের ধারণা, এই সংখ্যা ৩ হাজার ৫০০ ছাড়িয়ে যাবে। অনেকেই কমিশনের কাছে গুমের অভিযোগ করতে ভয় পাচ্ছেন এই ভেবে যে অভিযুক্ত ব্যক্তিদের দ্বারা তাঁরা আবার আক্রান্ত হতে পারেন, ক্ষতিগ্রস্ত হতে পারেন। তিনি দ্বিধাহীন চিত্তে কমিশনকে অভিযোগ জানানোর আহ্বান জানিয়ে বলেন, 'কারও সাধ্য নেই আপনাদের গায়ে আবার হাত দেয়।'

কেবল দেশে নয়, গুম-খুন ও জুলাই-আগস্ট গণহত্যার সঙ্গে জড়িতদের আন্তর্জাতিক আদালতেও বিচারের উদ্যোগ নেওয়া হয়েছে জানিয়ে ড. ইউনূস বলেন, ইন্টারন্যাশনাল ক্রিমিনাল কোর্টের প্রধান কৌসুলি করিম খানের সঙ্গে তাঁর ইতিমধ্যে কথা হয়েছে।

প্রতি শহীদ পরিবারকে ৩০ লাখ টাকা দেওয়া হচ্ছে

গণ-অভ্যুত্থানে সব শহীদের পরিবারকে পুনর্বাসন করা হবে জানিয়ে প্রধান উপদেষ্টা বলেন, আহত সব শিক্ষার্থী-শ্রমিক-জনতার চিকিৎসার সম্পূর্ণ ব্যয় সরকার বহন করবে। প্রতিটি শহীদ পরিবারকে সরকারের পক্ষ থেকে ৩০ লাখ টাকা দেওয়া হচ্ছে। যাঁরা বুলেটের আঘাতে দৃষ্টিশক্তি হারিয়েছেন, তাঁদের চিকিৎসার জন্য নেপাল থেকে কর্নিয়া আনার ব্যবস্থা করা হয়েছে। যাঁদের প্রয়োজন সরকারের পক্ষ থেকে বিদেশে চিকিৎসার জন্য পাঠানো হচ্ছে। জুলাই অভ্যুত্থানের কোনো শহীদ এবং আহত ছাত্র-শ্রমিক চিকিৎসাসেবা ও পুনর্বাসন পরিকল্পনা থেকে বাদ যাবে না। গণ-অভ্যুত্থানে শহীদদের স্মৃতি ধরে রাখতে গঠিত 'জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশন' বেশ পাকাপোক্তভাবে তাদের কাজ শুরু করেছে।

পতিত স্বৈরাচার পুলিশকে দলীয় কর্মীর মতো ব্যবহার করেছে মন্তব্য করে প্রধান উপদেষ্টা বলেন, বাধ্য হয়ে তাঁদের অনেকেই গণহত্যায় অংশ নিয়েছেন। খুবই স্বাভাবিক প্রতিক্রিয়া হিসেবে তাঁরা জনরোষের শিকার হয়েছেন। এতে তাঁদের মনোবল অনেক কমে যায়। পুলিশের মনোবল ফিরিয়ে এনে আবার আইনশৃঙ্খলা রক্ষায় কাজে লাগানোর চেষ্টা করছেন। এ ক্ষেত্রে অনেক দৃশ্যমান উন্নতিও হয়েছে। আইনশৃঙ্খলা রক্ষায় বাংলাদেশ সেনাবাহিনীকেও কিছু নির্বাহী ক্ষমতা দেওয়া হয়েছে, যা পরিস্থিতির দৃশ্যমান উন্নতিতে সহায়তা করেছে।

দেশের রাজনৈতিক দলগুলোর নেতাদের ধন্যবাদ জানিয়ে ড. ইউনূস বলেন, 'আমরা যখন দায়িত্ব গ্রহণ করি, বাংলাদেশ তখন সম্পূর্ণ অরক্ষিত একটা দেশ। এ সময় ধর্মীয় সংখ্যালঘুদের মধ্যে অহেতুক আতঙ্ক ছড়ানোর চেষ্টা করা হয়েছে। কয়েকটি ক্ষেত্রে তাঁরা সহিংসতারও শিকার হয়েছেন। কিন্তু এটা নিয়ে যেসব প্রচার-প্রচারণা হয়েছে, তা ছিল সম্পূর্ণ অতিরঞ্জিত। অল্প যেসব সহিংসতার ঘটনা ঘটেছে, তার মূল কারণ ছিল রাজনৈতিক। কিন্তু এসব ঘটনাকে ধর্মীয় আবরণ দিয়ে বাংলাদেশকে নতুন করে অস্থিতিশীল করে তোলার চেষ্টা হয়েছে। সবার সহযোগিতায় আমরা দৃঢ়ভাবে পরিস্থিতি সামাল দিয়েছি।'

প্রধান উপদেষ্টা বলেন, শুধু হিন্দু সম্প্রদায়ই নয়, দেশের কোনো মানুষই যাতে কোনোরকম সহিংসতার শিকার না হয়, সে জন্য যথাসাধ্য চেষ্টা করেছেন।

দ্রব্যমূল্য নিয়ে লুকোছাপা নেই

বন্যা-পরবর্তী সময়ে বাজারে শাকসবজিসহ নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম বাড়ার কথা তুলে ধরে প্রধান উপদেষ্টা বলেন, নিত্যপণ্যের দাম সহনীয় পর্যায়ে রাখতে যথাসাধ্য চেষ্টা করা হচ্ছে। রাজধানীসহ বিভিন্ন স্থানে সরকারি কিছু পণ্য স্বল্প মূল্যে বিক্রি করা হচ্ছে। টিসিবির মাধ্যমে এক কোটি নিম্ন আয়ের ফ্যামিলি কার্ডের মধ্যে ৫৭ লাখকে স্মার্ট কার্ডে রূপান্তর করা হয়েছে। বন্যার ফলে উৎপাদন ব্যাহত হওয়ায় চাল আমদানিতে শুল্ক ছাড় দেওয়া হয়েছে। দ্রব্যমূল্য নিয়ে সরকারের কোনো লুকোছাপা নেই।

ডিসেম্বর-জানুয়ারির মধ্যেই সংস্কার কমিশনের সুপারিশ

প্রধান উপদেষ্টা বলেন, সরকারের সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজ হচ্ছে, একটি অবাধ, সুষ্ঠু নির্বাচন আয়োজনের মধ্য দিয়ে নির্বাচিত সরকারের কাছে দায়িত্ব হস্তান্তর। তাঁরা রাজনৈতিক দলগুলোর সঙ্গে নিয়মিত যোগাযোগ অব্যাহত রেখেছেন। বিভিন্ন ইস্যুতে তাঁদের মতামত নিচ্ছেন। সরকারের সিদ্ধান্তগ্রহণে এসব মতামত অনেকাংশে প্রতিফলিত হচ্ছে। চলমান সংস্কারপ্রক্রিয়ায় তাদের প্রতিটি মতামত সক্রিয়ভাবে বিবেচনায় নেওয়া হচ্ছে। আশা করা হচ্ছে, নির্ধারিত সময়ে ডিসেম্বর-জানুয়ারির মধ্যেই সংস্কার কমিশনগুলো তাদের সুপারিশমালা সরকারের কাছে পেশ করতে পারবে। তাদের সুপারিশ নিয়ে রাজনৈতিক দলগুলোর সঙ্গে ক্রমাগতভাবে আলোচনায় বসবেন। সবার ঐকমত্যের ভিত্তিতেই সংস্কার প্রস্তাব চূড়ান্ত করা হবে।

কয়েক দিনের মধ্যে নির্বাচন কমিশন গঠন

সরকার নির্বাচন আয়োজনের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে শুরু করেছে উল্লেখ করে প্রধান উপদেষ্টা বলেন, কয়েক দিনের মধ্যে নির্বাচন কমিশন গঠন হয়ে যাবে। এর পর থেকে নির্বাচন আয়োজন করার সমস্ত দায়িত্ব তাদের ওপর বর্তাবে। নির্বাচন কমিশন ভোটার তালিকা হালনাগাদসহ আরও কিছু কাজ শুরু করে দিতে পারবে, যা একটি অবাধ নির্বাচনের সঙ্গে সরাসরি সম্পৃক্ত। প্রথমবারের মতো প্রবাসী বাংলাদেশিরা পোস্টাল ব্যালটের মাধ্যমে যাতে তাঁদের ভোটাধিকার প্রয়োগ করতে পারেন, সে লক্ষ্যেও সরকার কাজ করছে।

নির্বাচন নিয়ে বক্তব্য বিনা দ্বিধায় বলার আহ্বান জানিয়ে প্রধান উপদেষ্টা বলেন, 'আমার অনুরোধ সংস্কারের কথাটাও একই সঙ্গে বলুন। সংস্কারকে পাশ কাটিয়ে যাবেন না। নির্বাচনের কথা বলার সঙ্গে নির্বাচন ও অন্যান্য ক্ষেত্রে সংস্কারের কথাটিও বলুন। সংস্কার হলো জাতির দীর্ঘমেয়াদি জীবনী শক্তি। সংস্কার জাতিকে বিশেষ করে তরুণ-তরুণীদের নতুন পৃথিবী সৃষ্টির সুযোগ দেবে। জাতিকে বঞ্চিত করবেন না।'

'সংস্কারের জন্য নির্বাচন কয়েক মাস বিলম্বিতও করা যেতে পারে'

প্রধান উপদেষ্টা বলেন, নির্বাচন আয়োজনে যে সংস্কার কমিশনের সুপারিশমালায় রাজনৈতিক দলগুলো এবং দেশের সব মানুষের মতামত অপরিহার্য, সে কমিশন হলো সংবিধান সংস্কার কমিশন। এই সুপারিশমালার যে অংশ সবার কাছে গ্রহণযোগ্য হবে, তার ভিত্তিতে নির্বাচনী আইন সংশোধন করতে হবে। সমান্তরালভাবে ভোটার তালিকা হালনাগাদ করার প্রক্রিয়া চলতে থাকবে।

ড. ইউনূস বলেন, 'আমি নিশ্চিত নই, সংস্কার প্রস্তাবগুলো বাস্তবায়নের সুযোগ আমরা কতটুকু পাব। তবে আমি আপনাদের কথা দিচ্ছি, আপনারা সুযোগ দিলে প্রয়োজনীয় কিছু অত্যাবশ্যকীয় সংস্কারকাজ শেষ করেই আমরা আপনাদের কাঙ্ক্ষিত নির্বাচন আয়োজন করব। তত দিন পর্যন্ত আমি আপনাদের ধৈর্য ধারণ করার অনুরোধ করব। আমরা চাইব, যেন এমন একটি নির্বাচনব্যবস্থা সৃষ্টি করতে পারি, যা যুগ যুগ ধরে অনুসরণ করা হবে। এর ফলে সাংবাৎসরিক রাজনৈতিক সংকট থেকে আমাদের দেশ রক্ষা পাবে। এ জন্য প্রয়োজনীয় সময়টুকু আমি আপনাদের কাছে চেয়ে নিচ্ছি। নির্বাচনী সংস্কারের সিদ্ধান্ত হয়ে গেলে খুব দ্রুত আপনারা নির্বাচনের রোডম্যাপও পেয়ে যাবেন।'

প্রধান উপদেষ্টা বলেন, নির্বাচন ছাড়াও আরও গুরুত্বপূর্ণ সংস্কার করার ব্যাপারে ঐকমত্য গঠনের জন্য অতিরিক্ত সময় প্রয়োজন হতে পারে। দেশবাসীর কাছে, বিশেষ করে রাজনৈতিক দলগুলোর কাছে ক্রমাগতভাবে প্রশ্ন তুলতে থাকব, কী কী সংস্কার নির্বাচনের আগে করে নিতে চান। নির্বাচনের আয়োজন চলাকালীন কিছু সংস্কার হতে পারে। সংস্কারের জন্য নির্বাচনকে কয়েক মাস বিলম্বিতও করা যেতে পারে।

'সুযোগটা যেন হাতছাড়া না হয়'

নোবেলজয়ী ড. ইউনূস বলেন, 'আমরা দুই দিন পর চলে যাব। কিন্তু আমাদের মাধ্যমে জাতির জন্য যে ঐতিহাসিক সুযোগ সৃষ্টি হলো, সে সুযোগটা যেন কোনোরকমেই হাতছাড়া করে না দিই, এটার ব্যাপারে দৃঢ় থাকার জন্য আমি দলমত, নারী-পুরুষ, ধর্ম, তরুণ-বৃদ্ধ, ছাত্র, ব্যবসায়ী, শ্রমিক, কৃষক নির্বিশেষে সবার কাছে আহ্বান জানাচ্ছি। আশা করি, আপনারা আমার এই আবেদন গ্রহণ করবেন।'

তিন মাসে নিয়োগ, পদোন্নতি, অধ্যাদেশ বা আইন প্রণয়নসহ সরকারের বিভিন্ন কার্যক্রম এবং সফলতার কথা তুলে ধরেন প্রধান উপদেষ্টা। বলেন, '১০০ দিন আগে আর্থিক দিক থেকে আমরা যে লন্ডভন্ড অবস্থা থেকে যাত্রা শুরু করেছিলাম, সেটা এখন অতীত ইতিহাস হয়ে দাঁড়িয়েছে। এই ১০০ দিনে অর্থনীতি সবল অবস্থানে চলে এসেছে।'

প্রধান উপদেষ্টা বলেন, পতিত সরকার ও তার দোসররা প্রতিবছর দেশ থেকে ১২ থেকে ১৫ বিলিয়ন ডলার পাচার করেছে। দুর্নীতিবিরোধী সংস্থা ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ সম্প্রতি এই তথ্য দিয়েছে। পাচার হয়ে যাওয়া এই অর্থ ফিরিয়ে আনতে সম্ভাব্য সব ধরনের উদ্যোগ নেওয়া হয়েছে।

এই সংকটের সময়ে সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়ার জন্য বিশ্বনেতাদের ধন্যবাদ জানিয়ে ড. ইউনূস বলেন, ইউরোপীয় ইউনিয়নের ২০ দেশের রাষ্ট্রদূতেরা দিল্লিতে থাকেন। সাত দেশের রাষ্ট্রদূতেরা ঢাকায় থাকেন। দিল্লি থেকে একসঙ্গে ২০ জন রাষ্ট্রদূতসহ মোট ২৭ দেশের রাষ্ট্রদূত সমবেতভাবে তাঁর সঙ্গে বৈঠক করার জন্য কয়েক দিনের মধ্যে ঢাকায় আসছেন।

সরকারকে ব্যর্থ করতে মহাপরিকল্পনা

এ সরকারকে ব্যর্থ করার জন্য, অকার্যকর করার জন্য বিশাল অর্থে বিশ্বব্যাপী এবং দেশের প্রতিটি স্থানে, প্রতিটি প্রতিষ্ঠানে এক মহাপরিকল্পনা প্রতি মুহূর্তে কার্যকর রয়েছে বলে উল্লেখ করেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। এ বিষয়ে সবাইকে সতর্ক থাকার আহ্বান জানিয়ে তিনি বলেন, 'তাদের একটি বড় চেষ্টা হচ্ছে আমাদের মধ্যে বিভেদ সৃষ্টি করা। পতিত সরকারের নেতারা, যারা এ দেশ থেকে বিপুল পরিমাণ অর্থ পাচার করে নিয়ে গেছে, সে অর্থে বলীয়ান হয়ে তারা দেশে ফিরে আসার জন্য চেষ্টা করে যাচ্ছে। তাদের কিছুতেই সফল হতে দেবেন না। তারা সফল হওয়া মানে জাতির মৃত্যু। সাবধান থাকুন। তাদের সব হীন চেষ্টাকে আমাদের ঐক্যের মাধ্যমে নস্যাৎ করে দিন। যেভাবে নস্যাৎ করেছিলেন তাদের বন্দুকের গুলিকে। তাদের আয়নাঘরকে। প্রতি পায়ে

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



এটর্নী মঈন চৌধুরী
Moin Choudhury, Esq.
Hon. Democratic District Leader at Large, Queens, NY
মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।
সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইনক.
917-282-9256
Email: moinlaw@gmail.com
Moin Choudhury, Esq
Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



Timothy Bompart
Attorney at Law

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্ম
ফেডারেল ডিজএবিলিটি
(ফোস অগ্রিম ফি নেয়া হয় না)
Immigration
(To Schedule Appointment Only)
Call:917-282-9256
E-mail: moinlaw@gmail.com



Moin Choudhury
Attorney at Law

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan Office By Appointment Only.
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076
Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

ইসরাইলপন্থিদের নিয়োগে বেকায়দায়

প্রথম পৃষ্ঠার পর)

হামাসকে উদ্দেশ্য করে তিনি বলেন, এইসব মানুষ হলো হিংস্র প্রাণী।

২৪৫ স্ট্রীট বেলরোজ কুইন্স এ সেমিবেসমেন্টে এক বেডরুমের বাসা (লিভিং / ডাইনিং, কিচেন) এবং প্রথম তলায় একটি সিঙ্গেল রুম ভাড়া হবে পহেলা আগস্ট হতে। LIRR 3 minutes walk. Parking available. Ph: 917-605-9315.

বাসা ভাড়াঃ
জ্যামাইকা পারসন্স বুলেভার্ড এলাকায় এফ ট্রেন এর ২ মিনিট হাঁটার দূরত্ব, ৩ বেডরুম এর বাসার একটি রুম/ শেয়ারে ভাড়া হবে। শুধুমাত্র পুরুষ ব্যাচেলারের জন্য। যোগাযোগঃ 929-261- 9941.

বাসা ভাড়াঃ
রিচমন্ডহিল ৮৬ এভিনিউ ১২৭ স্ট্রীট ২য় তলা জুলাই ১ তারিখ থেকে ৩ রুম, কিচেন, ডাইনিং ১ বাথরুম সম্পূর্ণ নতুন ভাড়া দেয়া হবে। যোগাযোগঃ ৯১৭-৩০২ ৭১৫৬.

বেসমেন্ট ভাড়াঃ
বেসমেন্ট ভাড়া দেয়া হবে ১লা আগস্ট থেকে কুইন্স ভিলেজ ২ বেডরুমের বেসমেন্ট ভাড়া দেয়া হবে (ফ্যামিলি কেস) কিচেন, বাথরুম সম্পূর্ণ আলাদা, বাসার নিকেটঃ কিউ ২ এবং কিউ-৭৭ বাস। ১০১ এভিনিউ, ২০৮ স্ট্রীট কুইন্স ভিলেজ। যোগাযোগঃ ৯২৯-৩৫০-৭২৯৫.

বেসমেন্ট ভাড়াঃ
জুলাই মাস অথবা ১লা আগস্ট, ২০২৪ হতে স্বামী-স্ত্রী অথবা ২জন কর্মজীবী মহিলা- ৪৬৯ জর্জিয়া এভিনিউ, ব্রুকলীন, নিউ ইয়র্ক ১১২০৭। সাবওয়ে ৩ এবং এল ট্রেন। যোগাযোগঃ ৯১৭-৩৬২ ৩১৯০.

সেমিবেসমেন্ট ভাড়াঃ
জ্যামাইকা ২০৪ স্ট্রীট ৯০ এভিনিউ একটি প্রাইভেট হাউজের বেসমেন্ট ভাড়া হবে। স্বামী-
স্ত্রীর অথবা কর্মজীবী মহিলা অগ্রাধিকার।
ফোনঃ ৩৪৭-২৬৪-০৭৩৫

সেমিবেসমেন্ট ভাড়াঃ
কুইন্স ভিলেজ হিলসাইড এভিনিউ ২১৬ স্ট্রীট এবং ৯০ এভিনিউতে সেমিবেসমেন্ট অধূমপায়ী কর্মজীবী দম্পতি/ মহিলার নিকট ভাড়া দেয়া হবে। নিকটে মসজিদ, গ্রোসারী। ভাড়া আলোচনা সাপেক্ষে। ৯১৭-৯৪৫-২০৭৫.

House for Rent:
3 bed rooms in Parkchester, Bronx, rent $3200. On sutter Ave. in East New York/ Ozone Parki, 4 beds, 2 baths, rent $3500. In Saint Albans, 4 beds, 2 baths duplex. Rent $4000. We accept City PHEPS & Section 8.
Please call to rent : 347-465-3220 Kamruz Zaman Baccu or
email:
kamruzbaccu1@gmail.com

House for rent:
(1) Renovated 4 bed ,1 bathroom. (1) New 3 bed and 1 bathroom basement. Queen Village. 631-568-6061. Close to Bus or train.

House For Rent: October 1st 3 bedroom 1 bath For rent in 2nd floor one block away from Mosque & Grocery . Q6 bus 3 stop to Sutphin Blvd E train . zip code 11433 . Next to Fresh Farm Halal Supermarket.
Contact- 347-925-3356 or 929-542-6400.

House for rent :
3551 Rochambeau Ave, 2nd Floor, 3 Bedroom, Big Living Room eat in Kitchen, Bronx NY 10462. Call or text-718 690-4556, 631-337 6029.

Apartment for rent:
1 BDRM in Ozone Park near Woodhaven Blvd. 1st Fl, all included. Mul tiple Bachelors preferred $1,900, available immediately. 646-267-7919.

Apartment for rent:
2 bedrooms 1st floor or 3 bedrooms 2nd Floor with living room at 143 Street and 84th Drive, Briarwood, Walking distance to E/F train. Good Credit and income re quired. Contact 646 389-8259.

Help wanted:

GRAPHICS DESIGN WANTED. Need Experiences with Photoshop / Illustrator. We do payroll if you have work authorizing papers. Send resumes (mail: mkamal951@gmail.com, Cell: 646-945- 6794. Al Print and Computer Center 17020A Hillside Ave NY 11432.

টিএলসি কার ভাড়াঃ টিএলসি ভাড়া হবে। লং টাইমের জন্য হাইব্রিড কার ভাড়া হবে। যোগাযোগঃ ৭১৮- ২৪৯-৯৫২৫. টিএলসি গাড়ি ভাড়াঃ টিএলসি গাড়ি ভাড়া দেওয়া হবে। হাইব্রিড হোন্ডা একরড ২০১৮। ভাড়া সাপ্তাহিক ৫০০ ডলার। আগ্রহীগণ যোগাযোগ (৭১৬) ৮০০-৭৬২৩

ড্রাইভারঃ জ্যাকসন হাইটস ও উডসাইড এলাকায় র‍্যাভ-৪ ইয়েলো ক্যাব গাড়ির জন্য দিনের শিফটের জন্য একজন ড্রাইভার আবশ্যক। যোগাযোগঃ 929-229-6836.

ড্রাইভারঃ TLC বাৎসরিক চুক্তিতে, চারশত মাস করে, আগ্রহীরা নিম্নের নম্বরে যোগাযোগ করুন। মোবাঃ 646-704-5749.

সামাজিক সম্পর্ক বিনষ্টকারী কিছু বিষয়

জাফর আহমাদ

ব্যক্তিগত ও সামাজিক সম্পর্ক বিনষ্টকারী কিছু অসৎ ও বদগুণ রয়েছে, যা কোন মু'মিনের মধ্যে কখনো থাকতে পারে না। কারণ মু'মিন যেই কালিমা বা কথা বলে ঈমানের সবুজ অরণ্যে প্রবেশ করেছে, সেটিকে আল কুরআনে 'কালিম-াতুত তাইয়্যেবা' বা পূত-পবিত্র কথা' বলে আখ্যায়িত করা হয়েছে। আল্লাহ তা'আলা বলেন," আল্লাহ তা'আলা বলেন," তুমি কি দেখছো না আল্লাহ কালেমা তাইয়্যেবার উপমা দিয়েছেন কোন জিনিসের সাহায্যে? এর উপমা হচ্ছে যেমন একটি ভালো জাতের গাছ, যার শিকড় মাটির গভীরে প্রোথিত এবং শাখা-প্রশাখা আকাশে পৌঁছে গেছে।"(সুরা ইবরাহিম:২৪) সুতরাং মু'মিন কখনো অশ্লীলভাষী, কদাচার,ক-র্কশ ও বদমেজাজী হতে পারে না। আব্দুল্লাহ রা: হতে বর্ণিত আছে, তিনি বলেন, রাসুলুল্লাহ সা: বলেছেন: মু'মিন কখনো দোষারোপকারী ও নিন্দাকারী হতে পারে না, অভিসম্পাতকারী হতে পারে না, অশ্লীল কাজ করে না এবং কটুভাষীও হয় না।(তিরমিযি:১৯৭৭, কিতাবুল বিররি ওয়াস সিলাহ আন রাসুলিল্লাহ স:, বাবু মা জা'আ ফি লা'নাতি, হাদীসটি সহীহ) আল্লাহ তা'আলা বলেন,"মু'মিনরা পরস্পর ভাই ভাই। অতএব তোমাদের ভাইদের মধ্যকার সম্পর্ক ঠিক করে দাও। আল্লাহকে ভয় করো, আশা করা যায় তোমাদের প্রতি মেহেরবানী করা হবে।"(সুরা হুজরাত:১০) "মানুষ খারাপ কথা বলে বেড়াক, তা আল্লাহ তা'আলা পছন্দ করেন না। তবে কারো প্রতি জুলুম করা হলে তার কথা ভিন্ন। আর আল্লাহ সবকিছু শোনেন ও জানেন।"(সুরা নিসা:১৪৮)

উপরে উল্লেখিত কুরআনের আয়াত ও হাদীসে রাসুল সা: থেকে জানা যায় নিম্নলিখিত বিষয়গুলো মানুষের পারস্পরিক সম্পর্ক বিনষ্ট করে:

এক, অশ্লীলভাষা ও গালি দেয়া: আবু হুরাইরা রা: হতে বর্ণিত আছে, রাসুলুল্লাহ সা: বলেছেন: দুইজন লোক একে অপরকে গালি দেয়ার অপরাধ প্রথমে গালি প্রদানকারীর উপর এসে পড়ে, যতক্ষন পর্যন্ত নির্যাতিত ব্যক্তি (দ্বিতীয় ব্যক্তি) সীমালংঘন না করে।(তিরমি-যি:১৯৮১,কিতাবুল বিররি ওয়াস সিলাহ.....বাবু মা জা'আ ফিস সাতমি, সহীহ মুসলিম সাদ, ইবনে মাসউদ ও আবদুল্লাহ ইবনে মুগাফফাল রা: হতেও এ অনুচ্ছেদে হাদীস বর্ণিত আছে। আবু ঈসা বলেন, হাদীসটি হাসান। আবদুল্লাহ ইবনে মাসউদ রা: হতে বর্ণিত আছে, তিনি বলেন, রাসুলুল্লাহ সা: বলেছেন: মুসলিমকে গালি দেয়া ফাসিকী ও নাফরমানীমূলক কাজ এবং তাকে মেরে ফেলা বা তার বিরুদ্ধে অস্ত্রধারণ করা কুফরীমূলক কাজ। (তিরমিযি:১৯৮৩, কিতাবুল বিররি ওয়াস সিলাহ.....বাবু মা জা'আ ফিস সাতমি, সহীহ ইবনে মাযাহ-৬৯, বুখারী ও মুসলিম) অধ:স্তন বর্ণনাকারী যুবাইদ বলেন, আবু ওয়াইলকে আমি প্রশ্ন করলাম, আপনি এ হাদীসটি কি আবদুল্লাহ ইবনে মাসউদ রা: এর নিকট সরাসরি শুনেছেন? তিনি বললেন, হ্যাঁ। আবু ঈসা বলেন, এ হাদীসটি হাসান সহীহ।

দুই, দোষারোপ, নিন্দা ও বিদ্রুপ করা: আল্লাহ তা'আলা বলেন, "হে ঈমানদারগণ! পুরুষরা যেন অন্য পুরুষদের বিদ্রুপ না করে। হতে পারে তারাই এদের চেয়ে উত্তম। আর মহিলারাও যেন অন্য মহিলাদের বিদ্রুপ না করে। হতে পারে তারই এদের চেয়ে উত্তম। তোমরা একে অপরকে বিদ্রুপ করো না এবং পরস্পরকে খারাপ নামে ডেকো না।"(সুরা হুজরাত:১১) আবু হুরাইরা রা: হতে বর্ণিত আছে রাসুলুল্লাহ সা: বলেছেন: মন্দ ধারণা পোষণ করা হতে তোমরা দূরে থাক। কেননা, মন্দ ধারণা হলো সবচেয়ে বড় মিথ্যা কথা।(তিরমিযি:১৯৮৮, কিতাবুল বিররি ওয়াস সিলাহ.. .. বাবু মা জা'আ মা'আজ জন্নেস সুয়ে)

বিদ্রুপ করার অর্থ কেবল কথার দ্বারা হাসি-তামাসা করাই নয় বরং কারো কোন কাজের অভিনয় করা, তার প্রতি ইংগিত করা, তার কথা, কাজ, চেহেরা বা পোশাক নিয়ে হাসাহাসি করা অথবা তার কোন ত্রুটি বা দোষের দিকে এমনভাবে দৃষ্টি আকর্ষণ করা যাতে অন্যদের হাসি পায়। এসবই হাসি-তামাসার অন্তর্ভুক্ত। মূল নিষিদ্ধ বিষয় হলো, কেউ যেন কোনভাবেই কাউকে উপহাস ও হাসি-তামাসার লক্ষ না বানায়। কারণ এ ধরনের হাসি-তামাসা ও ঠাট্টা-বিদ্রুপের পেছনে নিশ্চিতভাবে নিজের বড়ত্ব প্রদর্শন এবং অপরের অপমানিত করা ও হেয় করে দেখানোর মনোবৃত্তি কার্যকর। যা নৈতিকভাবে অত্যন্ত দোষনীয়। তাছাড়া এভাবে অন্যের মনোকষ্ট হয় যার কারণে সমাজে বিপর্যয় ও বিশৃংখলা দেখা দেয়। এ কারণে এ কাজকে হারাম করে দেয়া হয়েছে।

বিদ্রুপ ও কুৎসার পাশাপশি উপহাস করা, অপবাদ আরোপ করা, দোষ বের করা এবং খোলাখুলি বা গোপনে অথবা ইশারা-ইংগিত করে কাউকে তিরস্কারের লক্ষস্থল বানানো এর মধ্যে শামিল। এসব কাজেও যেহেতু পারস্পরিক সুসম্পর্ক নষ্ট করে এবং সমাজে বিপর্যয় সৃষ্টি করে তাই এসব কাজও হারাম করে দেয়া হয়েছে।

তিন,অভিসম্পাত দান করা: ইসলামে অভিসম্পাত দেয়া হারাম। কারণ এতে মানুষের পারস্পরিক সম্পর্ক বিনষ্ট হয়ে সামাজিক বিশৃংখলা দেখা দেয়। আবু হুরাইরা রা হতে বর্ণিত, তিনি বলেন, রাসুলুল্লাহ সা: বলেছেন: যার জিহবা ও হাত থেকে মুসলিমগণ নিরাপদ থাকে সে ব্যক্তিই প্রকৃত মুসলিম। আর যাকে মানুষ তাদের জান ও মালের জন্য নিরাপদ মনে করে সে-ই প্রকৃত মু'মিন।(তিরমিযি: ২৬২৭, কিতাবুল ঈমান, বাবু মা জা'আ ফি আন্নাল মুসলিমা মান সালিমা.....,, আবু দাউদ:২৪৮১) যায়দ ইবনে আসলাম রহ: থেকে বর্ণিত যে, আবদুল মালিক ইবনে মারওয়ান উম্মু দারদাহ রা: এর নিকট তার নিজের পক্ষ থেকে সৌন্দর্য বর্ধক কিছু গৃহ সামগ্রী পাঠালেন। এক রাতে আবদুল মালিক নিদ্রা থেকে জেগে তার খাদিমকে ডাকলেন। সে তার নিকট আসতে দেরী করলে তিনি তাকে অভিসম্পাত করলেন। রাত্রি শেষে উম্মু দারদাহ রা: তাকে বললেন, আমি শুনলাম যখন আপনি রাতে আপনার খাদিমকে ডেকেছিলেন তখন তাকে লা'নাত করেছেন। অত:পর তিনি বললেন, আমি আবু দারদাহ রা: কে বলতে শুনেছি যে, রাসুলুল্লাহ সা: বলেছেন: অভিসম্পাতকারীরা কিয়ামত দিবসে সুপারিশকারী কিংবা সাক্ষদাতা হতে পারবে না।(মুসলিম:৬৫০৪, আন্ত. নাম্বার:২৫৯৮, কিতাবুল বিররে ওয়াস সিলাহ ওয়াল আদাব, বাবুন নাহি আন লা'নাতে দাওয়াব্বে ওয়া গায়রিহা, ইফা: ৬৩৭৩, ই.সে:৬৪২৪)

চার, কটুভাষা প্রয়োগ করা: কটু ভাষা প্রয়োগ করলে মানুষের সাথে সম্পর্কের অবনতি ঘটে। তাই কটু ভাষা নয় বরং নম্র-ভদ্র ও কোমলভাষী হোন, সৎ ও সত্য কথা বলুন। আল্লাহর প্রিয়জনরা নম্র-ভদ্র ও কোমলভাষী ছিলেন। আল্লাহ তা'আলা বলেন, "(হে নবী) এটা আল্লাহর বড়ই মেহেরবানী যে, তোমার ব্যবহার তাদের প্রতি বড়ই কোমল। নয়তো যদি তুমি রুক্ষ স্বভাবের বা কঠোর চিত্ত হতে, তাহলে তারা সবাই তোমার চারপাশ থেকে সরে যেতো।"(সুরা আলে ইমরান:১৫৯)

এই সমস্ত বিষয় নিষিদ্ধ হওয়ার কারণ এ গুলো লোকদের পারস্পরিক সম্পর্ক নষ্ট করে দেয়। একে অপরের ইজ্জতের ওপর হামলা, একে অপরকে মনোকষ্ট দেয়া, একে অপরের প্রতি খারাপ ধারণা পোষন করা এবং একে অপরের দোষ-ত্রুটি তালাশ করা পারস্পরিক শত্রুতা সৃষ্টির এগুলোই মূল কারণ। এসব কারণ অন্যান্য কারণের সাথে মিশে বড় বড় ফিতনার সৃষ্টি করে। আমাদের দেশে মানহানির আইন রয়েছে। কিন্তু তা নিতান্তই অসম্পূর্ণ। এই অসম্পূর্ণ আইনের আওতায় কেহ মানহানির অভিযোগ বা মামলা পেশ করতে গেলে উল্টো নিজের মর্যাদা আরো কিছু খুইয়ে আসতে হয়। পক্ষান্তরে ইসলামী আইন প্রত্যেক ব্যক্তির এমন একটি মৌলিক মর্যাদা স্বীকৃতি দেয় যার ওপর কোন আক্রমন চালানোর অধিকার কারো নেই। এ ক্ষেত্রে হামলা বাস্তবভিত্তিক হোক বা না হোক এবং যার ওপর আক্রমন করা হয়, জনসমক্ষে তার কোন সুপরিচিত মর্যাদা থাক বা না থাক তাতে কিছু যায় আসে না। এক ব্যক্তি অপর ব্যক্তিকে অপমান করেছে শুধু এতটুকু বিষয়ই তাকে অপরাধী প্রমাণ করার জন্য যতেষ্ট। তবে এ অপমান করার যদি কোন শরীয়াতসম্মত বৈধতা থাকে তাহলে ভিন্ন কথা।

আবু যার রা: হতে বর্ণিত আছে, তিনি বলেন, রাসুলুল্লাহ সা: বলেছেন: তুমি যেখানেই থাক আল্লাহ তা'আলাকে ভয় কর, মন্দ কাজের পরপরই ভাল কাজ করো, তাতে মন্দ দূরীভূত হয়ে যাবে এবং মানুষের সাথে উত্তম আচরণ করো।(তিরমিযি:১৯৮৭, কিতাবুল বিররি ওয়াস সিলাহ, বাবু মা জা'আ ফিল মুয়াশারাতিন নাসে)

আবু যার রা: হতে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ সা: বলেছেন: কোন ব্যক্তি অপর ব্যক্তিকে ফাসিক বা পাপী বলে অপবাদ দেবে না এবং কাফির বলে বলেও দুর্নাম করবে না। যদি উদ্দিষ্ট ব্যক্তি এরূপ না হয়, তবে তার প্রদত্ত অপবাদ তার দিকেই প্রত্যাবর্তন করবে।

(মিশকাত:৪৮১৫, বুখারী ৬০৪৫, আদাবুল মুফরাদ:৩৩৫, আহমাদ:২১৬১১, কিতাবুল আদাব, বাবু জিহবার হিফাজাত ও গীবত এবং গালমন্দ প্রসংগে)।



Sale ! Sale!! বিশেষ মূল্যহ্রাস Sale ! Sale!!



এয়ার লাইন্সের অভিজ্ঞ প্রাক্তন কর্মচারিদের ব্যবস্থাপনায় নিউইয়র্কের বাঙ্গালী অধ্যুষিত জ্যাকসন হাইটস-এ অবস্থিত

ইউনাইটেড ট্রাভেলস ইনক

Umra Hajj-এর টিকেট ও Vissa-এর জন্য যোগাযোগ করুন

ভ্রমন জগতে একটি বিশ্বস্ত নাম

UNITED TRAVELS INC.



Biman, Emirate, Eithihad Kuwait, Qatar & Soudia সহ বিশ্বের সকল সকল এয়ার লাইন্সের টিকেট বিক্রয় হয়।
বিরাট মূল্যহ্রাস

37-22 73rd Street, Suit#1C, Jackson Heights, NY- 11372. Tel: 718-899-7799, 718-899-7796, Fax: 347-612-4030
নিউইয়র্কের বাইরের স্টেট থেকেও সহজে টিকিট পেতে হলে যোগাযোগ করুন
After office Please Con Abdul Latif Bhuiyan Cell: 646-

নিউইয়র্কের সবচেয়ে পুরনো এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট

Concorde Travels
কনকর্ড ট্রাভেল

২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত

আসন সংখ্যা সীমিত

আজই আপনার আসন সংরক্ষণ করুণ







সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে

সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়

Emirates | السعودية SAUDIA | الإتحاد ETIHAD AIRWAYS | KUWAIT AIRWAYS | TURKISH AIRLINES | QATAR AIRWAYS القطرية

37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372
Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

Tax & Immigration Services

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary



Mohammad Pier
Lic. Realestate Asso. Broker
EA, IRS, RTRP & Notary Public
Cell: 917-678-8532

Income Tax
Income Tax Service & Direct Deposit
Quick Refund & Electronic Filling

Immigration Services
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

Real Estate
For Buying & Selling Houses
Mortgage Services

IRS e file

PIER TAX AND EXECUTIVE SERVICES
37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583
Email: piertax@gmail.com

জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ
বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার
ডা. এটিএম ইউছুফ (স্বপন) এমডি

স্থান পরিবর্তন



অফিস : ৩৭-২৯
৭২ স্ট্রিট, ১ম তলা
জ্যাকসন হাইটস
নিউইয়র্ক

- ডায়াবেটিক, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, রাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকেজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরণের ইন্সুরেন্স গ্রহণ করাসহ বাংলাদেশী ভাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

ফোন : ৭১৮-৭৭৭-১১১২, ৭১৮-২০৫-৬৬৩৩



KAKATUA AGENCY
কাকাতুয়া এজেন্সী

Authorised IRS e-file Provider

পারভেজ কাজী, EA
Enrolled Agent
(Admitted to Practice Before the IRS)
ENROLLED AGENT

OUR SERVICES ARE:
Income Tax
Accounting Service
Immigration Form Fill Out
Travel
Insurance

NEW ADDRESS
37-31 77th Street, # 2nd Fl. Jackson Heights, NY 11372
Tel: (718) 726-6900 | (718) 397-5004
Email: kakatua@aol.com | Web: www.kakatua.com

যোগাযোগ:
ক্যাপ্টেন লতিফ (মামা), শামসুল আলম, বিন্দু ভালাত
ফারহানা আমিয়ান, সিমি চৌধুরী, মিনারা কাজী

মেঘনা ট্রাভেলস
ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান

OUR SERVICES
International & Domestic Tickets
Hajj & Umrah Special Package
Visa Processing
Money Transfer

APPROVED IATA

KUWAIT AIRWAYS
ETIHAD AIRWAYS
BRITISH AIRWAYS
Emirates



ওমরা ও হজ্জের যাবতীয় ব্যবস্থা করে থাকি

We Accept
VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER

৩৭-৬৬ ৭৪ স্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com



আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

Dr. Tahera Nasreen, MD

Board Certified in Internal Medicine
Affiliated with Brooklyn Hospital Center

Dr. Ataul Osmani, MD

Board Certified in Family Medicine
Affiliated with Interfaith & Kings County Hospital Center

জেনারেল চেক আপ, শারীরিক পরীক্ষা, ডায়াবেটিস, হাইপারটেনশন,
হাই কোলেস্টরল এজমা, ইকেজি, বয়স্ক ভেক্সিনেশান, ব্লাড টেস্ট,
TLC/Motor Vehicle Exam,
মহিলা স্বাস্থ্য সহ সবধরনের রোগের চিকিৎসা করা হয়।

আমরা প্রায় সকল ধরনের ইন্সুরেন্স গ্রহন করি

20 Arlington Pl.
Brooklyn NY 11216
Tel: 718-636-0100
718-636-0112

2668 Pitkin Avenue
Brooklyn. NY 11208
Tel: 718-484-3960
Fax: 718-484-3960

MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:

Summer Program will start from July 5th

SAT
8 Weeks Course
4 Hours Each Class
Total 32 Classes (4 days/week)
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

SHSAT
8 Weeks Course
5 days/week
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

COMMON CORE MATH & ENGLISH
1st Grade to 6th Grade
8 weeks course
3 Hrs./day, 4 days/week
Cost : 600.00

Get **25%** Discount
sign up by 4th July

Admission going on

K-6 & Common Core Regents Classes

Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : **347-657-0530, 917-561-1090**

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : **718-507-2113, 917-561-1090**

Quality Education Is Our Priority!

Congratulations to all our Students who made into Specialized High School

Highland Medical Care, PLLC



Nazmul H. Khan, MD, FACP

Board Certified in Internal Medicine

Address

87-30, 167th St. Jamaica, NY 11432
Phone: 718-262-8991
Fax: 718-262-8992

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু , হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সু রেন্স গ্রহণ করি।

Appointment:

718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

ASTORIA OFFICE:	JAMAICA OFFICE:
30-04, 36th Avenue LIC, NY 11106 Tel: 718-383-4500	170-12 Highland Avenue Jamaica Estates, NY- 11432 www.drmrahman.com

Bronx Travel
আপনি কি আমেরিকার ৫ বছরের মাল্টিপল এন্ট্রি ভিসা করতে চান ?
আমেরিকার পাঁচ বছরের মাল্টিপল এন্ট্রি ট্যুরিস্ট ভিসা (B1/B2) এর DS 160 ফরমটি সঠিকভাবে পূরণ করতে পারলে বাংলাদেশ থেকে ভিসা পাওয়া খুবই সহজ।
B1/B2 ভিসার DS 160 ফরমটি নির্ভুলভাবে পূরণ করতে এবং ভিসা সংক্রান্ত যেকোন পরামর্শে আমাদের সহযোগিতা নিন।
Call: 516-914-9045
Em@ail: bronxtravel1@gmail.com

১৩ বছর পর দেশে গেলেন সাংবাদিক জয়নাল আবেদীন

নিউইয়র্ক: নিউইয়র্ক থেকে প্রকাশিত রানার নিউজ পত্রিকার সম্পাদক মোহাম্মদ জয়নাল আবেদীন দীর্ঘ ১৩ বছর (২০১১-২০২১৪) পর গত ১২ নভেম্বর স্বদেশে গেছেন। তিনি ১৯৭২ সালের শুরুতে নোয়াখালী থেকে নাজিম উদ্দিন সম্পাদিত 'দৈনিক বাংলাদেশ' পত্রিকার মাধ্যমে সাংবাদিকতার জগতে প্রবেশ করেন। এ সময়ে তিনি নোয়াখালী প্রতিনিধি হিসেবে দৈনিক জনকণ্ঠে যোগ দেন। দেশী-বিদেশী বিভিন্ন সংবাদ মাধ্যমে সফলভাবে সাংবাদিক হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি বাংলা ও ইংরেজী ১৯টি গ্রন্থের রচয়িতা।

জয়নাল আবেদীন নোয়াখালী সরকারী কলেজ ছাত্র সংসদের (১৯৬৯ সন) ছাত্রলীগ থেকে মনোনীত সহ সভাপতি ছিলেন। ছাত্র অবস্থায় তিনি মুজিব বাহিনীর অধীনে মহান মুক্তিযুদ্ধে অংশ নেন এবং ভারত থেকে প্রশিক্ষণ নেন। শেখ মজিবুর রহমান ক্ষমতা গ্রহনের পর বাকশাল তৈরী করলে তিনি আওয়ামী লীগের রাজনীতি থেকে সরে আসেন।

ভারতে প্রশিক্ষণ অবস্থায় আসামের হাফলং-এ মুজিব বাহিনীর গেরিলা প্রশিক্ষণ কেন্দ্রে বাংলাদেশের মুক্তিযুদ্ধের ওপর 'এক নদী রক্ত' নামে একটি অনন্য নাটক লেখক। এই পূর্ণাঙ্গ নাটক জয়নাল আবেদীন ওই সেনানিবাসে মঞ্চস্থ হয়। গেরিলা প্রশিক্ষক বিমল কুমার মুখার্জি (বিকেএম) এই নাটক পরিচালনা

করেন। বাংলাদেশী প্রশিক্ষণার্থীগণ নাটকে অভিনয় এবং ওই সেনানিবাসের হাসপাতালের ডাক্তারের মেয়ে রত্না শিকদার অভিনয় করেন। বিকেএম পরিচালিত এই নাটকের শুরুতে বক্তব্য রাখেন।

মুজিব বাহিনীর সমন্বয়ক ছিলেন জেনারেল উবান ও মরহুম সিরাজুল আলম খান। উভয়ে এ নাটকের ভূয়সী প্রশংসা করেন। এই নাটকে শেখ মুজিবের ভূমিকায় অভিনয় করেন সন্দ্বীপের মরহুম আবু তাহের। এই নাটকে অভিনয়কারীদের মধ্যে তখনো রামগতির শাহজাহান (মুক্তিযোদ্ধা), কামাল, নুরুল আমিন প্রমুখ বাংলাদেশর স্বাধীনতা যুদ্ধে অনন্য ভূমিকা রাখেন। জয়নাল আবেদীন ১৯৬৭ সনে ও ১৯৬৯ সনে কারারুদ্ধ হন।-প্রেস বিজ্ঞপ্তি।

নিউইয়র্কের নিরাপত্তা নিশ্চিতে ড্রোন প্রযুক্তি ব্যবহার



বাংলা পত্রিকা রিপোর্ট: নতুন উচ্চপ্রযুক্তির ড্রোন ব্যবহারের মাধ্যমে নিউইয়র্ক পুলিশ ডিপার্টমেন্ট (এনওয়াইপিডি) আকাশ থেকে সিটির পাঁচ বোরোর স্থলভাগের নজরদারি বৃদ্ধি করবে। এতে করে নিউইয়র্ক সিটিতের অপরাধ দমন ও সিটির বাসিন্দাদের নিরাপত্তা জোরদার হবে বলে জানিয়েছে সিটি কর্তৃপক্ষ। এ লক্ষ্যে গত ১৩ নভেম্বর বুধবার মেয়র এরিক অ্যাডামস এবং নিউইয়র্ক সিটি পুলিশ ডিপার্টমেন্টের অন্তর্বর্তী কমিশনার টম ডনলন একসাথে 'ড্রোন অ্যাজ ফার্স্ট রেসপন্ডার' প্রোগ্রাম ঘোষণা করেছেন।

এসময় মেয়র এরিক অ্যাডামস বলেন 'নতুন জননিরাপত্তা প্রোগ্রামের অধীনে পাখির চোখে সেন্ট্রাল পার্ক সহ পুরো শহরকে নিরাপত্তার চাদরে ঢাকতে ১০০টিরও বেশি ড্রোন মোতায়েন করা হবে। নিউইয়র্কবাসীদের নিরাপদ রাখতে নিউইয়র্ক সিটি ভবিষ্যতের দিকে উড়ে চলছে। ড্রোন হলো প্রমাণিত প্রযুক্তি। এর উপকার তাত্ত্বিক নয়। এগুলো এখন আমাদের আইন প্রয়োগকারী সংস্থাগুলোর অংশ।

এনওয়াইপিডি'র ডেপুটি কমিশনার অফ অপারেশনস কাজ ডট্রি এক সংবাদ সম্মেলনে বলেছেন সেন্ট্রাল পার্ক, ব্রুকলীন এবং ব্রঙ্কসের কিছু অংশের চারপাশে ১০৯টি ড্রোন টহল দেবে। যা নিউইয়র্ক সিটিকে নিরাপদ রাখতে সহায়তা করবে।

এনওয়াইপিডি কমিশনার টমাস ডোনলন বলেন, পুলিশের ড্রোনগুলো জুন থেকে ২,৩০০-এর বেশিবার মোতায়েন করা হয়েছে। এছাড়া স্থলভাগেও পুলিশ সদস্য বাড়ানো হচ্ছে। তারা বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে মোতায়েন থাকবে।

সিটি কর্তৃপক্ষ জানিয়েছে, থার্মাল সেন্সরসহ ১০টি ড্রোন মোতায়েন করা হয়েছে। এসব ড্রোন আরো দক্ষভাবে নজরদারি চালাতে পারবে, আমাদের সক্ষমতা বাড়াতে সহায়তা করবে।

শিল্পী কাদেরী কিবরিয়া
যোগাযোগ :
267-249-7687,
610-352-7123
Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082

Akash Medical Care
আকাশ মেডিক্যাল কেয়ার
Akash Ferdaus MD
Akash Medical Care
Internal & Geriatric Medicine
হার্টের ডাক্তার
Sudesh Srivastava MD
Cardiologist
পায়ের ডাক্তার
Dr. Nayeem Haque
Podiatic Surgeon
FOR APPOINTMENT
718-431-0009
Hours:
Mon-Sat 10 AM to 8 PM
79 Church Avenue, Brooklyn, NY 11218

Hillside Accounting Services Inc.
Tax, Accounting, Immigration & Multi Services
Tax
Accounting
Immigration
*বিনা পরীক্ষায় ও বিনা ফিতে সিটিজেনশীপ
*Tax Amendment/ITIN
*সকল প্র কার ইমিগ্রে শন ফরম ফিলআপ
Shafi Chowdhury
Consultant
167-13 Hillside Ave 2nd Floor, Jamaica, NY 11432
Cell: 646-403-6500, Tele/Fax: 917-775-7357
e-mail: hillsideaccounting@gmail.com
F to 169 St, Station than close to Apnar Pharmacy

NIGAR
SULTANA
LICENSED REALESTATE AGENT
929-561-9226
TEXT NSL TO 85377 FOR DIGITAL BUSINESS CARD

ইমিগ্রেশন ও আপনি



এটর্নী শাকিল এইচ কাজমী

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি' শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ আছেন। আপনাদের মঙ্গলকর জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যেকোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্য প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

নিউইয়র্ক থেকে শফিকুর রহমানের প্রশ্ন

আমার স্ত্রী একজন গ্রীন কার্ডধারী বর্তমানে সে বাংলাদেশে অবস্থান করছে। পাঁচ মাস আগে সে তার অসুস্থ মাকে দেখার জন্য বাংলাদেশে গিয়েছিল। সে যখন বাংলাদেশে যায় তখন সে প্রেগনেন্ট ছিল। তার ডাক্তার তাকে ভ্রমণের অনুমতি দিয়েছিল। এবং নির্ধারিত তারিখের আগেই তাকে ফিরে আসতে বলেছিল। কিন্তু দুঃখজনকভাবে বাংলাদেশে তার অবস্থা জটিল হয়ে যায় এবং নির্ধারিত তারিখের আগেই তার সন্তান জন্ম লাভ করে। বাংলাদেশে তার ডাক্তার পরামর্শ দিয়েছে যে সে আরো দুই মাস পরে ভ্রমণ করতে পারবে।

এই অবস্থায় এখন তার করণীয় কি? এ ব্যাপারে আমার জানার বিষয় হচ্ছে আমার স্ত্রী বাংলাদেশের ছয় মাসের বেশি সময় অবস্থান করতে পারবে কিনা?

আবার আমার স্ত্রী তো ছোট বেবিকে বাংলাদেশে একা রেখে আসতে পারবে না সে কারণে আমি এখান থেকে তার গ্রীন কার্ডের জন্য আবেদন করতে পারব কিনা, কিংবা বাংলাদেশ থেকে আমার স্ত্রী তার বেবির জন্য আবেদন করতে পারবে কিনা?

এজন্য কতদিন সময় লাগতে পারে? এ ব্যাপারে আপনার পরামর্শের আশায় রইলাম।

শফিকুর রহমানের প্রশ্নের উত্তর

গ্রীন কার্ডধারীরা ইউএসএ'র বাইরে তাদের স্ট্যাটাস এর ক্ষতি না করে এক বছর সময় পর্যন্ত অবস্থান করতে পারবে। ছয় মাসের বেশি অনুপস্থিতি কিন্তু এক বছরে কম হলে ইউএস কন্টিনিয়াটি ভঙ্গ হবে, যা আপনার স্ত্রীর সিটিজেনশীপ আবেদনে প্রভাব ফেলবে। বিনা অনুমতিতে এ দেশের বাইরে গেলে আপনার স্ত্রীর বাংলাদেশের অবস্থান যদি ছয় মাসের বেশি হয়, ইমিগ্রেশন অফিসার জিজ্ঞেস করতে পারেন এদেশের বাইরে অবস্থান সম্পর্কে এবং এ ব্যাপারে রেসিডেন্সি ধরে রাখার ইচ্ছা সম্পর্কে।

আপনার স্ত্রী ছয় মাসের বেশি সময় বাংলাদেশে অবস্থান করতে পারবেন যদি বৈধ এবং যথার্থ কারণ থাকে এই ৬ মাস অবস্থানের পেছনে।



আপনার দ্বিতীয় প্রশ্নের ব্যাপারে উল্লেখ করা যাচ্ছে যে আপনার স্ত্রী বেবির গ্রিন কার্ড এর জন্য আবেদন করতে পারেন না। আর আপনি যদি ইউএস সিটিজেন হন তবে আপনার এই নতুন জন্মগ্রহণ করা বেবি ইউএস সিটিজেন হয়ে এদেশে আসবে। আপনাকে তার ইউএস পাসপোর্ট এর জন্য ঢাকা ইউএস অ্যাম্বাসিতে আবেদন করতে হবে। তার গ্রীন কার্ড অথবা ভিসার জন্য আবেদন করতে হবে না।

উল্লেখ্য যে, যদি একজন মা অথবা বাবা ইউএস সিটিজেন হন তবে সন্তান ইউএস সিটিজেন হিসেবে বিবেচিত হবে। কিন্তু বেবি অর্থাৎ গ্রীন কার্ডধারী কোন সন্তান ইউএস এর বাইরে জন্মগ্রহণ করলেই সেই সন্তান গ্রীন কার্ড ধারী হিসেবে বিবেচিত হবে না। বরং সন্তানটি অর্থ্যাৎ বেবিটি যখন ইউএসএ প্রবেশ করবে তখন পোর্ট অফ এন্ট্রি-তে কর্তব্যরত কর্মকর্তা বৈধ পার্মানেন্ট রেসিডেন্সের ফরম (আই-১৮১) দেবেন যে ফরমটি প্রমাণ করবে সে এদেশে বৈধভাবে প্রবেশ করেছে। বেবিটি তখন বৈধ প্রবেশের ভিত্তিতে গ্রিন কার্ড লাভ করবে। এটি জেনে রাখা জরুরী যে মা তার প্রথম প্রবেশের সময় বেবিকে তার সঙ্গে আনতে পারবে, তবে সন্তানটিকে অবশ্যই তার জন্মের দুই বছরের মধ্যে এ দেশে আনতে হবে।

এ ব্যাপারে আমাদের পরামর্শ হচ্ছে ইমিগ্রেশন বিষয়ে যে কোন চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে প্রয়োজনে একজন অভিজ্ঞ ইমিগ্রেশন এটর্নীর সাথে আলোচনা করা ভালো।

নভেম্বর ২০২৪ এর ভিসা বুলেটিন

ইউএস ডিপার্টমেন্ট অব স্টেট (ডিওএস) নভেম্বর ২০২৪ এর ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে ২০২৪ নভেম্বর এর পরিবার ভিত্তিক ভিসার প্রাপ্যতা উল্লেখ করা হলো। উল্লেখ্য যে, 'ফাইনাল এ্যাকশন ডেট' বলতে সেই তারিখকে বোঝায় যখন ইউএসসিআইএস/ডিওএস জমাকৃত আবেদনের উপর তাদের চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করে। আপনাদের প্রায়োরিটি তারিখ হবে অবশ্যই এই তারিখের পূর্বে।

নভেম্বর ২০২৪ এর ভিসা বুলেটিনের সার্বিক পর্যালোচনায় দেখা যাচ্ছে যে পরিবার ভিত্তিক ভিসা ক্যাটাগরি খুব সামান্য অগ্রগতি হয়েছে।

পরিবার ভিত্তিক ভিসার প্রাপ্যতা:

প্রথম: (এফ ১) ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্র কন্যা : অক্টোবর ২২, ২০১৫।

দ্বিতীয়: পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস (স্বামী স্ত্রী), সন্তান এবং অবিবাহিত পুত্রকন্যা।

এ. (এফ ২এ): পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস (স্বামী/স্ত্রী) এবং ২১ নিম্ন বয়সী সন্তান: জানুয়ারী ০১, ২০২২।

বি (এফ ২ বি): পার্মানেন্ট রেসিডেন্টদের ২১ নিম্ন বয়সী এবং ২১ উর্ধ্ব বয়সী অবিবাহিত পুত্র কন্যা: মে ০১, ২০১৬।

তৃতীয়: (এফ ৩): ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্র কন্যা: এপ্রিল ১৫, ২০১০।

চতুর্থ: (এফ ৪): প্রাপ্তবয়স্ক ইউএস সিটিজেনদের ভাইবোনেরা: আগস্ট ০১, ২০০৭।

এ ব্যাপারে পারিবারিক এবং চাকুরি ভিত্তিক ভিসার প্রাপ্যতা সম্পর্কে জানতে ইউএস ডিপার্টমেন্ট অব স্টেটের ওয়েবসাইট ভিজিট করুন।

ইমিগ্রেশন বিষয়ে আমাদের পরামর্শ হচ্ছে যেকোনো চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে প্রয়োজনবোধে একজন অভিজ্ঞ এটর্নির সাথে পরামর্শ করা ভালো।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোন: ২১২-৫১৩-৭৪৭৪ ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০

ই-মেইল: kazmiandreeves@gmail.com

এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদ: হুসনে এ. বেগম।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

* Immigration Cases & Appeals * Bankruptcy Cases
* Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।

অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

আমাদের পুলিশ

আজিজুর রহমান | (৪র্থ পর্ব)

এসপি জনাব মোস্তনসিরুর রহমানের আদর্শিক জীবনই আজকের অধ্যায়ের বিষয়বস্তু। অবসরে জীবনে তাহাকে প্রায় পাছ ওয়াক্ত নামাজই তার বসবাসের এলাকা পীর মহল্লার জামে মসজিদে জামায়াতের সহিত আদায় করতে দেখা যেতো।মহল্লার ঐ জামে মসজিদটিরও কিন্তু ঐতিহাসিক গুরুত্ব বহন করে । ইতিহাস স্বাক্ষী হযরত শাহজালাল (রঃ)এর সিলেট আগমনের পর প্রথম ঐ জায়গায় আজান দিয়ে আসরের নামাজের জামায়াত আদায় করা হয়। এমনকি জনশ্রুতি রয়েছে যে সেই আজানের আওয়াজের সাথে সাথে তৎকালীন গৌড়ের প্রতাপশালী রাজা গৌড় গোবিন্দ এর প্রাসাদ ধ্বসে পড়ে গিয়েছিলো।

মূলতঃ সে সময়ে হযরত শাহজালাল রাজ গৌড় গোবিন্দের জুলুমের প্রতিবাদ ও প্রতিকারের লক্ষ্যে সুদূর ইয়েমেন থেকে তার সঙ্গী সাথীদের নিয়ে সিলেট এসে পৌছান।

সেই সাধু পুরুষ দরবেশ হযরত শাহজালাল এর আগমন ও নামাজ আদায়ের স্মৃতিকে লক্ষ্য রেখে এবং হযরত নাসিরুদ্দিন সিপাহশালারের বসতি স্থাপনের জন্য অত্র এলাকাটি যুগ যুগ ধরে পীর মহল্লা নামে পরিচিত ।আর এলাকার মসজিদটি পীর মহল্লা জামে মসজিদ বা আক্কেল কুয়া জামে মসজিদ নামে পরিচিত। মসজিদটির পাশে একটা পানির কুয়া ছিলো এবং এখনো আছে । যা সহনীয় ভাষায় আকল কুয়া বা আক্কেল কুয় নামে পরিচিত । পীর দরবেশদের কেরামতির নিদর্শন এই কুয়ার পানি পানে লোকজন জ্ঞান বুদ্ধিতে পরিপূর্ণতার সুযোগ লাভ করতো।

এমনই একটি প্রসিদ্ধ এলাকার পবিত্র জামে মসজিদে এসপি মোস্তানশিরুর রহমান ছিলেন একদিকে নিয়মিত নামাজী এবং অন্যদিকে পরিচালনা কমিটির সেক্রেটারি ।মসজিদ এর পাশের কবরস্থানে ছিলো এসপি সাহেবের মরহুমা স্ত্রীর কবর।প্রায়ই নামাজ শেষে তিনি তার প্রিয়তমা স্ত্রীর কবরের পাশে দাঁড়িয়ে জিয়ারত করে মাগফেরাত এর দোয়া আদায় করতেন ।



পুলিশ বাহিনীর অফিসার হিসেবে চাকুরী করা একজন মানুষের চরিত্র আবশ্যই অনুকরণীয় ও প্রশংসনীয়।

বিশেষ করে এ লেখাকালীন সময়ে মনে পড়ে উনার বড় ছেলের মৃত্যুকালীন সময়ে একজন পুলিশ পিতার সেই বিশেষ ভাবে আদায় করা দোয়াটি। উনার বড় ছেলে শওকত আলম ছিলেন সিলেটের স্বনামধন্য ব্যবসায়ী ,শিল্পপতি ও বিশিষ্ট টি প্লান্টার জনাব মহিউস সুন্নাহ চৌধুরী এর জামাতা ও ভাতিজা । মহিউস সুন্নাহ চৌধুরী সাহেবে সিলেট অঞ্চলে সুন্নত চৌধুরী নামে পরিচিত ছিলেন । তিনি ছিলেন এসপি মোস্তানশিরুর রহমান এর চাচাতো ভাই ।

এখন মূল প্রসঙ্গ শওকত আলমের মৃত্যুকালীন সময়ে তার পুলিশ পিতার দোয়া আদায়ের ভাব ও ভাষাটুকু তুলে ধরছি ।দোয়াতে তিনি অশ্রুসিক্ত নয়ন আর ভাব গম্ভীর পরিবেশে বলতে থাকলেন ,হে আল্লাহ তুমি জান পিতার কাধে পুত্রের লাশ কি কঠিন ও মর্মান্তিক ।হে আল্লাহ ,এমনই কঠিন অবস্থায় তোমার দরবারে আমার প্রার্থনা মেহেরবানী করে তুমি আমার ছেলের জিন্দেগীর গোনাহ গুলো মাফ করে দিন ।হে আল্লাহ ,পানির মাছ ডাঙায় উটলেও তার গায়ে যেমন পানির পরশ থেকে যায় তেমনি জীবন ধারণে শত চেষ্টার মধ্যে ও মানুষের গায়ে গোনাহের পরশ থেকে যায় যাবে। পরওয়ারদিগার ,এ অবস্থায় আমার আবেদন কবুল করে আমার ছেলেটার দুনিয়ার জিন্দেগীর গোনাহ খাতা গুলো আপনি মেহেরবানী করে মাফ করে দিন ।

কান্নাজড়িত আওয়াজে এ দোয়া ছিলো আরো দীর্ঘ। কিন্তু উল্লেখিত এই শব্দ বা চাওয়া গুলো এখনো আমার স্মৃতিতে অম্লান। স্মরণে আসলেই ভাবি শোকাহত বাবার এ আদর্শিক অনুভূতি নিয়ে ।

একজন পুলিশ অফিসারের পরহেজগারি জিন্দেগী নিয়ে। আর অন্তরদৃষ্টিতে দেখি আমাদের বর্তমান পুলিশ বাহিনীর কার্যক্রম ও চরিত্রাবলি।

এসপি মোস্তানশিরুর রহমান এর ব্যক্তি সততা এবং সংযম চিত্রের আরেকটি ঘটনা উল্লেখ না করলেই নয়।

একদিন সকাল বেলা উনার বাড়ির ড্রয়িং রুমে বসে আছি উনার ছেলে আমার বন্ধু মাহবুবুল আলম মুন্নার অপেক্ষায়।এক সাথে চা নাস্তা সেরে মুন্না গেছেন পোশাক পরিবর্তন করে রেডি হয়ে আসতে । আমরা আমাদের ব্যবসায়ীক প্রয়োজনে বাহির হবো।এসপি সাহেব বারান্দায় আরাম কেদারায় বসে পত্রিকায় চোখ বুলাচ্ছেন। এমনই সময় কাজের ছেলে এসে উনাকে বলতে লাগলো সাহেব শুনছেন কি তানু ভাই যে আজ আরেকটি দোকান খুলছে ।

এ কথাটি শুনে আদর্শবান পিতার প্রথমেই অনুসন্ধানী জিজ্ঞাসা ,সে আরেকটা ব্যবসা শুরু করার টাকা পেলো কই?

উল্লেখ্য ,তানু হচ্ছে এসপি সাহেবের সব ছোট্ট ছেলে ও বর্তমান আমেরিকা প্রবাসী ।দেশে থাকাকালীন সময়ে লেখা পড়া শেষ করে সে সম্ভবত ভাইদের সহযোগিতায় একটি ছোট্ট ব্যবস্থা শুরু করে ।এদিয়েই তার ব্যাক্তিগত খরচাদির যোগান দিয়ে সামান্য কিছু সঞ্চয় থেকে সে তার বন্ধুদের সাথে অংশদারী যৌথ ব্যবসায় শরীক হয়েছে।

কিন্তু ,আদর্শবান পিতা এখবরে খুশি না হয়ে প্রথমে জানতে চেয়েছেন সে টাকা পেলো কোথায়?দ্বিতীয়বার বল্লেন তার তো একটা দোকান আছে তাইলে আরেকটা কেন ?

এটাই ছিলো আমার জীবনে দেখা একজন সৎও মহত পুলিশ অফিসার এবং আদর্শ পিতার বাস্তব রূপ ।

পুত্রের সফলতায় পিতা অন্ধ অনুরাগী না হয়ে আদর্শের প্রতীক হিসেবে উৎসের সন্ধানে তৎপর হলেন।

এমনই অবস্থা বিবেচনায় নিয়ে আমরা আমাদের বর্তমান সময়ের পুলিশ বাহিনীর অবস্থান নির্ণয় করতে পারি ।আর এতে ভেসে আসবে অসংখ্য ব্যর্থতা, অসততা ও বর্বরতার ছবি । (চলমান)

FREE CONSULTATION!!!
I am a tax specialist directly licensed by the IRS

ENROLLED AGENT
Authorized IRS e-file Provider
IRS To Represent Before the Internal Revenue Service
MIR KASHAM
IRS Enrolled Agent, CMA (INT), BBA (Accounting), Baruch CUNY
TAX - ACCOUNTING - NOTARY PUBLIC
IMPUESTOS - CONTABILIDAD - NOTARIO PÚBLICO
ট্যাক্স–একাউন্টিং–নোটারী
Tax Preparation, Tax Planning
& Solving Tax Problems
Business Tax & Accounting
Sales Tax
Payroll & Bookkeeping Services
Typing Services:
Contract Papers
Resumès, Fax, E-mail, Scan etc.

Moon
Multi Services
701 Church Avenue
Brooklyn, NY11218
Tel: 347-533-9030
Cell: 917-501-5750
Fax: 347-533-6703
Email: mirkasham@aol.com


বাড়ি-ক্রয়-বিক্রয়ের বিশ্বস্ত ও নির্ভরযোগ্য রিয়েলটর

MURSHEDA ZAMAN
Lic. Real Estate Sales Person
171-21 Jamaica Ave., Jamaica 11432
844-464-3262
E-mail: murshedazaman@gmail.com
MLS
যোগাযোগ
Cell: 917-502-6445

কচি কণ্ঠের আসর ইউএসএ'র প্রতিষ্ঠাবার্ষিকীর প্রাক পরিকল্পনা সভা

নিউইয়র্ক: কচি কণ্ঠের আসর ইউএসএ সম্প্রতি সংগঠনটির আসন্ন ৪৯তম প্রতিষ্ঠাবার্ষিকী এবং প্রখ্যাত লেখক ও চলচ্চিত্র নির্মাতা হুমায়ূন আহমেদের ৭৬তম জন্মবার্ষিকী উদযাপনের জন্য একটি প্রাক-পরিকল্পনা সভার আয়োজন করেছে। গত ১৩ নভেম্বর সন্ধ্যা ৬টায় নিউইয়র্কের জ্যামাইকার হিলসাইড এভিনিউস্থ একটি রেস্টুরেন্টে সভাটি অনুষ্ঠিত হয়। কচি কণ্ঠের আসর ইউএসএ'র সভাপতি হেমায়েত হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন সংগঠনের নির্বাহী পরিচালক এম.আই. হাসান ইকবাল। সভায় বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ টেলিভিশনের প্রাক্তন পরিচালক শাহিদা আরবী।

সভায় হেমায়েত হোসেন কচি কণ্ঠের আসরের উদ্দেশ্য এবং আসন্ন ৪৯তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপনের পরিকল্পনা তুলে ধরেন। আগামী ২৭ ডিসেম্বর নিউইয়র্কের ওয়ার্ল্ডস ফেয়ার মেরিনাতে অনুষ্ঠিত হবে এই অনুষ্ঠান। এম.আই. হাসান ইকবাল অতিথিদের আগামী বছরের যুক্তরাষ্ট্র ও বাংলাদেশে উদযাপিতব্য সুবর্ণজয়ন্তী উদযাপন অনুষ্ঠানে অংশগ্রহণ ও সহযোগিতার আহ্বান জানান।


অনুষ্ঠানে ঘোষণা করা হয়, কচি কণ্ঠের আসর এই বছর "চিলড্রেন ভয়েস" নামে একটি নতুন ইউটিউব চ্যানেল চালু করবে, যেখানে বিভিন্ন দেশের শিশুদের অভিজ্ঞতা এবং মতামত তুলে ধরা হবে। এছাড়াও ২০২৫ সালে বাংলাদেশে অনুষ্ঠিতব্য বিশ্ব শিশু সম্মেলনে শিশু অধিকার ও কল্যাণের উপর আলোচনা হবে, যেখানে বিশ্বের ৫০টিরও বেশি দেশ থেকে শিশুদের অংশগ্রহণের সুযোগ থাকবে।

এছাড়াও, বাংলাদেশে সমাজের অবহেলিত শিশুদের জন্য একটি পুনর্বাসন কেন্দ্র স্থাপনের পরিকল্পনা করা হয়, যেখানে তাদের জন্য শিক্ষা, স্বাস্থ্যসেবা এবং সাংস্কৃতিক কার্যক্রমের ব্যবস্থা থাকবে। কচি কণ্ঠের আসর আগামী বছরে পরিবেশ সচেতনতা, সাংস্কৃতিক বিনিময় এবং অটিজমে আক্রান্ত শিশুদের সহায়তায় কর্মসূচির মাধ্যমে একটি উজ্জ্বল ভবিষ্যৎ গঠনের লক্ষ্য নিয়ে কাজ করছে।

-প্রেস বিজ্ঞপ্তি।











Immigrant Elder Home Care LLC

হোম কেয়ার



আপনার পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ী, প্রতিবেশী এবং
বন্ধু বান্ধবদের সেবা দিয়ে অর্থ উপার্জন করুন।

আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

এতে কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।



Call Today:

Dr. Md. Mohaimen
718-457-0813
Fax: 631-282-8386
718-457-0814

Giash Ahmed
Chairman/CEO
917-744-7308

Nusrat Ahmed
President
718-406-5549

Email: giashahmed123@gmail.com
web: immigrantelderhomecare.com

Corporate Office	Jamaica Office	Long Island Office	Bronx Office	Ozone Park Office	Buffalo Office
37-05 74st, 2nd Fl Jackson Heights, NY 11372 917-744-7308, 718-457-0813	87-54 168th Street, 2nd Fl Jamaica, NY 11432 718-406-5549	1 Blacksmith Lane Dix Hill, NY 11731 718-406-5549	2148 Starling Ave. Bronx, NY 10462 718-406-5549	175 B Forbell Street Brooklyn, NY 11208 718-406-5549	859 Fillmore Ave Buffalo, NY 14212 718-406-5549

rivertel
Presents

USBCCI BUSINESS EXPO 2024

SATURDAY
NOVBEMBER 23, 2024
9:00 AM-5:00 PM

NEW YORK LAGUARDIA
AIRPORT MARRIOTT.

SCAN FOR YOUR FREE TICKET

Bridging Markets, Cultivating Opportunities and Uniting Business Communities.

EVENT HIGHLIGHTS

EXHIBITOR: 40+ | PANELS: 5 + | ATTENDEES: 500+

Confirmed Exhibitors

rivertel · NEW YORK STATE Department of Public Service · IRS Department of the Treasury Internal Revenue Service · clover · NEW YORK STATE OF OPPORTUNITY Empire State Development

AT&T · guidance RESIDENTIAL · ADP · Citizens Bank · BHAVLEEN SABHARWAL LAW OFFICE · FLUSHING Bank

INTERLINKED360 · sunman express global money transfer · SJ INNOVATION AI FIRST SOLUTIONS · RECOMM RE FUND · Bright Horizon Solutions · Khalil Group of Industries

SHADHIN TECH · Spensibly · fiserv. · Craftidious · ODIN

ellexo · AHAD&CO CERTIFIED PUBLIC ACCOUNTANTS · accompany capital · Tariq Law PC · USBD GROUP LLC · Citywide Insurance Agency

SPONSORS

PLATINUM
Framework Finance LLC

SPONSORSHIP & EXHIBITOR OPPORTUNITIES AVAILABLE

USBCCIBUSINESSEXPO.COM
INFO@USBCCI.ORG
212-347-6364

MEDIA PARTNER
ঠিকানা · TiME television

Organized by: USBCCI
In association with
In collaboration with: U.S. Chamber of Commerce · BROOKLYN · Queens Chamber of Commerce · BRONX COMMERCE · GCCI
Technology Partner: USBD DIGITAL SOLUTIONS

usbccibusinessexpo · usbccibusinessexpo · usbccibusinessexpo · usbccibusinessexpo



সফলতার ২৮ বছর
The Weekly Bangla Patrika
বাংলা পত্রিকা

বর্ষ ২৯ : সংখ্যা ০৯ : সোমবার, অগ্রহায়ণ ০৩, ১৪৩১ / জমাদিউল আউয়াল ১৫, ১৪৪৬
Vol. 29 Issue 09, November 18, 2024 USA.
Free in NY, Other State $1.

লেখক মাহমুদ রেজা চৌধুরীর পুত্র তানজিরের ইন্তেকাল

শোক সংবাদ



বাংলা পত্রিকা রিপোর্ট: বিশিষ্ট লেখক ও রাজনৈতিক বিশ্লেষক মাহমুদ রেজা চৌধুরী এবং সাবেক ব্যাংকার সুরাইয়া খানমের একমাত্র পুত্র তানজির রেজা চৌধুরীর নামাজে জানাজা শনিবার (১৬ নভেম্বর) বেলা সাড়ে

বাকি অংশ ১৫ পৃষ্ঠায়

সাঈদ তারেকের কলাম



আজ ১৭ই নভেম্বর

হুজুরের মৃত্যু-রহস্য!

১৯৭৬ সালের এই দিনটি আমাদের দেশের রাজনীতির প্রবাদপুরুষ মজলুম জননেতা মাওলানা আব্দুল হামিদ খান ভাসানীর প্রয়াণ দিবস। উনি প্রাণত্যাগ করেন ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায়। এ নিয়ে আমার কিছু স্মৃতি আছে।

আমি তখন দৈনিক কিষানের বার্তা সম্পাদক। অফিস সেগুন বাগিচার এক বিরাট বাড়ীতে। মাত্র দশ দিন আগে কাগজটা সাপ্তাহিক থেকে দৈনিকে গড়িয়েছে। গোছগাছের কাজ তখনও চলছে। ১৭ তারিখ দুপুর থেকেই আমি অফিসে। বিকেল সাড়ে তিন কি চারটার দিকে ঢাকা মেডিকেল থেকে আমাদের প্রতিনিধি ফোন করে

বাকি অংশ ০৯ পৃষ্ঠায়

সেলিম-আলী প্যানেলের বিজয় উল্লাস

বাংলা পত্রিকা রিপোর্ট: বাংলাদেশ সোসাইটির নির্বাচনে পূর্ণ প্যানেলে বিজয়ী 'সেলিম-আলী' প্যানেলের বিজয় উৎসবে মানুষের ঢল নেমেছিলো। সিটির উডসাইডের তিব্বত কমিউনিটি সেন্টারের বিশাল হল রুমে আয়োজিত এই উৎসব অনুষ্ঠানের প্রতিটি আসন পূর্ণ হওয়ার পর বিপুল সংখ্যক মানুষ দাঁড়িয়ে উৎসবে শামিল হয়েছেন। সর্বস্তরের নর-নারী সহ হাজারোধিক প্রবাসী বাংলাদেশী অনুষ্ঠানে যোগ দেন বলে আয়োজকদের দাবী। কমিউনিটির ইতিহাসে এতো বিপুল মানুষের সমাবেশ সমসাময়িক কালের অনুষ্ঠানগুলোর মধ্যে রেকর্ড বলেও কেউ কেউ মন্তব্য করেছেন। 'বক্তৃতা বিমুখ' হাজারো মানুষের প্রতি সম্মান দেখিয়ে অনুষ্ঠানমালার মধ্যে ছিলো সংক্ষিপ্ত শুভেচ্ছা বক্তব্য, নির্বাচতদের ফুল দিয়ে বরণ, মনোজ্ঞ সঙ্গীতানুষ্ঠান আর নৈশ ভোজ।

বাকি অংশ ০০ পৃষ্ঠায়

> কমিউনিটি সেন্টার প্রতিষ্ঠাসহ নির্বাচনী প্রতিশ্রুতি বাস্তবায়নের অঙ্গীকার

> শুভেচ্ছা জানানোর সময় উত্তেজনা ও বাক-বিতন্ডার সৃষ্টি



ব্রুকলিনে বাসায় বাবা-মেয়েকে হত্যায় সন্দেহভাজন গ্রেপ্তার

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কের ব্রুকলিনে একটি বাসায় বাবা-মেয়েকে গলা কেটে হত্যার ঘটনায় সন্দেহভাজন একজনকে গ্রেপ্তার করেছে এনওয়াইপিডি পুলিশ। নিহতরা হলেন রুজভেল্ট সিমন্স (৯১) ও তাঁর মেয়ে জ্যাকুলিন ডেলিয়ন্স (৬৬)। গ্রেপ্তার সন্দেহভাজন ব্যাক্তি লুইস কেরি (৪৬)। নিহত ও গ্রেপ্তার ব্যাক্তি একই ঠিকানার বাসিন্দা।

৭৫ তম প্রিসেন্ট এর পুলিশ জানায়, ১০ নভেম্বর বিকেল সাড়ে ৪টার দিকে ৯১১ এ খবর পেয়ে সাইপ্রেস হিলসের ১৮৬ ওয়ারউইক সেন্টের একটি ডে-কেয়ারের পাশে অবস্থিত একটি দ্বিতল বাড়িতে যায়। ঘরে ঢুকে সিমন্স ও তার

বাকি অংশ ০৭ পৃষ্ঠায়

গণ ডিপোর্টেশনে নথিভুক্ত অভিবাসীদের সুরক্ষার ব্যবস্থা নেয়া হবে

মেয়র এরিক এডামস



গণ ডিপোর্টেশনের প্রস্তাবের ক্ষেত্রে নবনির্বাচিত প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের নীতির বিরুদ্ধে যাবে না নিউইয়র্ক সিটি মেয়র এরিক এডামস। এরিক এডামস শুক্রবার একটি বেসরকারী টেলিভিশনে দেয়া সাক্ষাতকারে গণ ডিপোর্টেশনে উদ্ভুত যে কোনো পরিস্থিতিতে নিউইয়র্ক প্রস্তুত রয়েছে। তবে নথিভুক্ত অভিবাসীদের সুরক্ষার ব্যবস্থা করা হবে বলে জানিয়েছেন ।

এর আগে ১২ নভেম্বর এক সংবাদ সম্মেলনে মেয়র এরিক এডামস সাংবাদিকদের জানান, তিনি গণ-ডিপোর্টেশনের সমর্থক নন। ভগ্ন অভিবাসন ব্যবস্থা ঠিক করা প্রয়োজন সবার আগে। এছাড়াও সীমান্ত নিরাপদের দিকেও প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার তাগিদ দেন তিনি। জানা গেছে যুক্তরাষ্ট্রে বসবাসরত অনথিভুক্ত অভিবাসীদের শুরুর দিন থেকেই, গণডিপোর্টেশনের ঘোষণা দিয়েছে নবনির্বাচিত প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তারপর থেকেই অন্যতম বেশি অভিবাসীর শহর নিউইয়র্কের

বাকি অংশ ০৭ পৃষ্ঠায়

বাসা-বাড়ি ভাড়ার ব্রোকার ফি দিবেন মালিকরা নতুন বিল আসছে

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্ক সিটিতে বাড়ি বা অ্যাপার্টমেন্ট ভাড়া নিতে গেলে ব্রোকার ফি লাগবে না ভাড়াটিয়াদের, এটা পরিশোধ করবেন বাড়ির খোদ মালিক। দীর্ঘদিন ধরেই নিউইয়র্ক সিটির ভাড়াটিয়ারা চড়া ব্রোকার ফির বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে আসছিলেন যা তাদের পরিশোধ করতে হয় যেখানে তারা নিজেরা ব্রোকার ভাড়া করেন না।

এসব বিবেচনায় বুধবার নিউইয়র্ক সিটি কাউন্সিল এ সংক্রান্ত বিলের ওপর ভোট দিতে যাচ্ছেন। স্ট্রিটইজি ডেটা বলছে, ২০২৪ সালে নিউ ইয়র্ক সিটিতে ব্রোকার ফি সহ ভাড়ার গড় অগ্রিম খরচ ১২ হাজার ৯৫১ ডলার।

বার্ষিক ভাড়ার ১৫ শতাংশ পর্যন্ত ফি হওয়ার

বাকি অংশ ০৭ পৃষ্ঠায়

মানসিক ভারসাম্য হারিয়েছেন অনেকেই



বাংলা পত্রিকা ডেস্ক: মানিকগঞ্জের শিবালয় উপজেলার পোখাজী গ্রামের দশম শ্রেণীর শিক্ষার্থী মো. অনিক খান। গত ৫ আগস্ট বাড়ি থেকে পালিয়ে ছাত্র-জনতার অভ্যুত্থানে যোগ দেন তিনি। অনিক ছিলেন পাটুরিয়া ঘাট এলাকায়। সেখানে পুলিশের সঙ্গে আন্দোলনকারীদের ব্যাপক সংঘর্ষ হয়। পুলিশ এলোপাতাড়ি গুলি চালালে অনিকের চোখের সামনে লাশ হন কয়েকজন। এরপর থেকে রাতে ঘুমাতে পারতেন না অনিক। চোখ বন্ধ করলেই তার সামনে ভেসে উঠত লাশের ছবি। আর তখনই চিৎকার করে ঘুম থেকে উঠে যেতেন তিনি। ক্রমেই তার স্বাস্থ্যের অবনতি ঘটতে থাকে। অপরিচিত মানুষ

বাকি অংশ ০৯ পৃষ্ঠায়

যে প্রক্রিয়ায় বাড়ী বিক্রেতা প্রতারিত করতে পারেন

এম কামাল



এমনও হতে পারে বাড়ি বিক্রেতার দৃষ্টিতে সবচেয়ে বাজে রিয়েল এস্টেট এজেন্ট বিক্রয় এজেন্ট হিসেবে সবচেয়ে দক্ষ হতে পারেন- তারা জানেন, আপনার জন্য কিভাবে কাজ করলে সহজেই আপনার বাড়িটি বিক্রি হয়ে যাবে। এ ধরনের রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দেয়া সত্যিই স্মার্ট কাজ। কিন্তু সত্যিকার বাজে এজেন্ট তারাই যারা বাড়ি বিক্রেতাকে অনেক বড় বড় কথা বলবেন, কিন্তু কাজের সময় তারা তাদের কথাকে কাজে (শেষ পাতার পর) পরিণত করতে পারে না। এই ধরনের রিয়েল এস্টেট এজেন্ট সাধারণত সাধারণত যোগাযোগ কম, আশ্বাস প্রদান, বাড়ি

এরপর দেখুন পৃষ্ঠা ॥ ০৭

এক স্লিপ



সালাহউদ্দিন আহমেদ: নিউইয়র্ক তথা উত্তর আমেরিকায় বাংলাদেশী কমিউনিটির সামাজিক সংগঠনের শেষ নেই। দেশের ইউনিয়ন পর্যায় থেকে শুরু করে উপজেলা-জেলার নাম ছাড়াও বিশিষট ব্যক্তিবর্গের নামেও সংগঠন গড়ে উঠেছে। এসব সংগঠনের কার্যকরী পরিষদের সভাপতি ও সাধারণ সম্পাদক পদ ছাড়াও নানান পদ রয়েছে। কোন কোন সংগঠনের এসব পদের সংখ্যা ২০/২৫টি। আবার এসব পদবীধারী সম্পদকদের দায়িত্ব নিয়েও রয়েছে নানা প্রশ্ন। মূলত: দায়িত্ব না থাকলেও দায়িত্বের পদবীর কমতি নেই। গেলো সপ্তাহে একটি সংগঠনের অভিষেক অনুষ্ঠানের প্রেস বিজ্ঞপ্তি পাঠানো হয়েছে। তাতে লক্ষ্যনীয় কমিটিটি ৬১ সদস্যবিশিষ্ট। সভাপতি ও সাধারণ সম্পাদক থেকে শুরু করে সিনিয়র সহ সভাপতি,

বাকি অংশ ০৭ পৃষ্ঠায়

মুনা সেন্টারের ফান্ড রেইজিং

নিউইয়র্ক: মুনা সেন্টার অব জ্যাকসন হাইটস (মসজিদ নামিরাহ) এর বার্ষিক ফান্ড রেইজিং ডিনার ও দোয়া মাহফিল গত ১০ নভেম্বর মসজিদ মিলনায়তনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মুসলিম উম্মাহ অব নর্থ আমেরিকার সাবেক ন্যাশনাল প্রেসিডেন্ট ইমাম দেলোয়ার হোসাইন। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন অব নর্থ আমেরিকা ইনক নিউইয়র্ক চ্যাপ্টারের সভাপতি ডা. আতাউল গণী উসমানী, মুনা নিউইয়র্ক নর্থ জোনের সাধারণ সম্পাদক মাওলানা তোয়াহা আমিন খান এবং বিশিষ্ট সাংবাদিক এমসি টিভি'র সিইও কাজী শামসুল হক।

অনুষ্ঠানে আল্লাহর ঘর মসজিদ মুসলিম সমাজের

বাকি অংশ ১৭ পৃষ্ঠায়

মানিকগঞ্জ সমিতি নর্থ আমেরিকা'র বর্ণাঢ্য অভিষেক

বিশেষ প্রতিনিধি: মানিকগঞ্জ সমিতি নর্থ আমেরিকা ইনক'র নবনির্বাচিত কমিটির বর্ণাঢ্য অভিষেক সম্পন্ন হয়েছে। এ উপলক্ষে কুইন্সের উডসাইডে গুলশান টেরেসে গত ১০ নভেম্বর রোববার রাতে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশিষ্ট

বাকি অংশ ১৭ পৃষ্ঠায়

"৭৫' এর সাতই নভেম্বরের পথ ধরেই জিয়া বিএনপি প্রতিষ্ঠা করেন"

যুক্তরাষ্ট্র বিএনপি'র জাতীয় বিপ্লব ও সংহতি দিবস পালন

বাংলা পত্রিকা রিপোর্ট: বিএনপির স্থায়ী কমিটির অন্যতম সদস্য, সাবেক মন্ত্রী মেজর (অব:) হাফিজ উদ্দিন আহমেদ বীর বিক্রম

বাকি অংশ ০৯ পৃষ্ঠায়







Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd floor), LIC, NY 11101, USA, Tel: 718 482 9923, 718 482 1169Fax: 718 482 9935. Email: banglapatrikausa@gmail.com